

মিনেসোটায় শেষ হলো অভিবাসী দমনাভিযান

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিনেসোটা রাজ্যে অবৈধ অভিবাসী দমনাভিযান শেষ করতে চলেছে প্রেসিডেন্ট ১৬-এর পৃষ্ঠায় দেখুন

"এটা সেই আমেরিকা নয়, যেটিতে আমরা বিশ্বাস করি"

মিনেসোটায় গুলির ঘটনায় ২ নাগরিক নিহতের ঘটনায় সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার

বাংলা পত্রিকা ডেস্ক: "এটা সেই আমেরিকা নয়, যেটিতে আমরা বিশ্বাস করি।" বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। মিনেসোটায় ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর অভিযানের সময় গুলিতে রেনি গুড ও অ্যালেক্স ৮-এর পৃষ্ঠায় দেখুন



পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 21 / February 16, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ২১ ॥ সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৬, ফাগুন ০৩, ১৪৩২ ॥ শাবান ২৭, ১৪৪৭

নির্বাসন থেকে প্রধানমন্ত্রী



বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশে ১/১১ এর রাজনৈতিক পট পরিবর্তনের পর গ্রেপ্তার ও পরবর্তীতে দেশত্যাগের পর লন্ডনেই দীর্ঘ প্রায় দেড় যুগ স্ত্রী-সন্তান সহ নির্বাসিত জীবন কাটিয়েছেন বিএনপির তৎকালীন ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। ২০২৪ সালের ৫ আগস্ট গণ অভ্যুত্থানে শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের পতন ঘটে। এরপর তারেক রহমান দেশে ফেরার সম্ভাবনা দেখা দিলেও প্রায় ১৫ মাস পর সব শঙ্কা কাটিয়ে তিনি গত বছরের ২৫ ডিসেম্বর দেশে ফিরেন। সদ্য সমাপ্ত ১২ ফেব্রুয়ারির নির্বাচনে ভূমিধ্বস বিজয় অর্জন করে তাঁর নেতৃত্বাধীন বিএনপি। অথচ ২ মাস আগেও তাঁর দেশে ফেরা নিয়ে শঙ্কার বিষয়ে রাজনৈতিক মহলে আলোচনা ছিলো ব্যাপক। দেশে ফেরার পর তাঁর মা সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুর পর এত দ্রুত দলকে সংগঠিত ও নেতৃত্ব দিয়ে নির্বাচনী বৈতরনী পার হতে হয়েছে। আগামী ১৭ ফেব্রুয়ারি নতুন সংসদ সদস্যদের ও নতুন মন্ত্রীসভার শপথ অনুষ্ঠান প্রায় নিশ্চিত। নতুন এ সরকার প্রধানের দায়িত্ব হিসেবে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের মাধ্যমে নতুন অধ্যায় শুরু করতে যাচ্ছেন তারেক রহমান। এছাড়াও প্রায় ৩৫ বছর পর প্রথম কোন পুরুষ প্রধানমন্ত্রী পাচ্ছে বাংলাদেশ। জাতীয় এবং আন্তর্জাতিক গণমাধ্যমে তারেক রহমান ও তার দলের বিজয় এবং তিনি প্রধানমন্ত্রী হচ্ছেন এমন খবর প্রকাশ করে জানিয়েছে' নির্বাসন থেকে ক্ষমতার শীর্ষে তারেক রহমান'।

নির্বাচনের বৈতরণী সাফল্যের সঙ্গে পাড়ি দিয়েছেন তারেক রহমান। কথার পৃষ্ঠে কথা আর যুক্তহীনতার বিপক্ষে যৌক্তিকতা তুলে ধরে মানুষের রায় নিজের পক্ষে নিয়েছেন। হাসিনার তিন টার্মের শাসন, জুলাই আন্দোলনের পরে তৈরি হওয়া নতুন প্রেক্ষাপটে এক নতুন সুযোগ এনে দিয়েছে তারেক রহমানকে। নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে ১৭-এর পৃষ্ঠায় দেখুন

এনওয়াইপিডির গুলিতে আহত বাংলাদেশি বংশোদ্ভুত তরুণ

জাবেজের বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগ

মেয়র মামদানির আপত্তি সত্ত্বেও কুইন্স ডিএর প্রসিকিউশন অব্যাহত



বাংলা পত্রিকা রিপোর্ট: কুইন্সে নিজ বাসায় পুলিশের গুলিতে আহত ২২ বছর বয়সী 'মানসিক অসুস্থ' বাংলাদেশি বংশোদ্ভুত জাবেজ চক্রবর্তীর বিরুদ্ধে এবার প্রথম ডিগ্রির হত্যাচেষ্টাসহ দুটি অভিযোগে অভিযুক্ত করেছে কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নির দপ্তর। নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানী জাবেজের বিরুদ্ধে মামলা না চালানোর আহ্বান জানালেও কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নির দপ্তর প্রসিকিউশন এগিয়ে নিয়েছে।

জাবেজ চক্রবর্তীকে এক গণনায় প্রথম ডিগ্রির অ্যাটেম্পটেড অ্যাসল্ট (হত্যাচেষ্টা) এবং চতুর্থ ডিগ্রির অস্ত্র রাখার অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। আদালত তাকে ৫০ হাজার ডলার নগদ জামিনে আটক রাখার নির্দেশ দিয়েছে। দোষী সাব্যস্ত হলে তার সর্বোচ্চ ১৫ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।

জাবেজের মা তার মানসিক রোগী ছেলের পক্ষে ন্যায়বিচারের দাবি করে বলেন তার ছেলে জাবেজ চক্রবর্তী, যিনি মানসিক অসুস্থ ৮-এর পৃষ্ঠায় দেখুন

গড় ট্যাক্স রিফান্ড ১০.৯% বৃদ্ধি

বাংলা পত্রিকা রিপোর্ট: ২০২৬ সালের কর মৌসুমে প্রাথমিক তথ্য অনুযায়ী গড় ট্যাক্স রিফান্ড ১০.৯ শতাংশ বেড়েছে। এই মৌসুমে গড় ফেরত হয়েছে ২,২৯০ ডলার, যা ২০২৫ সালে একই সময়ে ২,০৬৫ ডলারের কাছাকাছি ছিল। ফেব্রুয়ারি ৬ তারিখ পর্যন্ত মোট ফেরত দেওয়া অর্থ ১৬.৯ বিলিয়ন ডলারের বেশি, যা গত বছরের তুলনায় ১.৯ শতাংশ বৃদ্ধি নির্দেশ করছে। তবে এই পরিসংখ্যান শুধুমাত্র চলতি বছরের রিটার্ন ৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে কোভিডকালীন সহয়াতার

অর্থ আত্মসাত: ৯ বাংলাদেশির দোষ স্বীকার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে কোভিড-১৯ মহামারির সময় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের সহায়তার জন্য বরাদ্দ তহবিল আত্মসাতের অভিযোগে কুইন্সে নয়জন অভিযুক্ত আদালতে দোষ স্বীকার করেছেন। এ ৯ জন বাংলাদেশি-আমেরিকানও বর্তমানে নিউইয়র্কের বাসিন্দা। আদালতের নির্দেশে দোষ স্বীকার করা এ ৯ জন মোট ১০ লাখ ৯১ হাজার ৭২০ ডলার ক্ষতিপূরণ দিতে হবে। এর মধ্যে ইতোমধ্যে ৭ লাখ ৬০ হাজার ডলার নিউইয়র্ক স্টেটকে ফেরত দেওয়া হয়েছে। এমন জালিয়াতির ঘটনা প্রকাশ্যে আসার পর নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটিতে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়েছে।

> ফেরত দিতে হবে ১০ লাখ ডলারের বেশি



কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা কার্টজ এবং নিউইয়র্ক স্টেট ইন্সপেক্টর জেনারেল লুসি ল্যাং শুক্রবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।

এই মামলায় নয়জন অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগের ধরন ভিন্ন। কারও বিরুদ্ধে স্টেট গ্র্যান্ট, কারও বিরুদ্ধে ফেডারেল লোন কর্মসূচি জালিয়াতির অভিযোগও রয়েছে। এমন জালিয়াতির খবর প্রকাশ্যে আসার পর কমিউনিটিতে এদের পরিচিতি ও অর্থ জালিয়াতি নিয়ে ব্যাপক আলোচনা-সমালোচনা চলছে। সূত্র অনুযায়ী, তাদের সম্পর্কে যেসব তথ্য পাওয়া গেছে তা তুলে ধরা হলো: জাকির চৌধুরী (৫৯) বর্তমানে জ্যামাইকার গ্র্যান্ড ৮-এর পৃষ্ঠায় দেখুন

ডিএইচএস'র অচলাবস্থা নিয়ে শঙ্কা

বাংলা পত্রিকা রিপোর্ট : ফেডারেল অভিবাসন কর্মকর্তাদের ওপর তদারকি জোরদারের দাবিতে ডেমোক্র্যাটদের সঙ্গে হোয়াইট হাউসের বিরোধের জেরে শুরু হওয়া ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির আংশিক শাটডাউন দ্রুত শেষ হওয়ার কোনো ইঙ্গিত মিলছে না। কংগ্রেস ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত বিরতিতে থাকায় সমঝোতার সম্ভাবনা আরও অনিশ্চিত হয়ে উঠেছে।

এই অচলাবস্থার ফলে ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন, ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি, কোস্ট গার্ড, সিক্রেট সার্ভিস, ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট এবং কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশনসহ ৮-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

৬০০ মিলিয়ন ডলার ফেডারেল স্বাস্থ্য তহবিল কাটছাঁট

৪টি স্টেটের মামলা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ৬০০ মিলিয়ন ডলার ফেডারেল স্বাস্থ্য তহবিল কাটছাঁট করায় ডেমোক্র্যাট নেতৃত্বাধীন চারটি স্টেট প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে মামলা করেছে। তাদের অভিযোগ, শত শত মিলিয়ন ডলারের জনস্বাস্থ্য অনুদান বন্ধের সিদ্ধান্ত রাজনৈতিক প্রতিহিংসা থেকে নেওয়া হয়েছে।

যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগ (এইচএইচএস) কংগ্রেসকে জানিয়েছে, ক্যালিফোর্নিয়া, কলোরাডো, ৮-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

রাইজআপ এনওয়াইসির লিডারশিপ সামিট

নিউইয়র্ক: কুইন্সের প্রাণকেন্দ্র উডসাইডের গুলশান টেরেসে রাইজআপ নিউইর্য়ক সিটির ব্যানারে গত ৭ ফেব্রুয়ারি তৃতীয় বার্ষিক লিডারশিপ সামিট অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রার্থীদের এজেন্ডা নিয়ে উন্মুক্ত আলোচনার মধ্য দিয়ে প্রবাসী বাংলাদেশিদের পছন্দের প্রার্থী বাছাইয়ের পথ সুগমের একটি ব্যতিক্রমধর্মী চমৎকার অনুষ্ঠান তৃতীয়বারের মতো আয়োজন করে সংগঠনটি।

তীব্র কনকনে শীতকে উপেক্ষা করে বিকাল সাড়ে ৫টা থেকে কমিউনিটির নেতৃবৃন্দ, নিউইর্য়ক স্টেটের কম্পট্রোলার, সিনেট, অ্যাসেম্বলি, ইউএস কংগ্রেসের বিভিন্ন পদের ১৮ জন প্রার্থীসহ একজন নির্বাচিত কাউন্সিল সদস্য অনুষ্ঠানে অংশ নেন। পাশাপাশি কমিউনিটি নেতা, ব্যবসায়ী ও পেশাজীবীসহ দেড়কষ্টর বেশি আমন্ত্রিত অতিথির উপস্থিতিতে পুরো অনুষ্ঠানটি হয়ে উঠে মুখরিত। ঐক্য, নাগরিক সচেতনতা এবং নিউইর্য়কে বাংলাদেশি-আমেরিকান কমিউনিটির ভবিষ্যত নিয়ে অর্থবহ আলোচনা ও মতবিনিময় ছিল অনুষ্ঠান জুড়ে।

রঙিন আলোয় সুসজ্জিত জমকালো অনুষ্ঠানের শুরুতেই আমেরিকা ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন রাইজআপ এনওয়াইসির প্রতিষ্ঠাতা সভাপতি এনওয়াইপিডির অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কমান্ডিং ডিটেকটিভ শামসুল হক এবং সঞ্চালনার দায়িত্বে ছিলেন কাজী তেজওয়ার (আরভিন)। তারুণ্যদীপ্ত আরভিনের প্রাণবন্ত ও সুচিন্তিত উপস্থাপনা সকলের নজর কেড়ে নেয়।

মূল বক্তব্যে সংগঠনটির প্রতিষ্ঠাতা সভাপতি শামসুল হক বাংলাদেশি কমিউনিটির অগ্রগতি এবং সামনে থাকা চ্যালেঞ্জ- দুটিই তুলে ধরেন। তিনি যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট আব্রাহাম লিংকনের একটি বিখ্যাত উক্তি উল্লেখ করে বলেন, ভবিষ্যৎকে জানার সবচেয়ে ভালো উপায় হলো সেটিকে নিজেই তৈরি করা। তিনি আরো বলেন, নিউইর্য়কে বাংলাদেশিদের সংখ্যা ও নাগরিক অংশগ্রহণ দিনদিন বাড়ছে কিন্তু এখনো কিছু গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ রয়েছে। তন্মধ্যে নির্বাচিত বাংলাদেশি জনপ্রতিনিধির অভাব, সিটির সরকারি উচ্চপদে সীমিত উপস্থিতি এবং পরিবার ও তরুণদের জন্য পর্যাপ্ত কমিউনিটি সেন্টারের অভাব উল্লেখযোগ্য। তাই নিয়মিত নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধি এবং যোগ্য, নতুন নেতৃত্ব গড়ে তোলা এখন সময়ের দাবি।

২০২১ সালে কয়েকজন বাংলাদেশি আমেরিকানদের নিয়ে রাজনৈতিক সংগঠন রাইজআপ এনওয়াইসির প্রতিষ্ঠা করেন শামসুল হক। শুরু থেকেই তার নেতৃত্বে সংগঠনটির এক্সিকিউটিভ বোর্ড এবং স্বেচ্ছাসেবী সদস্যরা নিউইয়র্কের বিভিন্ন স্পটে ভোটার নিবন্ধন, নাগরিক সচেতনতা এবং গণতান্ত্রিক অংশগ্রহণ বাড়াতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কমিউনিটি নেতাদের মতে, ২০২৫ সালের সিটি মেয়র নির্বাচনে বাংলাদেশি-আমেরিকান ভোটারদের রেকর্ডসংখ্যক অংশগ্রহণে এসব যুগোপযোগী ও ব্যতিক্রমধর্মী উদ্যোগ অনন্য ভূমিকা রেখেছে।

যার ফলস্বরুপ বর্তমানে নিউইর্য়ক সিটি মেয়র জোহরান মামদানির প্রশাসনে ট্রান্সজিশন কমিটিতে শামসুল হকসহ ১০ বাংলাদেশি ঠাঁই পেয়েছে। আগামী বছরগুলোতে এই ধরনের জনকল্যাণমূলক কাজ আরো বিস্তৃত পরিসরে করার ১৬-এর পৃষ্ঠায় দেখুন

সবাই এখন বিএনপি!

প্রত্যাশার পেশাদার প্রশাসন কতদূর



বিএম জাহাঙ্গীর : 'আপনি হয়তো জানেন না। এতদিন ভয়ে বলিনি, আমার দাদার ঘনিষ্ঠ বন্ধু ছিলেন বিএনপির ওই নেতা...।' রোববার সচিবালয়ে নিজ দপ্তরে আলাপচারিতার একপর্যায়ে প্রতিবেদকের সঙ্গে এভাবে কথা বলছিলেন একজন যুগ্মসচিব। আরেকজন উপসচিব জানান, 'তার ভাইয়ের স্কুলজীবনের ঘনিষ্ঠ বন্ধু বিএনপির...প্রভাবশালী নেতা। তিনি বিপুল ভোটে এমপিও হয়েছেন। আশা করছি, ভালো মন্ত্রণালয়ের দায়িত্ব পাবেন।' এছাড়া কয়েকদিন আগে একজন উপসচিবের বিষয়ে যুগান্তরের কাছে বিস্তর তথ্য আসে। যেখানে বলা হয়, তিনি আওয়ামী লীগ আমলে বিশেষ সুবিধা নিয়েছেন এবং প্রতিটি কর্মস্থলে ওই কর্মকর্তার বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ ছিল। একটি বিশেষ জেলায় বাড়ি হওয়ায় তিনিই এখন বিএনপিপন্থি জুনিয়র গ্রুপের প্রভাবশালী আমলা বনে গেছেন। প্রায় দুই মাস অফিস না করে পলিটিক্যাল কাজে সময় দিচ্ছেন।

এরপর সবশেষ গত দুদিন ধরে অসংখ্য ফোনকল আসে প্রশাসন ক্যাডারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের কাছ থেকে। প্রায় সবকটি ফোনকল ও মেসেজের সারমর্ম- 'কিছুই তো হলো না...। রেড জোনসহ গুরুত্বপূর্ণ সব পদ সুবিধাবাদী চাটুকাররা বাগিয়ে নিচ্ছে। কিছু একটা লেখেন। ১৭ বছর আমরা কত কষ্টই না করলাম। দফায় দফায় পদোন্নতিবঞ্চিত হলাম...'। ইত্যাদি।

দীর্ঘ ২৭ বছর 'সচিবালয় বিটে' রিপোর্টিং করার কারণে স্বাভাবিকভাবে অবসরে যাওয়া এবং কর্মরতদের অনেকে ব্যক্তিগত সম্পর্কের সুবাদে নানা অভিযোগ, অনুযোগ ও অভিমানের কথা খোলাখুলি বলেন। এছাড়া প্রশাসনের সদর-অন্দরের অনেক কিছুই তো চোখের সামনে দৃশ্যমান। অনেকের ক্ষোভ ও যৌক্তিক প্রত্যাশার অনুরোধে যখন এই মন্তব্য প্রতিবেদন লেখার জন্য মনস্থির করলাম, তখন বিষয়টি নিয়ে সাবেক একজন সচিবের মতামত নিতে ফোনে কল করলাম। যিনি আমার দীর্ঘদিনের পরিচিত এবং আমার মতো অনেকের কাছে খুবই ব্যক্তিত্বসম্পন্ন আমলা। তিনি আমাকে শুরুতে বললেন, 'আমার বক্তব্য তো আপনি প্রকাশ করতে পারবেন না। আমি যা বলব, তার সব লিখতেও পারবেন না। বুঝেছি, বক্তব্য নিতে চান পত্রিকার ক্রেডিবিলিটির জন্য।' এরপর কোনো বিরতি ছাড়াই আরেকটি মন্তব্য করে বললেন, 'আগে আপনাদের সাংবাদিকদের পেশাদার হতে হবে। আজকাল সাংবাদিকদের অনেকে বেশি দলবাজ। এজন্য প্রশাসনের দলবাজি ঠিক হচ্ছে না।' এরপর তিনি অনুযোগ-অভিমান একপাশে রেখে ছোট ভাই সম্বোধন করে বললেন, 'পেশাদার প্রশাসন গড়ে তুলতে হলে সবার আগে প্রয়োজন পলিটিক্যাল উইল বা রাজনৈতিক সদিচ্ছা। যদি কোনোদিন কোনো সরকারপ্রধান বা রাষ্ট্রনায়ক এ ব্যাপারে সুদৃঢ় ইচ্ছা পোষণ করেন, তাহলে এ কাজটি করা খুব কঠিন কিছু নয়। একেবারে সহজ। নিয়োগ, পদায়ন ও পদোন্নতি-এ তিনটি ব্যাপারে যদি সত্যিকারার্থে ক্ষমতাসীন দল 'আমার লোক' সন্ধান না করে এবং মেধা, দক্ষতা ও সততার ভিত্তিতে সিদ্ধান্ত নেয়; তাহলে প্রশাসন ঠিক করতে লাগবে সর্বোচ্চ তিন মাস। এখন তো বিএনপি ক্ষমতায় আসবে। তারেক রহমান প্রধানমন্ত্রী হবেন। তিনি চাইলে এটি করতে পারবেন। তিনি ব্যর্থ হবেন কিংবা পারবেন না, তা আমি এখন বলছি না। এটি দেখার বিষয়। তবে শুরুটা দেখলেই বোঝা যাবে। তিনি প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেওয়ার পর তার আশপাশে কারা নিয়োগ পান, সেটি মূল্যায়ন করলে অনেক কিছু আগেই আন্দাজ করা যাবে।'

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেবেন মঙ্গলবার। এজন্য নির্বাচনের পর রোববার সচিবালয়ে ছিল অন্যরকম এক পরিবেশ। যারা আমার মতো নিজ চোখে দেখেছেন, তারা বাস্তবতা ঠিকই আঁচ করতে পেরেছেন। বেশির ভাগ কর্মকর্তা-কর্মচারীর ভাবখানা এমন-তিনি যেন অনেক আগে থেকে বিএনপি করে আসছেন। এই দল তার বাপ-দাদারা করেছেন। এ দলটির সঙ্গে রয়েছে তার পারিবারিক ও আত্মিক সম্পর্ক। ১৮-এর পৃষ্ঠায় দেখুন

ইসির ফলাফল প্রকাশ

সংসদ নির্বাচনে ভোটের হার ৫৯.৪৪, গণভোটে ৬০.৮৪

বিশেষ প্রতিনিধি : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি এককভাবেই ২১১টি আসনে জয় পেয়েছে। এর মিত্র তিন দল তিনটি আসনে জয়ী হয়েছে। সব মিলিয়ে সংসদের ৩০০ আসনের মধ্যে বিএনপি ও মিত্ররা ২১৪টিতে নির্বাচিত হয়েছেন। অপরদিকে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন জোট ৭৭টি আসনে সংসদ-সদস্য নির্বাচিত হয়েছেন। এর মধ্যে জামায়াতে ইসলামী এককভাবে ৬৮টিতে এবং জাতীয় নাগরিক পার্টি-এনসিপি ৬টিতে জয় পেয়েছে। স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন সাতটি আসনে। এ নির্বাচনে জাতীয় পার্টি একটি আসনেও জিততে পারেনি। শুক্রবার নির্বাচন কমিশন (ইসি) প্রকাশিত ফলাফলে এসব তথ্য জানা গেছে।

ইসি জানিয়েছে, সংসদ নির্বাচনে ৫৯ দশমিক ৪৪ শতাংশ ভোট পড়েছে। এছাড়া অনেক প্রার্থী অল্প ভোটের ব্যবধানে জয়ী বা পরাজিত হয়েছেন। এদিকে জুলাই সনদের সংবিধান সংস্কারসংক্রান্ত ৪৮ দফা বাস্তবায়নে 'হ্যাঁ' ভোট জয়ী হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদের সঙ্গে অনুষ্ঠিত চতুর্থ গণভোটে অংশ নিয়েছেন ৭ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ২৩ জন। অর্থাৎ ভোটের হার ৬০ দশমিক ৮৪ শতাংশ। এরমধ্যে 'হ্যাঁ' ভোটের পক্ষে রায় দিয়েছেন ৪ কোটি ৮২ লাখ ৬৬০ জন। আর সংস্কার বাস্তবায়নে অসম্মতি জানিয়েছেন ২ কোটি ২০ লাখ ৭১ হাজার ৭২৬ জন। একই দিন গণভোট ও জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণ হলেও দুটি নির্বাচনে ভোট পড়ার হারে দশমিক ৮২ শতাংশ পার্থক্য দেখা যাচ্ছে। গণভোট ও সংসদ নির্বাচনে মোট ১২ কোটি ৭৭ লাখের বেশি ভোটার ছিলেন।

বৃহস্পতিবার দেশের ২৯৯টি আসনে জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হয়। কিছু এলাকায় প্রার্থীদের নানা অভিযোগ আর বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটলেও বড় ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই ভোটগ্রহণ শেষ হয়। শুক্রবার বিকালে ইসি ওই দুই নির্বাচনের ফলাফল প্রকাশ করে। এ নির্বাচনে ৬০টি নিবন্ধিত রাজনৈতিক দলের মধ্যে ৫০টি অংশ নিয়েছে। দলীয় কার্যক্রম স্থগিত থাকায় আওয়ামী লীগ এ নির্বাচনে অংশ নেয়নি। বাংলাদেশে এবারই প্রথমবার সংসদ নির্বাচনের দিনে একই সঙ্গে গণভোট অনুষ্ঠিত হয়েছে এবং এবারই প্রথম বাংলাদেশে পোস্টাল ভোটও নেওয়া হয়।

ভোটগ্রহণ শেষ হওয়ার পর বৃহস্পতিবার রাত থেকে ফলাফল ঘোষণা শুরু করে ইসি। নির্বাচন কমিশন প্রাঙ্গণে স্থাপিত ফলাফল প্রকাশ কেন্দ্রে রাজনৈতিক দলের নেতা, সাংবাদিক ও পর্যবেক্ষকদের উপস্থিতিতে বৃহস্পতিবার সারা রাত এবং শুক্রবার দুপুর পর্যন্ত ফল প্রকাশ করা হয়। সেখানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খানসহ দলের কয়েকজন নেতা উপস্থিত ছিলেন।

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, এই নির্বাচনের ফলে জাতি হিসাবে বিশ্বে মান, সম্মান ও ভাবমূর্তি বাড়বে। এর ফলে দেশে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়বে। অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত হবে। আমরা জনগণ ও সরকারের কাছে কৃতজ্ঞ। তিনি বলেন, আমাদের নির্মোহভাবে আইন প্রয়োগ করে নিরপেক্ষভাবে নির্বাচন করার অঙ্গীকার ছিল। সরকারের সহযোগিতায় সবার অংশগ্রহণে সেটি সম্ভব হয়েছে। দেশবাসী ঈদ উৎসবের মতোই ভোট দিয়েছে। জাতি হিসাবে আমরা চূড়ান্তভাবে বিজয় অর্জন করেছি।

নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ গণভোট ও সংসদ নির্বাচনের ফলাফলের সারসংক্ষেপ প্রকাশ করেন। তিনি জানান, ঘোষিত ২৯৭ আসনের মধ্যে বিএনপি ও তার মিত্ররা পেয়েছে ২১৪ আসন। বাংলাদেশ জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১-দলীয় নির্বাচনী ঐক্য পেয়েছে ৭৭ আসন, ইসলামী আন্দোলন বাংলাদেশ ১টি আর স্বতন্ত্ররা পেয়েছেন ৭টি আসন।



বিএনপি একক দল হিসাবে ২১১টি আসন, জামায়াতে ইসলামী ৬৮টি, জাতীয় নাগরিক পার্টি ৬টি, বাংলাদেশ খেলাফত মজলিস ২টি, খেলাফত মজলিস ১টি, বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি ১টি, গণসংহতি আন্দোলন ১টি এবং গণঅধিকার পরিষদ পেয়েছে ১টি। আর স্বতন্ত্ররা পেয়েছেন সাতটি আসন। চট্টগ্রাম-২ ও ৪ আসনে বিএনপির প্রার্থীরা জয়ী হলেও তাদের গেজেট প্রকাশে আদালতে নিষেধাজ্ঞা রয়েছে। এর আগে একজন প্রার্থী মারা যাওয়ায় শেরপুর-৩ আসনের নির্বাচন স্থগিত হয়। এর ফলে ইসি ২৯৭টি আসনের গেজেট প্রকাশ করতে যাচ্ছে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনয়নে বেশ কয়েকটি দলের নেতারা প্রার্থী হন। তাদের মধ্যে ববি হাজ্জাজসহ একাধিক প্রার্থী জয়ী হয়েছেন। এ নির্বাচনে ধানের শীষ প্রতীক নিয়ে দলটি ২৯১ জনকে মনোনয়ন দিয়েছিল। এর মধ্যে ২১১ জন জয় পেয়েছেন। অপরদিকে নির্বাচনকে কেন্দ্র করে জামায়াতে ইসলামীর নেতৃত্বে ১১টি দল জোট গঠন করে। দাঁড়িপাল্লা প্রতীক নিয়ে জামায়াতের ২২৮ জন প্রার্থীর মধ্যে ৬৮ জন জয়ী হয়েছেন। জোটের শরিকদের মধ্যে এনসিপির ৩২ জন নির্বাচন করলেও জিতেছেন ছয়জন। এবি পার্টির ৩০ জন প্রতিদ্বন্দ্বিতা করলেও কেউ জিততে পারেননি। বাংলাদেশ খেলাফত মজলিসের ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে দুজন জয়ী হয়েছেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের ২৫৮ জন প্রার্থী থাকলেও তাদের মাত্র একজন জয় পেয়েছেন। জাতীয় পার্টির ২০০ জন প্রার্থী নির্বাচনি মাঠে থেকেও কেউই জয় পাননি।

অল্প ভোটের ব্যবধানে জয়-পরাজয় : ফলাফল বিশ্লেষণে দেখা যায়, অল্প ভোটের ব্যবধানে বেশ কয়েকজন প্রার্থীর জয় বা পরাজয় নির্ধারিত হয়েছে। নির্বাচন বিশ্লেষকদের মতে, নির্বাচন প্রতিযোগিতামূলক হওয়ায় এ চিত্র দেখা যাচ্ছে। বিগত নির্বাচনগুলোয় কারা জয়ী হবেন, তা আগ থেকেই অনেকটা আঁচ করা যেত। এবার তা দেখা যায়নি।

ফলাফলে দেখা যায়, ঢাকা-৪ আসনে প্রায় ৩ হাজার ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন জামায়াতে ইসলামীর নেতা সৈয়দ জয়নুল আবেদীন। তিনি দাঁড়িপাল্লা প্রতীক নিয়ে মোট ৭৭ হাজার ৩৬৭ ভোট পেয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির প্রার্থী তানভীর আহমেদ পেয়েছেন ৭৪ হাজার ৪৪৭ ভোট।

ঢাকা-৮ আসনে বিএনপির প্রার্থী মির্জা আব্বাস উদ্দিন আহমেদ ১১ দলীয় নির্বাচনি ঐক্যের মোহাম্মদ নাসীরুদ্দীন পাটওয়ারীর চেয়ে ৫ হাজার ২৩৯ ভোট বেশি পেয়ে জয়ী হয়েছেন। ঢাকা-১০ আসনে জয়ী হয়েছেন বিএনপি প্রার্থী শেখ রবিউল আলম। তিনি নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াত প্রার্থী মো. জসীম উদ্দীন সরকারের তুলনায় ৩ হাজার ৩০০ ভোট বেশি পেয়েছেন। নির্বাচনে শেখ রবিউল আলম ৮০ হাজার ৪৩৬ ভোট পেয়েছেন। আর জসীম উদ্দীন পেয়েছেন ৭৭ হাজার ১৩৬ ভোট।

ঢাকা-১১ আসনের ফলাফলে ২ হাজার ভোটের ব্যবধানে বেসরকারিভাবে বিজয়ী হয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রার্থী নাহিদ ইসলাম। এ আসন থেকে শাপলা কলি প্রতীকে তিনি ৯৩ হাজার ৮৭২ ভোট পেয়েছেন। নাহিদ ইসলামের নিকটতম বিএনপি প্রার্থী এমএ কাইয়ুম ৯১ হাজার ৮৩৩ ভোট পেয়েছেন। অর্থাৎ নাহিদ ইসলাম কাইয়ুমের চেয়ে ২ হাজার ৩৯ ভোট বেশি পেয়েছেন।

ঢাকা-১৩ আসনে বিজয়ী বিএনপির প্রার্থী ববি হাজ্জাজ পেয়েছেন ৮৮ হাজার ৩৮৭ ভোট। তার প্রতিদ্বন্দ্বী ১১-দলীয় জোটের প্রার্থী মামুনুল হকের চেয়ে ২ হাজার ৩২০ ভোট বেশি পেয়েছেন তিনি। অন্যদিকে মামুনুল হক পেয়েছেন ৮৬ হাজার ৬৭ ভোট।

ঢাকা-১৬ আসনের ভোটে বেসরকারি ফলে জয়ী হয়েছেন জামায়াতে ইসলামীর প্রার্থী মো. আব্দুল বাতেন। তিনি বিএনপির মো. আমিনুল হকের চেয়ে ৩ হাজার ৩৬১ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন। নির্বাচনে আব্দুল বাতেন মোট ৮৮ হাজার ৮২৮ ভোট পেয়েছেন। আর আমিনুল হক পেয়েছেন ৮৫ হাজার ৪৬৭ ভোট।



টাকা খরচ না করে আর্থিক সাহায্য।

ঋণ পরিশোধ, ব্যয়ের পরিকল্পনা তৈরি বা সঞ্চয় করার জন্য আমাদের পেশাদার আর্থিক পরামর্শদাতাদের কাছ থেকে **বিনামূল্যে, গোপনীয় এবং ব্যক্তিগত** পরামর্শ নিন।

আরও জানুন: 311 | nyc.gov/TalkMoney

NYC Consumer and Worker Protection — Delivering for you. Every day. Everywhere.

Financial Empowerment Center

২০০৮ সাল থেকে নিউ ইয়র্কবাসীদের তাদের অর্থ আরও ভালভাবে ব্যবহারে সহায়তা করে আসছে।

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

প্রতিশ্রুতির সাংবিধানিক অভিযাত্রা

শাসন কাঠামোয় পরিবর্তনের পালা

গণভোটে বিপুল ব্যবধানে 'হ্যাঁ'-এর জয় দেশের রাজনৈতিক ইতিহাসে এক যুগান্তকারী পরিবর্তনের সূচনা করেছে। বিপুল জনসমর্থন নিয়ে 'জুলাই সনদ' অনুমোদিত হওয়ায় শাসন কাঠামোয় বড় পরিবর্তনের যে অঙ্গীকার করা হয়েছিল, স্বাভাবিকভাবেই তা এখন সাংবিধানিক ভিত্তি পেতে যাচ্ছে। প্রস্তাবিত এই পরিবর্তনের সবচেয়ে ইতিবাচক দিক হলো, ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং ভারসাম্য প্রতিষ্ঠা। বাংলাদেশের সংসদীয় ইতিহাসে প্রথমবারের মতো দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা প্রবর্তন এবং উচ্চকক্ষে আনুপাতিক প্রতিনিধিত্বের ব্যবস্থা রাষ্ট্রপরিচালনায় বিশেষজ্ঞ ও বিভিন্ন পেশাজীবীর অংশগ্রহণের পথ প্রশস্ত করবে। ওদিকে সংসদ-সদস্যপদ হারানো বা ৭০ অনুচ্ছেদের কঠোরতা শিথিল করার মাধ্যমে সংসদ-সদস্যদের বিবেকের স্বাধীনতা নিশ্চিত করার উদ্যোগটি প্রশংসনীয়। বলা বাহুল্য, এটি আইনসভাকে 'রাবার স্ট্যাম্প' হওয়ার অভিশাপ থেকে মুক্তি দেবে। এছাড়া বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নিয়োগের বিধান সংসদীয় গণতন্ত্রকে প্রকৃত অর্থেই প্রাণবন্ত করবে।

নির্বাহী বিভাগের একচ্ছত্র ক্ষমতা হ্রাসে প্রধানমন্ত্রীর মেয়াদের সীমাবদ্ধতা এবং জরুরি অবস্থা জারির ক্ষেত্রে মন্ত্রিসভা ও বিরোধী দলের সম্মতির প্রয়োজনীয়তা একনায়কতন্ত্র রোধে যে রক্ষাকবচ হিসাবে কাজ করবে, তা বলাই বাহুল্য। এছাড়া সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোতে নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছ কমিটি গঠন এবং বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করতে সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলকে শক্তিশালী করার প্রস্তাবগুলো রাষ্ট্রের মেরুদণ্ড পুনর্গঠনে সহায়ক হবে। মৌলিক অধিকারে ইন্টারনেট ও তথ্য সুরক্ষার অন্তর্ভুক্তি এবং জাতীয় পরিচয় হিসাবে 'বাংলাদেশি' পরিচয় গ্রহণ করার সিদ্ধান্তগুলো বাস্তবসম্মত ও সময়োপযোগী। নতুন এই সাংবিধানিক কাঠামোতে জাতীয় জীবনের সর্বস্তরে নারীর সমঅধিকার নিশ্চিতের পাশাপাশি বিশেষায়িত উচ্চকক্ষে নারীর কার্যকর প্রতিনিধিত্বকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। একইসঙ্গে একটি আধুনিক ও দুর্নীতিমুক্ত অর্থনৈতিক কাঠামো গড়তে বাণিজ্যিক প্রতিষ্ঠানের স্বচ্ছতা এবং বিনিয়োগ নীতিতে পরিবর্তনের অঙ্গীকার করা হয়েছে, যা ইতিবাচক।

তবে মুদ্রার উলটো পিঠও আমাদের বিবেচনায় রাখা প্রয়োজন। তত্ত্বাবধায়ক সরকার গঠনে যে জটিল ও দীর্ঘ প্রক্রিয়ার বর্ণনা দেওয়া হয়েছে, তা রাজনৈতিক সংকটকালে কতটুকু দ্রুত ও কার্যকরভাবে কাজ করবে, তা নিয়ে সংশয়ের অবকাশ থাকে। রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য না হলে প্রধান উপদেষ্টা নিয়োগের পদ্ধতিটি দীর্ঘসূত্রতার জন্ম দিতে পারে। আবার দ্বি-কক্ষীয় সংসদে উচ্চকক্ষ ও নিম্নকক্ষের মধ্যে ক্ষমতার সংঘাত বা সিদ্ধান্ত গ্রহণে অচলাবস্থার ঝুঁকি রয়েছে। অবশ্য রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য থাকলেও সেটাকে গণতান্ত্রিক প্রক্রিয়ার অংশ হিসাবেই দেখা উচিত, কারণ বহুমতের ভিত্তিতে সমাধান খোঁজা দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা নিশ্চিত করবে। সেক্ষেত্রে উচ্চকক্ষ ও নিম্নকক্ষের মধ্যে ক্ষমতার দ্বন্দ্ব কিংবা সিদ্ধান্ত গ্রহণে অচলাবস্থা তৈরির ঝুঁকি নিরসনে প্রয়োজন হবে সুনির্দিষ্ট আইনি কাঠামোর।

আমরা মনে করি, এই গণভোট জনগণের আস্থার প্রতিফলন এবং রাষ্ট্র সংস্কারের একটি যুগান্তকারী পদক্ষেপ। তবে কাগজের এই সংস্কার তখনই সফল হবে, যখন এর প্রয়োগে রাজনৈতিক দলগুলো সততা ও সহনশীলতার পরিচয় দেবে। মনে রাখতে হবে, 'হ্যাঁ'-কে জয়ী করার মধ্য দিয়ে দেশের মানুষ সংস্কারের প্রতি যে আস্থা প্রকাশ করেছে, তার মর্যাদা রক্ষায় রাষ্ট্র ও রাজনৈতিক দলগুলোর দায়বদ্ধতা এখন আগের চেয়ে বহুগুণ বেশি। সার্বিকভাবে একটি বৈষম্যহীন, সমতাভিত্তিক ও মানবিক মর্যাদার বাংলাদেশ বিনির্মাণে এই সাংবিধানিক পরিবর্তন মূল ভিত্তি হিসাবে কাজ করবে, এটাই প্রত্যাশা।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর

বান্ধবহীন গৃহের বিছানায় এলিয়ে দেই। ঘুম যখন ভাঙ্গে তখন গোটা পৃথিবী জনকলরবে জাগ্রত। জীবন ব্যস্ত। মানুষ ছুটছে। কেবলসই ছুটছে। কেন? শুধু ডলার। ডলার। বেঁচে থাকার জন্যে বড় প্রয়োজন। নিজের হাতে রান্না করি। একদিন লবণ বেশি, আরেকদিন ঝাল কম। আধা সেদ্ধ চালের ভাত খেতে খেতে বাড়িতে মায়ের হাতের খাবারের স্বাদ ভুলতে বসেছি।' টানা কথাগুলো বলে ছেদ টানলেন। আমি মর্মবেদনায় আনসারীর দিকে নিষ্পলক তাকিয়ে থাকলাম। ঢাকায় আমার এই সহকর্মী কি প্রাণবন্ত ছিলেন। রাজনৈতিক আলোচনার টেবিলে উচ্ছ্বসিত আনসারী আমার সামনে বসা। এ জীবনে কোন স্বপ্ন নেই, সৃষ্টি নেই, সমাজের জন্যে কোন দায় নেই। শুধু নিজের জন্যে যুদ্ধ করে যাওয়া। আনসারী বিদায় নেয়ার আগে আমরা দু'জন উঠে দাঁড়িয়ে আলিঙ্গন করলাম। আমি তাঁর বুকের স্পন্দন আর উষ্ণতা স্পষ্টতই উপলব্ধি করলাম। আমার দু'চোখ ভিজে এল। কণ্ঠ বাষ্পরুদ্ধ। বললাম, 'আনসারী আমরা একটি উন্নয়নশীল দেশের নাগরিক। আমাদের সংগ্রাম জীবনের জন্যে সাথী হয়ে আছে। দুটো কড়ির জন্যে মানুষ এভাবে দেউলিয়া হয়ে যাক সে কষ্ট আমার কিছুতেই সয় না।' আনসারী নিরুত্তর থাকলেন। আমার হাতে ১০০ ডলারের একটা নোট গুঁজে দিয়ে বললেন, 'কাদির ভাই দেখতে ভাল লাগছে না, খুব ভাল হতো আপনাকে নিয়ে একদিন কোথাও গিয়ে দুপুরের বা রাতের খাবার খেয়ে একটি বিপণি বিতানে নিয়ে গিয়ে আপনাকে যদি কিছু আপনার পছন্দের উপহার কিনে দিতে পারতাম।' আমি বললাম, 'আনসারী আমি কিছুতেই এই টাকা গ্রহণ করতে পারব না। এই ডলারের প্রতি অংশে আপনার ক্লেদ, কষ্ট, ঘাম, ঘুমহীন রাত, রাতের শ্রম, ক্লান্তি জড়িয়ে আছে।' আনসারী বললেন, 'কেন ওভাবে চিন্তা করছেন। এভাবে চিন্তা করা যায় না, আপনার প্রতি, আমার এক বড় ভাইয়ের প্রতি গভীর ভালবাসা আর মমতার অনুভূতি এই ডলারে জড়িয়ে আছে প্রতীক হিসেবে।' আমি নিরুত্তর থেকে ডলার গ্রহণ করলাম।

আমার সঙ্গে এসে দেখা করলেন *বিচিত্রায়* এক সময়কার আমার দুরন্ত সহকর্মী মিনার মাহমুদ। কি এক টগবগে যুবক। যাঁর প্রতি মাসে *বিচিত্রায়* একটি প্রচ্ছদ প্রতিবেদন ছাপা হত। সেই সব শক্তি এদেশে এসে নিঃশেষ হয়ে যাচ্ছে। এক হোটেলের সুইমিং পুলে 'জীবন রক্ষক' হিসেবে দায়িত্ব পালন করছেন। কেউ পুকুরে ডুবে যাওয়ার উপক্রম হলে ঝাঁপিয়ে পড়ে তাঁর জীবন ফিরিয়ে দেয়ার দায়িত্ব।

একদিন আমাকে নিয়ে যাওয়ার জন্যে এক বাঙালি ধনাঢ্য ব্যবসায়ী এলেন। বাড়ি তাঁর সিলেটের হবিগঞ্জে। আমি দৈনিক *মানবজমিনের* সাংবাদিক এটিই ছিল তার আগ্রহের কারণ। বললেন, আমাদের প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরী তাঁর অনেক প্রিয় ব্যক্তিত্ব। এদেশে তাঁকে কখনো আতিথেয়তার সুযোগ পাবেন কিনা নিশ্চয়তা নেই। তাই তাঁর কাগজের এক সাংবাদিককে এই আপ্যায়ন করে দুধের স্বাদ ঘোলে মেটাতে চান। আমি তাঁর ইচ্ছাকে সম্মান করে সম্মত হলাম। তিনি তাঁর বিলাসী জিপে করে নিজেই গাড়ি চালিয়ে তাঁর ব্যক্তিগত অফিসে নিয়ে গেলেন। তার সিংহাসনবিশিষ্ট আসনে আমাকে এক রকম জোর করে বসালেন। বললেন, 'আমি একটা সাপ্তাহিক কাগজ বের করতে চাই। এজন্যে আমার একজন ভাল সম্পাদক দরকার। আপনি দৈনিক *মানবজমিনের* অর্থনীতিবিষয়ক সম্পাদক। এই কাজটি আপনি পারবেন। আমার অর্থ-বিত্ত সবই হয়েছে। এই একটি মাত্র আমার স্বপ্ন। এই দেশে যাতে আপনি স্থায়ী হতে পারেন আমি সে ব্যবস্থা করে দিতে পারবো। আমরা সবাই অর্থাৎ আমার পরিবারের সকলেই এ দেশের নাগরিক। আর আপনার স্থায়ী কিছু হলে আপনি আপনার পরিবারের সকলকে এদেশে আনতে পারবেন। এই দেশের শিক্ষায় আপনার সন্তানরা শিক্ষিত হবে।' তাঁর এই প্রস্তাব দৃশ্যত লোভনীয় বলে মনে হলেও আমার ভেতরে কোন সাড়া পাচ্ছিলাম না। বললাম, 'ভাই আমি আপনার এই প্রস্তাবে নিজেকে সম্মানিত বোধ করছি। কিন্তু আমি সংবাদপত্রের জন্য একটা অত্যন্ত মর্যাদাশীল সফর ব্যবস্থায় এদেশে এসেছি – যেটা ইন্টারন্যাশনাল ভিজিটরস প্রোগ্রাম নামে পরিচিত। এখন আমি যদি এভাবে এদেশে থেকে যাই তবে সেটি হবে একটি অন্যায্য সিদ্ধান্ত। আগামীতে মার্কিন সরকার এই কর্মসূচির আওতায় কাউকে এদেশে পাঠানোর আগে সাতবার ভাববে। এটা খুব অন্যায় আচরণ হবে আয়োজকদের প্রতি। এই অবিশ্বাসের কাজ আমি করতে পারবো না।' তখন তিনি অন্য প্রস্তাব দিলেন। বললেন, 'তাহলে আপনি স্বাভাবিক নিয়মে বাংলাদেশে ফিরে যান। আমি পরে আপনাকে আনার ব্যবস্থা করব।' আমি কিছু সময় নিরুত্তর থেকে আমার অনীহার কথা প্রকাশ করতেই তিনি আমাকে ভুল বুঝলেন। বললেন, 'আপনাকে প্রতি সপ্তাহে ৪০০ ডলার করে সম্মানি দেব।' কিন্তু এই প্রস্তাব বিনয়ের সঙ্গে ফিরিয়ে দিলে তিনি এই সম্মানির পরিমাণ ৬০০ ডলারে উন্নীত করলেন। আমি বললাম, 'ভাই আমি নিজেকে ধন্য মনে করছি আপনার এই আন্তরিক প্রস্তাবে। কিন্তু আসলে আমি বাংলাদেশ ছেড়ে আসব না। বাংলাদেশে আমি ভাল আছি। তবে আপনি অন্য যে কোন সাংবাদিককে এই প্রস্তাব দিলে হয়তো তাঁরা সম্মত হয়েও যেতে পারেন।' এভাবেই আমার যুক্তরাষ্ট্রের স্থায়ী বাসিন্দা এবং নাগরিক হওয়ার সম্ভাবনা আঁতুড় ঘরেই প্রাণ হারায়।



ঘণ্টাখানেক পর তাহের ভাই এলেন। তবে এ বিষয়ে আর কোন কথা হল না। তাহের ভাই আমাকে নিয়ে কাছেই একটা চায়ের দোকানে গেলেন। বাংলাদেশী মালিকানাধীন চায়ের দোকান। ঢাকার মতো সাথে পান সিগারেট রয়েছে। রয়েছে কলা এবং বিস্কুট। আমি বিস্কুট, চা এবং স্বাদ গ্রহণের জন্যে পান খেলাম। আমাকে তাহের ভাই মূল্য শোধ করতে দিলেন না। এক কাপ চা এক ডলার, কলা একটা এক ডলার এবং এক খিলি পান ৫০ সেন্ট। অর্থাৎ এক ডলারের অর্ধেক। আমি মূল্যের পরিমাণ চিন্তা করে হেসে দিলাম। বললাম, 'আমরা ঢাকায় এক ডলার দিয়ে ৫ ডজন কলা কিনতে পারি।' কারণ তখন প্রতি ডলারের বাজার মূল্য বাংলাদেশী ৬০ টাকা। আর এক কাপ চা দুই টাকা এবং পান এক খিলি আট আনা। অর্থাৎ এক টাকার অর্ধেক। তাহের ভাই বললেন, 'নিউ ইয়র্ক পৃথিবীর অন্যতম ব্যয়বহুল শহর। আর এখানে বাংলাদেশী টাকা টেনে আনা চলবে না। হিসাবটা ডলারেই করতে হবে।' চা পর্ব শেষ করে আমাকে তিনি শহরের বিভিন্ন দর্শনীয় স্থান দেখাতে নিয়ে বের হলেন। একটা দোকানের সামনে ছোট একটা বাইসাইকেল চোরের হাত থেকে রক্ষা পাওয়ার জন্যে তালাবদ্ধ করে শেকল দিয়ে বাঁধা দেখে বিস্মিত হলাম। ইংরেজি ছবিতে কোটি টাকা মূল্যের বিলাসবহুল গাড়ির দরোজা খুলে রেখে নায়ককে চলে যাওয়ার সঙ্গে এই বাস্তবতা খুবই বেমানান। তাহের ভাই বললেন, 'ওটা তো চলচ্চিত্র, আর এটা তো বাস্তবতা। ঐ সাইকেল তালাবদ্ধ করে না রাখলে খোয়া যাবার আশঙ্কা প্রবল।'

রাতে বাসায় ফিরে আমার মধ্যে এক ধরনের অস্বস্তি কাজ করতে থাকল। নিউইয়র্কের মতো এ রকম ব্যয়বহুল শহরে আমরা তিনজন সাংবাদিক প্রায় এক সপ্তাহ ধরে কি নিশ্চিন্তে অতিথি হয়ে আছি। আমি আমার এই অস্বস্তির কথা তাহের ভাইকে বলতেই তিনি মৃদু হেসে দিয়ে বললেন, 'আপনারা এই কয়েকদিন আমাদের আতিথেয়তা গ্রহণ করে আমাদের সম্মানিত করেছেন। আমার বোন খুব তৃপ্তি পাচ্ছেন। কারণ, তিনি পর পর দু'দিন অতিথি ছাড়া আহার গ্রহণের পর অস্থির হয়ে ঘর থেকে বাইরে বেরিয়ে যান। এই পাড়ায় প্রায় সকলেই বাংলাদেশী মুসলিম পরিবার। এদের কাউকে না কাউকে ধরে নিয়ে আসেন আমাদের সঙ্গে আহার গ্রহণের জন্যে। আমার বড় বোন, তাঁর সন্তানরা এবং আমি নিজেও বিশ্বাস করি– যেই আত্মীয় কিংবা বন্ধুবান্ধব আমার বাসায় আসছেন তিনি প্রকৃতঅর্থে আমার খাবার খাচ্ছেন না। এটা তাঁরই রিজিক, শুধু মহান রাব্বুল আলামিন আমাদের মাধ্যমে তাঁর কাছে পৌঁছে দিচ্ছেন। হতে পারে এর জন্যে আমাদের মাঝে মঙ্গল রয়েছে। আলহামদুলিল্লাহ। কেউ কারও মুখের গ্রাস কেড়ে নিচ্ছেন না। যে যাঁর রিজিকের ভাগই খাচ্ছেন। মূলকথা হল আমি ইসলাম ধর্মের বিধান প্রতিপালন করে সৎপথে উপার্জনের মাধ্যমে এই আহারের ব্যবস্থা করছি কিনা সেটাই দেখার বিষয়।'

ঠিক এক মাসের সফরের ইতি টেনে এবার নিজের নীড়ে ফিরে যাওয়ার পালা। তাহের ভাই নিজে গাড়ি চালিয়ে আমাকে বিমানবন্দরে পৌঁছে দিলেন। তাঁর কাছ থেকে বিদায় নিয়ে বিমানবন্দরের জনস্রোতে মিশে গেলাম। বিমানবন্দরের সকল আনুষ্ঠানিকতা শেষ করে এক সময় বিমানে চড়লাম। এক সময় বিমান গর্জন করে আমাদের নিয়ে আকাশ পথে তীব্র গতিতে গন্তব্যস্থলে ছুটল। বিমানভর্তি কত লোক, কিন্তু নিজেকে খুব একা মনে হল। এক অদ্ভুত নির্জনতায় আমি হারিয়ে গেলাম। মনের পর্দায় এক এক করে বেটি মুরের তিন সপ্তাহের ছায়ার মতো ঘিরে থাকার স্মৃতি, মার্কিন পরিবারের আন্তরিকতা, আনুষ্ঠানিকভাবে সম্মানজনক নাগরিকত্ব প্রদান, পাকিস্তানি বংশোদ্ভূত আমেরিকান নাগরিকের বাড়িতে না যাওয়ার সিদ্ধান্তে বেটি মুরের অস্থিরতা, সানফ্রান্সিসকোর বাঙালি হোটেল মালিকের আন্তরিক আতিথেয়তা, নিউইয়র্কে মনোয়ার, মুজাহিদ আনসারী আর মিনার মাহমুদের টিকে থাকার সংগ্রাম, তাহের ভাই আর বোনের অতিথি সম্পর্কে দৃষ্টিভঙ্গি এই সব স্মৃতির পর্দায় ভেসে বেড়াচ্ছিল।

আহলান সাহলান মাহে রামাদান

বিসমিল্লাহির রহমানির রাহিম

খোশ আমদেদ মাহে রামাদান

بسم الله الرحمن الرحيم

In The Name of Allah The Most Merciful Beneficent

Astoria Welfare Society USA Inc (Non Profit)

আগামী ২৩শে ফেব্রুয়ারি ২০২৬ ইং তারিখ রোজ সোমবার সন্ধ্যা ৫.১৫ মিনিটে
এষ্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএস এ ইন্‌ক- উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল এর আয়োজন করা হয়েছে।
উক্ত ইফতার ও দোয়া মাহফিলে আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

স্থান: আল-আমিন জামে মসজিদ ও ইসলামিক সেন্টার
৩৫-১৯, ৩৬ এভিনিউ, এষ্টোরিয়া নিউইয়র্ক ১১১০৬

সভাপতি সোহেল আহমেদ (718) 307-9543

দাওয়াতক্রমে

সাধারন সম্পাদক: মো: জাবেদ উদ্দিন (347) 898-8383

TIME TABLE FOR RAMADAN 1447 A.H. 2026 A.D.

Ramadan	Day	Date	Stop Eating	Fajr	Sunrise	Zuhr	Asr	Ifter/Magrib	Isha
10 DAYS ARE FOR FORGIVENESS									
01	Wed	Feb 18	5:26	5:31	6:46	12:12	3:52	5:36	6:52
02	Thu	Feb 19	5:25	5:30	6:45	12:12	3:53	5:37	6:53
03	Fri	Feb 20	5:24	5:29	6:44	12:12	3:54	5:39	6:55
04	Sat	Feb 21	5:22	5:27	6:42	12:12	3:55	5:40	6:56
05	Sun	Feb 22	5:21	5:26	6:41	12:12	3:56	5:41	6:57
06	Mon	Feb 23	5:19	5:24	6:39	12:11	3:57	5:42	6:58
07	Tue	Feb 24	5:18	5:23	6:38	12:11	3:58	5:43	6:59
08	Wed	Feb 25	5:16	5:21	6:36	12:11	3:59	5:44	7:00
09	Thu	Feb 26	5:15	5:20	6:35	12:11	4:00	5:46	7:02
10	Fri	Feb 27	5:13	5:18	6:33	12:11	4:01	5:47	7:03
10 DAYS ARE FOR FORGIVENESS									
11	Sat	Feb 28	5:12	5:17	6:32	12:11	4:02	5:48	7:05
12	Sun	Mar 01	5:10	5:15	6:30	12:10	4:04	5:50	7:07
13	Mon	Mar 02	5:08	5:13	6:28	12:10	4:05	5:51	7:08
14	Tue	Mar 03	5:06	5:11	6:26	12:10	4:06	5:52	7:10
15	Wed	Mar 04	5:04	5:09	6:25	12:10	4:07	5:54	7:11
16	Thu	Mar 05	5:03	5:08	6:23	12:09	4:08	5:55	7:12
17	Fri	Mar 06	5:01	5:06	6:21	12:09	4:09	5:56	7:13
18	Sat	Mar 07	4:59	5:04	6:19	12:09	4:11	5:57	7:15
19	Sun	Mar 08	5:58	6:03	6:18	1:09	5:11	6:58	8:15
20	Mon	Mar 09	5:54	6:02	7:17	1:08	5:12	6:59	8:17
10 DAYS ARE TO BE FREE FROM HELL FIRE									
21	Tue	Mar 10	5:55	6:00	7:15	1:08	5:13	7:00	8:17
22	Wed	Mar 11	5:53	5:58	7:13	1:08	5:14	7:01	8:18
23	Thu	Mar 12	5:51	5:56	7:11	1:08	5:14	7:02	8:19
24	Fri	Mar 13	5:50	5:55	7:10	1:07	5:15	7:04	8:20
25	Sat	Mar 14	5:48	5:53	7:08	1:07	5:16	7:06	8:22
26	Sun	Mar 15	5:47	5:52	7:07	1:07	5:17	7:06	8:23
27	Mon	Mar 16	5:45	5:50	7:05	1:06	5:18	7:07	8:24
28	Tue	Mar 17	5:43	5:48	7:03	1:06	5:19	7:08	8:25
29	Wed	Mar 18	5:41	5:46	7:02	1:06	5:19	7:09	8:26
30	Thu	Mar 19	5:40	5:45	7:00	1:06	5:20	7:10	8:27

রোজার নিয়ত:

নাওয়াইতু আন আছুমা গাদাম মিন শাহরি রামাদ্বানাল মুবারাকি ফারদ্বাল্লাকা ইয়া আল্লাহু ফাতাকাব্বাল মিন্নী ইন্নাকা আনতাছ ছামিউল আলীম।

NIYAT OF SAUM:

Nawaitu-Un-Assuma Gadam Min Shahri Ya Allah Fatakabbal Minni Innaka Antas Samiul Alim

"When Ramadan begins any person who intends to fast should express to Allah the following :
"O Allah I Intend to keep the fast today in the month of Ramadan."

ইফতারের দোয়া:

আল্লাহুম্মা লাকা ছুমতু ওয়া তাওয়াক্কালতু ওয়া আলা রিজক্বিকা আফতারতু বিরাহ মাতিকা ইয়া আরহামার রাহিমীন।

SUPPLICATION - DU'A:

Allahumma Laka Sumtu Wa Tawakkltu, Wa'alaa Rizkika Aftartu. "O Allah, I have fasted for you.
I believe in you and I make iftar with the rizq (food) provided by you".

SM PRINTING: 929 328 9192

* First day and last day of ramadan depend on moon sighting

ASTORIA WELFARE SOCIETY USA INC.

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইন্‌ক

(Non Profit)

29-11, 36 Ave, Astoria, NY 11106, Tel: (347) 898-8383

email: mjabed1969@gmail.com www.astoriawelfaresoceity.com

সংসদ-সদস্য ও নতুন মন্ত্রিসভার শপথ মঙ্গলবার

বাংলা পত্রিকা রিপোর্ট: বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ পড়ানো হবে আগামী মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি)। সাধারণত বঙ্গভবনে শপথ অনুষ্ঠান হয়ে থাকলেও এবার তেমনটা হচ্ছে না। এবার প্রধানমন্ত্রীসহ নতুন মন্ত্রিপরিষদ সদস্যদের শপথ জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে। তাদের শপথ পড়াবেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। একই দিন সকালে জাতীয় সংসদ ভবনের শপথকক্ষে নবনির্বাচিত সংসদ-সদস্যরা শপথ নেবেন। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন সংসদ-সদস্যদের শপথ পড়াবেন।



এদিকে ৪৫ থেকে ৫০ সদস্যের মন্ত্রিসভা গঠন হচ্ছে বলে ইঙ্গিত পাওয়া গেছে। মন্ত্রিসভার সদস্যদের শপথ উপলক্ষ্যে বঙ্গভবন, মন্ত্রিপরিষদ বিভাগ ও সরকারি পরিবহণ পুল সার্বিক প্রস্তুতি সম্পন্ন করেছে। নতুন মন্ত্রিসভায় যারা স্থান পাচ্ছেন তাদের শপথ নেওয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ফোন করে আমন্ত্রণ জানানো হচ্ছে। নির্বাচিত সব সংসদ-সদস্যের ফোন নম্বর নির্বাচন কমিশন থেকে সংগ্রহ করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। জানা গেছে, নির্বাচিত সংসদ-সদস্যরা বর্তমানে ঢাকায় অবস্থান করছেন। নতুন মন্ত্রীদের জন্য প্রস্তুত করা হয়েছে গাড়ি, বাছাই করা হয়েছে সিকিউরিটি টিম এবং শপথের ফোল্ডার। সার্বিক প্রস্তুতি নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যস্ত সময় পার করছে।

নতুন মন্ত্রিসভার সদস্য, প্রধান বিচারপতি, তিন বাহিনীর প্রধান, বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতা, সিনিয়র সাংবাদিক, শিক্ষক, আইনজীবীসহ সুশীল সমাজের প্রতিনিধি, ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতিনিধি, সরকারের সিনিয়র সচিব ও সচিব, বিদেশি রাষ্ট্রদূত, হাইকমিশনার ও মিশনপ্রধান এবং সিনিয়র সামরিক-বেসামরিক প্রশাসনের কর্মকর্তাদের শপথ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা গেছে, নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠানে প্রায় এক হাজার দেশি-বিদেশি অতিথিকে আমন্ত্রণ জানানো হবে।

এদিকে সংসদ সচিবালয় ইতোমধ্যে শপথের অনুষ্ঠান সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে আয়োজন নিশ্চিত এবং গুরুত্বপূর্ণ রাজনৈতিক মুহূর্তটি সফল করতে যাবতীয় কাজ শেষ করে এনেছে। বিশেষ করে প্রটোকল এবং নিরাপত্তা থেকে শুরু করে অতিথি সেবা ও প্রযুক্তিগত ব্যবস্থা নিশ্চিত করতে সচিবালয়ের বিভিন্ন দপ্তর ও শাখা যৌথভাবে কাজ করছে। ইতোমধ্যে সংসদ ভবনের ভেতরে ও বাইরে পরিচ্ছন্নতা, রক্ষণাবেক্ষণ, প্রয়োজনীয় সংস্কার এবং অবকাঠামোগত প্রস্তুতির কাজ শেষ হয়েছে।

নতুন মন্ত্রিসভার সদস্যদের মধ্যে যারা গাড়ি সহায়তা চাইবেন তাদের গাড়ি সরবরাহ করা হবে। তবে শপথ নিয়ে বঙ্গভবন থেকে বের হওয়ার সময় সিকিউরিটি ফোর্স, ফ্ল্যাগসহ গাড়িতে করে বাসায় ফিরবেন নতুন মন্ত্রিসভার সদস্যরা। মন্ত্রিপরিষদ বিভাগে এখনো নতুন মন্ত্রিসভার সদস্যদের নামের তালিকা আসেনি। তবে যে কোনো সময় এই তালিকা পৌঁছে যেতে পারে বলে জানান সংশ্লিষ্টরা। ইতোমধ্যে ৪৫ থেকে ৫০টি গাড়ি, গাড়ির চালক ও গাড়ির ফ্ল্যাগ প্রস্তুত রাখা হয়েছে। প্রয়োজনে আরও গাড়ি সরবরাহের প্রস্তুতি রয়েছে সরকারি পরিবহণপুলের।

এদিকে শনিবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে এক প্রেস ব্রিফিংয়ে নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথের বিষয়ে এক প্রশ্নে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, নতুন সরকারের শপথ অনুষ্ঠানটি ১৬ অথবা ১৭ ফেব্রুয়ারি হতে পারে। এরপর হবে না এবং হওয়ার কথাও নয়। কারণ ১৮ ফেব্রুয়ারি থেকে পবিত্র মাহে রমজান শুরু হতে পারে।

মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা গেছে, আমন্ত্রিত অতিথিদের কাছে দাওয়াতপত্র পাঠানো কিংবা ফোন করা হচ্ছে। বিদেশি দূতাবাস, মিশনপ্রধানদের দাওয়াতপত্র পাঠানো শুরু হয়েছে। অন্য অতিথিদের কাছে আমন্ত্রণপত্র যথাসময়ে পৌঁছে যাবে। গণমাধ্যমে কর্মরত সম্পাদক ও সিনিয়র সাংবাদিকদের নামের তালিকা প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্ট (পিআইডি) থেকে সংগ্রহ করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। এছাড়া বঙ্গভবনেও একই তালিকা পাঠিয়েছে পিআইডি। সাংবাদিকদের কাছে সময়মতো আমন্ত্রণপত্র পৌঁছে যাবে।

বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হয়। নির্বাচনে ২৯৭ আসনের ফলাফল ঘোষণায় বিএনপি জোট ২১৪ আসন পেয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। অন্যদিকে তাদের একসময়কার মিত্র জামায়াতে ইসলামী জোট ৭৭ আসন পেয়ে বিরোধী দলের আসনে বসতে যাচ্ছে। নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ শুক্রবার রাতে নির্বাচিত ২৯৭ জনের গেজেট প্রকাশ করেছেন। নিয়ম অনুযায়ী সংসদ-সদস্যদের শপথ নেওয়ার মাধ্যমে শুরু হবে নতুন সংসদের যাত্রা। এরপরই দায়িত্ব গ্রহণ করবে নতুন সরকার।

২০২৪ সালের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর আওয়ামী লীগ সরকার গঠন করলে স্পিকার হিসাবে দায়িত্ব নেন ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি মামলার আসামি হয়ে বর্তমানে আত্মগোপনে রয়েছেন। আত্মগোপনে থেকেই তিনি স্পিকার পদ থেকে পদত্যাগ করেন। তার সঙ্গে ডেপুটি স্পিকারের দায়িত্ব নেন অ্যাডভোকেট শামসুল হক টুকু। তিনি একাধিক মামলার আসামি হয়ে বর্তমানে কারাগারে রয়েছেন। ফলে নতুন সংসদ-সদস্যদের কে শপথ পড়াবেন, তা নিয়ে আলোচনা শুরু হয়। এমন প্রেক্ষাপটে নবনির্বাচিত সংসদ-সদস্যদের শপথ পড়ানোর ভার সিইসির ওপর অর্পণ করা হয়।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পুরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক

পবিত্র কোরআন তেলাওয়াত

প্রতিযোগিতার গ্রান্ড ফাইনাল

ইফতার ও দোয়া মাহফিল



২২ ফেব্রুয়ারি ২০২৬, রোববার

GULSHAN TERRACE
59-15 37th Ave
Woodside, NY 11377

ফাইনাল রাউন্ডের প্রতিযোগিতা শুরু হবে ২২ ফেব্রুয়ারী, রোববার, দুপুর ১:৩০ মিনিট থেকে। নির্ধারিত সময়ে ফাইনালে উত্তীর্ণ সকল প্রতিযোগীদের উপস্থিত হওয়ার অনুরোধ জানানো যাচ্ছে।

আসসালামু আলাইকুম
সম্মানিত সুধী, পবিত্র মাহে রমজান উপলক্ষে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক-এর আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে ও মেয়েদের জন্য আয়োজিত কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার এবং দোয়া মাহফিলে সকল জালালাবাদবাসী সহ প্রবাসীদের উপস্থিত হওয়ার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।

উপ-কমিটি

শামীম আহমেদ
আহ্বায়ক
৩৪৭-৬৩৬-৫১৫৩

মোঃ শফিউদ্দিন তালুকদার
প্রধান সমন্বয়কারী
৬৪৬-৩৫৯-৪৮৭৩

মোঃ ফজল খান
সদস্য সচিব
৬৩১-৫০৭-৯৪২১

সদস্যঃ মোহাম্মদ আলীম, হোসেন আহমদ, মান্না মোনতাসির, আব্দুল আজিজ, হুমায়ূন কবির সোহেল

আমন্ত্রণে

বদরুল খান
সভাপতি (৬৪৬)৮২৪-৪৮১৪

রোকন হাকিম
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক (৯১৭) ৩৬২-২৪৪২

মোঃ লোকমান হোসেন (লুকু), *সহ-সভাপতি (সিলেট জেলা)* • শামীম আহমেদ, *সহ-সভাপতি (সুনামগঞ্জ জেলা)* • মোঃ শফি উদ্দিন তালুকদার, *সহ-সভাপতি (হবিগঞ্জ)* • মোঃ জাবেদ উদ্দীন, *সহ-সভাপতি (মৌলভীবাজার)* • মোহাম্মদ আলিম, *কোষাধ্যক্ষ* • মোঃ জিল্লুর রহমান খান, *সাংগঠনিক সম্পাদক* • ফয়ছল আলম, *প্রচার ও দপ্তর সম্পাদক* • হোসেন আহমদ, *সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক* • মান্না মুনতাসির, *ক্রীড়া সম্পাদক* • বুরহান উদ্দিন, *আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক* • জাহিদ আহমেদ খান, *সমাজ কল্যাণ সম্পাদক* • সারা উদ্দিন, *মহিলা বিষয়ক সম্পাদক* • আব্দুল আজিজ, *কার্যকরী সদস্য (সিলেট জেলা)* • হুমায়ুন কবির সোহেল, *কার্যকরী সদস্য (সুনামগঞ্জ জেলা)* • দেলোয়ার হোসেন মানিক, *কার্যকরী সদস্য (হবিগঞ্জ জেলা)* • মোঃ ফজল খাঁন, *কার্যকরী সদস্য (মৌলভীবাজার জেলা)*

বোর্ড অব ট্রাষ্টি: কাওছারুজ্জামান কয়েছ • বদরুন নাহার খান মিতা • ছয়দুন নূর • নাজমুল হাসান কুবাদ



তিন বিভাগে
কোরআন তেলাওয়াত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ীদের জন্য মোট ৬ হাজার ডলারের পুরস্কার।

OUR SPONSOR:

ATHAUR RAHMAN SALIM
President
Bangladesh Society, Inc

AKIB HUSSAIN
(646) 920-4799

SHAMIM AHMED
Vice-President
Jalalabad Association of America Inc
President
Bangladesh Society of Bronx, New York Inc

FAKRUL ISLAM BEEWAR
Community Activist & Businessman
FATIMA BROTHERS GROUP
Member NYC 8

DR. MOHAMMED MOBIN, MD
(718) 975-7431

starling diagnostics
(718) 319-1610

EMRAN
ESTATES REALTY
EMRAN BHUIYAN
Buy • Sell • Rent
347-261-7671

ZamZam Drugs
PHARMACY
3105 Bainbridge Ave, Bronx, NY 10467
(347) 899-8930

healthfirst
MD TOUHIDUL ISLAM
917-881-7303

ZAKIR CPA PLLC
CPA ZAKIR CHOWDHURY
(929) 207-1516

WE ACCEPT ALL MAJOR MEDS
917.362.2442
Eagle

VNS Health

"কার্যকরী পরিষদের পক্ষ থেকে সকল অতিথিদের জন্য থাকবে **বিশেষ উপহার**"



প্রচারে:
ফয়ছল আলম
প্রচার ও দপ্তর সম্পাদক

MEDIA PARTNER
TBN 24 ঠিকানা

AB tv ব্রডকাস্ট পার্টনার

GRAND SPONSOR:



SHAMSHER ALI
President & CEO
APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO T L C INSU R ANCE
EXIT LUXURY INC. 718.472.9800

ডিএইচএস'র অচলাবস্থা নিয়ে শঙ্কা

প্রথম পৃষ্ঠার পর

ডিএইচএসের অধীন বিভিন্ন সংস্থা প্রভাবিত হচ্ছে। যদিও প্রায় ৯০ শতাংশ কর্মী কাজ চালিয়ে যাচ্ছেন, অনেকেই বেতন ছাড়াই দায়িত্ব পালন করছেন, যা আর্থিক চাপ তৈরি করতে পারে।

এপি জানায়, ডেমোক্র্যাটরা মিনিয়াপোলিসে ফেডারেল কর্মকর্তাদের গুলিতে আমেরিকান নাগরিক অ্যালেক্স প্রেটি ও রেনি গুড নিহত হওয়ার ঘটনার পর অভিবাসন অভিযানের নিয়মকানুনে পরিবর্তন দাবি করছেন। তাদের প্রস্তাবের মধ্যে রয়েছে– অভিযানে অংশ নেওয়া কর্মকর্তাদের স্পষ্ট পরিচয়পত্র প্রদর্শন, মুখোশ না পরা, বডি ক্যামেরা ব্যবহার বাধ্যতামূলক করা এবং ব্যক্তিগত সম্পত্তিতে প্রবেশের আগে বিচারিক পরোয়ানা নেওয়া।

হোয়াইট হাউসের 'বর্ডার জার' টম হোমান বলেছেন, প্রশাসন এসব শর্তে রাজি নয়। তার ভাষ্য, কর্মকর্তাদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিতে হবে। অপরদিকে সিনেট সংখ্যালঘু নেতা চাক শুমার বলেছেন, ডেমোক্র্যাটদের প্রস্তাবগুলো যুক্তিসঙ্গত এবং দেশের অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনী যে নিয়ম মেনে চলে, অভিবাসন কর্মকর্তাদের ক্ষেত্রেও তা প্রযোজ্য হওয়া উচিত।

রিপাবলিকান সিনেটর মার্কওয়েন মুলিন জানান, বডি ক্যামেরা ও প্রশিক্ষণ জোরদারের বিষয়ে তিনি সমর্থন দিতে পারেন, তবে কর্মকর্তাদের মুখোশ খুলে পরিচয় প্রকাশের দাবিতে আপত্তি রয়েছে, কারণ এতে তাদের ও পরিবারের নিরাপত্তা ঝুঁকিতে পড়তে পারে। আলাবামার সিনেটর কেটি ব্রিট ডেমোক্র্যাটদের আলোচনায় অনড় অবস্থানকে 'দূরদর্শিতার অভাব' বলে মন্তব্য করেছেন।

প্রেসিডেন্ট ট্রাম্প ২০২৪ সালের নির্বাচনী প্রচারে কঠোর অভিবাসন আইন প্রয়োগকে অগ্রাধিকার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। প্রশাসনের দাবি, ক্ষমতায় ফেরার পর থেকে ৬ লাখ ৭৫ হাজারের বেশি অভিবাসীকে বহিষ্কার করা হয়েছে এবং আরও প্রায় ২২ লাখ মানুষ স্বেচ্ছায় দেশ ছেড়েছেন। ট্রাম্পের ঘনিষ্ঠ মিত্ররা বলছেন, সীমান্ত সুরক্ষা ও অভ্যন্তরীণ অভিবাসন আইন প্রয়োগের লক্ষ্য থেকে প্রশাসন সরে আসবে না।

বর্তমান পরিস্থিতিতে দুই পক্ষই নিজেদের অবস্থানে অনড় থাকায় শাটডাউন কবে শেষ হবে তা এখনো স্পষ্ট নয়।

৬০০ মিলিয়ন ডলার ফেডারেল স্বাস্থ্য তহবিল কাটছাঁট

প্রথম পৃষ্ঠার পর

ইলিনয় ও মিনেসোটার জন্য বরাদ্দ প্রায় ৬০০ মিলিয়ন ডলার অনুদান স্থগিত করা হবে। সংশ্লিষ্ট অঙ্গরাজ্যগুলোর অ্যাটর্নি জেনারেলরা বলছেন, অভিবাসন দমনে ট্রাম্প প্রশাসনের কঠোর অবস্থানের বিরোধিতা করায় এই অর্থ কেটে নেওয়া হচ্ছে। খবর এপি নিউজের।

প্রতিবেদন মতে, মামলায় বলা হয়েছে, অনুদানের ওপর পূর্বঘোষণা ছাড়াই নতুন শর্ত আরোপ করে সংবিধান লঙ্ঘন করা হয়েছে। ইলিনয়ের একটি ফেডারেল আদালতের কাছে এই সিদ্ধান্ত কার্যকর হওয়া ঠেকাতে নির্দেশনা চাওয়া হয়েছে।

কলোরাডোর অ্যাটর্নি জেনারেল ফিল ওয়েইজার জানান, কিছু অনুদান বৃহস্পতিবার থেকেই বাতিল হতে পারে, আর বাকিগুলো আগামী কয়েক সপ্তাহের মধ্যে।

স্বাস্থ্য কর্মকর্তারা বলেছেন, এলজিবিটিকিউ+ জনগোষ্ঠী ও বর্ণভিত্তিক সংখ্যালঘুদের জন্য বরাদ্দ কিছু কর্মসূচি এখন সংস্থার অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। সেন্ট্রার্স ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (সিডিসি) গত সেপ্টেম্বরে তাদের অগ্রাধিকার পুনর্নির্ধারণ করে "স্বাস্থ্য সমতা" ধারণাকে আদর্শিকভাবে প্রভাবিত বলে উল্লেখ করে।

এ বিষয়ে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

একই চার অঙ্গরাজ্যের পরিবহন খাতেও শত শত মিলিয়ন ডলার কাটার পরিকল্পনা রয়েছে। এর আগে ফেডারেল অর্থায়ন সীমিত করার অনুরূপ প্রচেষ্টায় আদালত সাময়িক স্থগিতাদেশ দিয়েছে।

গত সপ্তাহে এক বিচারক রায় দেন, আপাতত এই চার অঙ্গরাজ্য ও নিউইয়র্কে নিম্নআয়ের মানুষের জন্য শিশু যত্ন ভর্তুকি ও অন্যান্য সামাজিক সেবা খাতে বিলিয়ন ডলার বন্ধ করা যাবে না।

স্বাস্থ্য খাতে প্রস্তাবিত বড় কাটছাঁটের মধ্যে রয়েছে শিকাগো ও লস অ্যাঞ্জেলেসে এইচআইভি ও অন্যান্য যৌনবাহিত সংক্রমণ প্রতিরোধ কর্মসূচি, যেখানে কিশোর-কিশোরী, জাতিগত সংখ্যালঘু ও সমকামী পুরুষদের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল।

ইলিনয়ের গভর্নর জেবি প্রিৎজকার এই সিদ্ধান্তকে জনস্বাস্থ্য নেতৃত্বের প্রতি "চপেটাঘাত" বলে মন্তব্য করেন।

এছাড়া শিকাগোভিত্তিক আমেরিকান মেডিকেল এসোসিয়েশন এর ৭ দশমিক ২ মিলিয়ন ডলারের একটি অনুদানও বাতিলের লক্ষ্যবস্তুতে রয়েছে। সংগঠনটি অপ্রাপ্তবয়স্কদের জন্য জেন্ডার-অ্যাফার্মিং কেয়ারের পক্ষে অবস্থান নেওয়ায় তা প্রশাসনের নির্বাহী আদেশের সঙ্গে সাংঘর্ষিক বলে উল্লেখ করা হয়েছে।

ক্যালিফোর্নিয়া সবচেয়ে বড় অংশের কাটছাঁটের মুখে পড়েছে। অঙ্গরাজ্যের অ্যাটর্নি জেনারেল রব বোন্টা বলেন, এই সিদ্ধান্ত রাজ্যের জনস্বাস্থ্যে "অপূরণীয় ক্ষতি" ডেকে আনবে। তার ভাষায়, "ফেডারেল অর্থায়নকে হাতিয়ার করে প্রেসিডেন্ট ট্রাম্প তার এজেন্ডা চাপিয়ে দিতে চাইছেন। অতীতে এমন প্রচেষ্টা ব্যর্থ হয়েছে, এবারও আমরা একই ফল প্রত্যাশা করছি।"

গড় ট্যাক্স রিফান্ড ১০.৯% বৃদ্ধি

প্রথম পৃষ্ঠার পর

অন্তর্ভুক্ত করে।

আইআরএস কমিশনার এবং ট্রেজারি সচিব স্কট বেসেন্ট শুক্রবার জানান, ফেরতের পরিমাণ ২২ শতাংশ বেড়েছে, তবে এটি কতদিনের রিটার্নের ভিত্তিতে হিসাব করা হয়েছে বা তুলনা কোন সময়কাল দিয়ে করা হয়েছে তা স্পষ্ট নয়।

আইআরএস জানিয়েছে, "গড় রিফান্ডের পরিমাণ শক্তিশালী" এবং ফেব্রুয়ারি ২৭ তারিখের পরবর্তী প্রকাশিত তথ্য আরো বৃদ্ধি দেখাবে, কারণ তখন আয়কর ফেরতের সঙ্গে আয়ের উপর ট্যাক্স ক্রেডিট এবং অতিরিক্ত শিশু ট্যাক্স ক্রেডিট অন্তর্ভুক্ত হবে।

কর বিশেষজ্ঞরা মনে করিয়েছেন, প্রাথমিক তথ্য কখনও কখনও বিভ্রান্তিকর হতে পারে। সাধারণত, বছরের মধ্যে বেতন থেকে অতিরিক্ত কর কাটার মাধ্যমে বা অনুমানিত পেমেন্টের মাধ্যমে করদাতারা বেশি অর্থ পরিশোধ করলে রিফান্ড আসে। আর যারা পর্যাপ্ত কর পরিশোধ করেননি তাদের বকেয়া দিতে হয়।

গত কয়েক বছরে দেখা গেছে, কর মৌসুমের শুরুতে আইআরএসের তথ্য অনুযায়ী রিফান্ড কম থাকলেও ফেব্রুয়ারির মধ্যভাগে তা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়। পরে এপ্রিল ১৫ তারিখের নির্ধারিত সময়সীমার দিকে গড় ফেরত কিছুটা কমে। ২০২৫ সালে, ব্যক্তিগত রিটার্নকারীদের জন্য গড় ফেরত ছিল ৩,০৫২ ডলার।

২০২৬ সালের রিটার্ন মৌসুম রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ, কারণ মধ্যমেয়াদি নির্বাচনের আগে এটি করদাতাদের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আশা করছেন, ২০২৬ সালের মৌসুম হবে "সবচেয়ে বড় কর ফেরত মৌসুম" তার 'বিগ বিউটিফুল বিল' এর প্রভাবে।

এই বিল ২০২৫ সালের জন্য নতুন কর ছাড় সংযোজন করেছে, এবং আইআরএস এখনও বেতন থেকে কাটা কর সমন্বয় করেনি, ফলে অনেক কর্মীর জন্য বড় রিফান্ড আসতে পারে। তবে কর বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, প্রত্যেকের রিফান্ড ভিন্ন হবে, এটি নির্ভর করবে কারা কোন নতুন কর সুবিধা প্রযোজ্য, এবং বছরের মধ্যে কত পরিমাণ কর পরিশোধ করা হয়েছে তার ওপর।

গারেট ওয়াটসন, ট্যাক্স ফাউন্ডেশনের নীতি বিশ্লেষক বলেছেন, "পরিশেষে, আপনার রিফান্ড বা বকেয়া নির্ভর করছে আপনার নির্দিষ্ট পরিস্থিতির উপর। নতুন কর সুবিধা, আয়, কেটে রাখা কর সব মিলিয়ে প্রতিটি করদাতার জন্য আলাদা ফলাফল হবে।" আইআরএসের পরিসংখ্যান এবং বিশেষজ্ঞ বিশ্লেষণ উভয়ই ইঙ্গিত দেয়, যে এই মৌসুমে করদাতারা সামান্য বেশি অর্থ ফেরত পাবেন, তবে প্রত্যেকের ক্ষেত্রে তা ভিন্ন হবে।

অর্থ আত্মসাত করলেন ৮ বাংলাদেশিসহ ৯ জন

প্রথম পৃষ্ঠার পর

সেন্ট্রাল পার্কওয়ের বাসিন্দা। বর্তমানে কমিউনিটিতে সবচেয়ে বেশি আলোচিত। তার দেশের বাড়ি নোয়াখালি জেলার বেগমগঞ্জ উপজেলায়। নিজেকে যুক্তরাষ্ট্র যুবদলের প্রভাবশালী নেতা হিসেবে পরিচয় দেওয়া এই ব্যক্তি ৬টি ভুয়া প্রতিষ্ঠানের নামে ২ লক্ষ ৮৭ হাজার ৬০৮ ডলার আত্মসাৎ করেছেন। আদালতে দোষ স্বীকারের পর তিনি গত বছরের ২৩ সেপ্টেম্বর এক লক্ষ ডলার এবং ২৩ ডিসেম্বর আরও ৭৫ হাজার ডলার ফেরত দিয়েছেন। বাকি ৭৫ হাজার ডলার আগামী ২৩ মার্চের মধ্যে পরিশোধ করার শর্তে তিনি বর্তমানে আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছেন। তোফায়েল আহমেদ (৫০) বর্তমানে জ্যামাইকার ১৫০ নম্বর স্ট্রিটের বাসিন্দা। তোফায়েলের দেশের বাড়ি নোয়াখালী জেলার চাটখিল এলাকায়। তিনি '১২৭ রিভিংটন কর্প' এবং 'ড্রেসডেন অ্যাসোসিয়েটস' নামক দুটি প্রতিষ্ঠানের নামে প্রায় ১১ লক্ষ ডলার আত্মসাৎ করেছেন। লোন পাওয়ার মাত্র একদিন আগে তিনি ব্যাংক অ্যাকাউন্ট খোলেন। কুইন্স ভিএ রিলিজে একই দিনে ডিপোজিট ও উইথড্রয়ের ঘটনা উল্লেখ করা হয়েছে। ইউসুফ এমডি (৪৫) বর্তমানে এলমহার্স্টের বাসিন্দার। তার দেশের বাড়িও নোয়াখালীতে। তোফায়েল আহমেদের সাথে যোগসাজশে তিনি তিনটি ভুয়া প্রতিষ্ঠানের নামে ১.৪ মিলিয়ন ডলার আত্মসাৎ করেছেন বলে জানা গেছে। তানভীর মিলন (৫৫) বর্তমানে লং আইল্যান্ডের ফার্মিডেলের বাসিন্দা। তানভীর মিলনের বিরুদ্ধে অভিযোগ সবচেয়ে বড়। ৯টি ভুয়া প্রতিষ্ঠানের মাধ্যমে তিনি প্রায় ২.৭ মিলিয়ন ডলার হাতিয়ে নেওয়ার চেষ্টা করেছিলেন। তানভীরের আদি নিবাস ঢাকা বিক্রমপুর অঞ্চলে বলে জানা গেছে। মোহাম্মদ চৌধুরী ওরফে খোকন আশরাফ (৬৮) বর্তমানে জ্যাকসন হাইটসের বাসিন্দা। তার দেশের বাড়ি কুমিল্লা জেলায়। তিনি ৫টি ভুয়া প্রতিষ্ঠানের নামে ২ লক্ষ ২৯ হাজার ডলার আত্মসাতের দায়ে অভিযুক্ত। মোহাম্মদ খান (৪৯) বর্তমানে জ্যামাইকা হিলসের বাসিন্দা। মোহাম্মদ খানের দেশের বাড়ি সিলেট সদর এলাকায়। তিনি ৭টি ভুয়া প্রতিষ্ঠানের মাধ্যমে প্রায় ৬ লক্ষ ডলার হাতিয়ে নিয়েছেন। নাদিম শেখ (৫৬) বর্তমানে নিউ হাইড পার্কের বাসিন্দা নাদিম শেখের বাড়ি ফরিদপুর জেলায়। তিনি দুটি ভুয়া প্রতিষ্ঠানের নামে প্রায় ১ লক্ষ ডলার আত্মসাত করেছেন। জুনেদ খান (৫৬) বর্তমানে লং আইল্যান্ডের ডিয়ার পার্কের বাসিন্দা। জুনেদ খানের দেশের বাড়ি মৌলভীবাজার জেলায়। তিনি ৮টি ভুয়া প্রতিষ্ঠানের নামে প্রায় ২ লক্ষ ডলার আত্মসাত করেছেন। মাহবুব মালিক (৪১) বর্তমানে এস্টোরিয়ার বাসিন্দা। মাহবুব মালিক যিনি ইতিমধ্যে দোষ স্বীকার করে তিন বছরের জন্য শর্তসাপেক্ষ মুক্তি পেয়েছেন। তার দেশের বাড়ি পাবনা জেলায়।

জাবেজের বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগ

প্রথম পৃষ্ঠার পর

নিউইয়র্ক পুলিশের (এনওয়াইপিডি) গুলিতে গুরুতর আহত হয়েছেন। তার মা জুলি চক্রবর্তী বলেন, "জাবেজ আমাদের বাড়িতে নিরাপদ ছিল, যতক্ষণ না পুলিশ আসে। এখন সে একাধিক অস্ত্রোপচারের পর হাসপাতালের বিছানায় হাতকড়া পরে রয়েছে।" জাবেজের মা বলেন , আমরা সকলেই মানসিকভাবে আহত। "আমরা সরাসরি দেখেছি, কিভাবে জাবেজকে গুলি করা হলো।"

জাবেজ বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। শুক্রবার তিনি ভার্চুয়ালি হাজিরা দেন অভিযোগের শুনানিতে, যেখানে তাকে পুলিশের ওপর "আক্রমণ ও অস্ত্র রাখার" অভিযোগে অভিযুক্ত করা হয়েছে।

পরিবার এবং তাদের প্রতিনিধি ফাহাদ আহমেদ (ডেসিস রাইজিং আপ অ্যান্ড মুভিং) এই ঘটনার জন্য নিন্দা জানিয়েছেন। তারা বলছেন, জাবেজকে শাস্তি দেওয়া হচ্ছে, চিকিৎসার পরিবর্তে। ফাহাদ বলেন, "এ সময় জাবেজ এবং পরিবারের যা প্রয়োজন তা হলো মানসম্মত স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য সেবা।"

নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা হয়, গত ২৬ জানুয়ারি ব্রিয়ারউডে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। অভিযোগ অনুযায়ী, চক্রবর্তীর বোন ৯১১ নম্বরে কল করে 'ইনভলান্টারি ট্রান্সপোর্টেশন' সহায়তা চান।

প্রসিকিউটররা আদালতে বলেন, চক্রবর্তী রান্নাঘরের বড় ছুরি হাতে পরিবারের সদস্যদের দিকে ঝাঁপিয়ে পড়েন। তার বোন পুলিশকে বলেন, তিনি তার বোন, বাবা-মা ও দাদা-দাদিকে "হত্যা করতে পারতেন।"

পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে চক্রবর্তী ছুরি হাতে এক কর্মকর্তার দিকে ধেয়ে যান। পরে পুলিশ গুলি চালায়। তাকে একাধিকবার গুলি করা হয় এবং গুরুতর অবস্থায় জামাইকা হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়।

আদালতে অভিযোগপত্র পাঠের সময় হাসপাতালের বেড থেকেই চক্রবর্তী কান্নায় ভেঙে পড়েন। প্রতিরক্ষা আইনজীবীরা বলেন, পুলিশি গুলিতে তার শরীর "ছিন্নভিন্ন" হয়ে গেছে– দুইবার পেটে, দুইবার বুকে এবং দুইবার কুঁচকিতে গুলি লেগেছে। বর্তমানে তিনি দাঁড়াতে বা হাঁটতে পারছেন না এবং জীবন রক্ষাকারী যন্ত্রের সঙ্গে সংযুক্ত আছেন।

প্রতিরক্ষা পক্ষ জানায়, দুই বছর আগে তার সিজোফ্রেনিয়া ধরা পড়ে এবং তার বিরুদ্ধে অভিযোগ আনা "অমানবিক" সিদ্ধান্ত।

গুলির ঘটনার পর হাসপাতালে চক্রবর্তী ও তার পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে মেয়র মামদানি বলেন, তার বিরুদ্ধে মামলা করা উচিত নয়। তিনি মন্তব্য করেন, "তার হাতকড়া খুলে দেওয়া উচিত" এবং তার প্রয়োজন মানসিক স্বাস্থ্য চিকিৎসা, ফৌজদারি মামলা নয়। তিনি পুলিশের গুলির আগে অনুসৃত প্রোটোকল নিয়েও প্রশ্ন তোলেন।

তবে কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নির দপ্তর জানিয়েছে, বডি-ওয়ার্ন ক্যামেরার ফুটেজে দেখা যায় কর্মকর্তারা প্রশিক্ষণ অনুযায়ী কাজ করেছেন এবং একজন পুলিশ কর্মকর্তার ওপর হামলার চেষ্টার অভিযোগ আনা উপযুক্ত।

মামলাটি এখন বিচারিক প্রক্রিয়ার মধ্য দিয়ে এগোবে।

"এটা সেই আমেরিকা নয়, যেটিতে আমরা বিশ্বাস করি"

প্রথম পৃষ্ঠার পর

প্রেটির মৃত্যুর ঘটনার প্রতিক্রিয়ায় তিনি এ মন্তব্য করেন। শনিবার প্রকাশিত এক পডকাস্ট সাক্ষাৎকারে উপস্থাপক ব্রায়ান ট্রেইলর চেয়ন এর সঙ্গে আলাপকালে তিনি মিনেসোটায় "অপারেশন মেট্রো সার্জ" নামে দুই হাজারের বেশি ফেডারেল অভিবাসন কর্মকর্তার মোতায়েনকে "অভূতপূর্ব" বলে উল্লেখ করেন। তার অভিযোগ, স্পষ্ট নির্দেশিকা ও যথাযথ প্রশিক্ষণ ছাড়াই এই অভিযান পরিচালিত হয়েছে।

সাবেক প্রেসিডেন্ট ওবামা বলেন, "ফেডারেল সরকারের কিছু এজেন্টের বেপরোয়া আচরণ গভীরভাবে উদ্বেগজনক ও বিপজ্জনক।" তিনি অভিযোগ করেন, এজেন্টরা বাড়ি থেকে মানুষকে টেনে বের করেছে, শিশুদের ব্যবহার করে অভিভাবকদের বাইরে আনার চেষ্টা করেছে এবং আইন না ভাঙলেও জনতার ওপর কাঁদানে গ্যাস নিক্ষেপ করেছে।

অভিবাসন নীতির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা টম হোম্যান বৃহস্পতিবার জানান, মিনেসোটায় পরিচালিত "অপারেশন মেট্রো সার্জ" সমাপ্ত হচ্ছে এবং ফেডারেল কর্মকর্তাদের সংখ্যা কমানো হবে। তিনি বলেন, জননিরাপত্তার হুমকি হিসেবে বিবেচিত বহু গ্রেপ্তার এবং 'উসকানিদাতা'দের কারণে দ্রুত প্রতিক্রিয়া বাহিনী ডাকতে না হওয়ার বিষয়টি পর্যালোচনা করেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গত সপ্তাহে বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক মাধ্যমে বারাক ওবামা ও তার স্ত্রীকে নিয়ে একটি বর্ণবাদী মিম পোস্ট করেছেন এ বিষয়ে প্রশ্নের জবাবে ওবামা বলেন, তিনি দেশজুড়ে এমন বহু মানুষের সঙ্গে দেখা করছেন, যারা এখনও শালীনতা ও সহমর্মিতায় বিশ্বাস করেন। তার মতে, মিনেসোটায় যা ঘটেছে বা এ ধরনের বিদ্বেষমূলক বক্তব্য এসবের সমর্থন আমেরিকান জনগণ করে না।

তিনি আরো বলেন, সাধারণ মানুষ এই অভিযানের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে– কেউ প্রতিবেশীদের জন্য খাবার কিনেছেন, কেউ শিশুদের স্কুলে পৌঁছে দিয়েছেন, আবার কেউ শান্তিপূর্ণ বিক্ষোভ করেছেন। তীব্র শীতের মধ্যেও নাগরিকদের এই অবস্থানই আশা জাগায় বলে তিনি মন্তব্য করেন।

তার ভাষায়, "সমাধান আসবে আমেরিকান জনগণের কাছ থেকেই।"

বিসমিল্লাহির রাহমানির রাহিম

"ভাটেরা আমার
আমি ভাটেরার"

ভাটেরা এসোসিয়েশন অব ইউ.এস.এ. ইন্‌ক এর

ইফতার ও দোয়া মাহফিল ২০২৬

সুধী,

আসসালামু আলাইকুম।

আগামী ২২ ফেব্রুয়ারী, ২০২৬, রোজঃ রবিবার, বিকাল ৫ ঘটিকায় "ভাটেরা এসোসিয়েশন অব ইউএসএ ইনক্" কর্তৃক পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে আপনি/আপনাদের একান্ত উপস্থিতি কামনা করছি।

তারিখ: রবিবার,
২২ ফেব্রুয়ারী, ২০২৬

স্থান: আগ্রা পেস এন্ড পার্টি হল
১১৬-৩৩, কুইন্স ব্লুবার্ড ফরেস্ট হিল,
নিউইয়র্ক ১১৩৭৫

আমন্ত্রণক্রমে

শেখ রাজা মিয়া তালুকদার
সভাপতি
৯০৮-৯৬৬-৯২৮১

হারুনুর রশিদ তালুকদার
সাধারণ সম্পাদক
৯১৭-২৩৮-০৬৪১

ভাটেরা এসোসিয়েশন অব ইউ.এস.এ. ইনক
BHATERA ASSOCIATION OF U.S.A. INC.
প্রচারে: মো: অলিউর রহমান, ৯১৭-৩৯১-৪৯০২

بسم الله الرحمن الرحيم

কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ,এস,এ ইনক্

KULAURA BANGLADESHI ASSOCIATION OF U.S.A INC.



পবিত্র মাহে রমজান

ইফতার ও দোয়া মাহফিল

সম্মানিত কুলাউড়াবাসী,

আসসালামু আলাইকুম। **১লা মার্চ ২০২৬ইং, রবিবার,** কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ,এ, ইনক- এর উদ্যোগে এক বাৎসরিক ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

উক্ত ইফতার ও দোয়া মাহফিলে আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

1st March 2026, Sunday

Queens Place
37-11 57th St,
Woodside, NY 11377

আমন্ত্রনেঃ

সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি
৬৪৬-২৯১-৭৪০৮

মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক
৯১৭-৩৪০-৭১৬৭

উপদেষ্টা পরিষদ

আবুল কালাম, মোঃ আব্দুল জলিল, ফারুক এ. চৌধুরী, মোঃ আব্দুস সালাম, মোঃ নজরুল ইসলাম, বেদারুল ইসলাম বাবলা, মশাহিদ জে. রাশেদ, সিরাজ উদ্দিন আহমদ, মোঃ এ.এম চৌধুরী, মোঃ তজমুল আলী ও কামরুল হোসেন চুনু

কার্যকরি পরিষদ

লুৎফুর রহমান (সহ সভাপতি), **বদরুল ইসলাম মিন্টু** (সহ-সাধারণ সম্পাদক), **ওবায়দুর রহমান কামাল** (কোষাধ্যক্ষ), **রাহাত বিন ওয়াহিদ চৌধুরী** (সাংগঠনিক সম্পাদক), **শামীম আহমদ** (প্রচার সম্পাদক), **মিতা চক্রবর্ত্তী** (সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক), **আজিজুল হক স্বপন** (ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক), **সালমা চৌধুরী মিলি** (মহিলা বিষয়ক সম্পাদিকা), **মোঃ অলিউর রহমান** (কার্যনির্বাহী সদস্য), **সালিক আহমদ** (কার্যনির্বাহী সদস্য), **মোঃ মতিউর রহমান খান মিন্তিক** (কার্যনির্বাহী সদস্য), **তাহমিদুল ইসলাম চৌধুরী তৌসিফ** (কার্যনির্বাহী সদস্য), ও **ফারুক মিয়া** (কার্যনির্বাহী সদস্য)

প্রচারেঃ শামিম আহমদ

আহ্‌লান সাহ্‌লান মাহে রমাযান

জাফর আহমাদ

আল্লাহর অবারিত রহমতের পয়গাম নিয়ে প্রতি বছরই রমযান আসে। এবারও আসছে ঐ যে রমাযান। আহলান সাহলান মাহে রমাযান। আল্লাহর রহমতের বারিধারা এখনি বর্ষিত হবে মুষলধারে। রমযান যখন আসে তখন আমাদের মধ্যে দুই শ্রেনীর মানুষ খুব খুশি হয়। এক, মু'মিন-মুসলমান। যারা আল্লাহর বিশেষ রহমত দ্বারা নিজেদের সিক্ত করার জন্য রমযানের জন্য অপেক্ষা করেন। ইনশা'আল্লাহ আর মাত্র কদিন পরই আল্লাহর প্রিয় বান্দারা রহমতের বৃষ্টিতে অবগাহন করবে। দুই, অবৈধ মজুতদার, মুনাফাখোর ও কালোবাজারী ও খাদ্যে ভেজাল মিশ্রিতকারী। এদের মুনাফা লুটার অপার সুযোগ নিয়ে আসছে রমাযান। কি খুশি কি আনন্দ আকাশে বাতাসে। মুনাফা লুটার এটিই তাদের জন্য উত্তম মৌসুম।

প্রথম শ্রেনীর আল্লাহর বান্দারা এ মাসে মানবতার প্রতি আরো বেশী করে দায়িত্বশীলতার ভূমিকায় অবতীর্ণ হন। তারা ভুল কর্মনীতি পরিহার করে সঠিক কর্মনীতি অবলম্বনের করেন। রমযানের অবারিত রহমতের বারিধারায় নিজেদের সিক্ত করতে কোন ভুল করেন না। তারা নিজেদেরকে এ মাসে মানবতার উচ্চতর পর্যায়ে উন্নীত করেন। প্রতিটি ক্ষেত্রে তারা সংযম প্রদর্শনের অনুশীলনে লিপ্ত হয়।

আর দ্বিতীয় শ্রেনীর মানবরূপী পশুগুলোর লোভের জিভটি এ মাসে এসে আরো লম্বা হয়। তারা দুনিয়ার স্বার্থ, স্বাদ ও আরাম আয়েশের কারণে রমযানকে এক বিরাট সুযোগ হিসেবে গ্রহণ করে। দু'হাতে মুনাফা লুটার জন্য রমযানে বেপরোয়া হয়ে উঠে। মাত্রাতিরিক্ত মুনাফা লুণ্ঠনের জন্য কালোবাজারী ও খাদ্যে ভেজাল মিশ্রিত করে। প্রবৃত্তির লালসার মোকাবেলা করার পরিবর্তে এরা তার সামনে নতজানু হয়। পার্থিব লোভ-লালসার জন্য আল্লাহর দেয়া অপার রহমতের সুযোগ-সুবিধাকে পরিত্যাগ করে দুনিয়ার লালসাকে চরিতার্থ করার জন্য সম্মানিত রোযাদারদেরকে কষ্ট দেয়। এ ধরণের লোভ-লালসার অধিকারী ব্যক্তিদেরকে আল্লাহ তা'আলা অত্যন্ত ঘৃণিত প্রাণীর সাথে তুলনা করেছেন। আল্লাহ তা'আলা বলেন, "আমি চাইলে ঐ আয়াতগুলোর সাহায্যে তাকে উচ্চ মর্যাদা দান করতাম কিন্তু সে তো দুনিয়ার প্রতিই ঝুঁকে রইল এবং নিজের প্রবৃত্তির অনুসরণ করলো। কাজেই তার অবস্থা হয়ে গেলো কুকুরের মতো, তার উপর আক্রমণ করলেও সে জিভ ঝুলিয়ে রাখে আর আক্রমণ না করলেও জিভ ঝুলিয়ে রাখে। যারা আমার আয়াতকে মিথ্যা সাব্যস্ত করে তাদের দৃষ্টান্ত এটাই। তুমি এ কাহিনী তাদেরকে শুনাতে থাকো, হয়তো তারা কিছু চিন্তা-ভাবনা করবে।" (আরাফ-১৭৬)

কুকুর হলো, উগ্র লালসা ও অতৃপ্ত কামনার এক প্রাণী। তার এই লালসা ও কামনার জন্য জিভটি সর্বদা ঝুলে থাকে এবং এ ঝুলন্ত জিভ থেকে অনবরত লালসার লালা টপকে পড়তে থাকে। চলাফেরার পথে তার নাক সব সময় মাটি শুকতে থাকে, হয়তো কোথাও কোন খাবারের গন্ধ পাওয়া যাবে এ আশায়। তার গায়ে কেউ কোন পাথর ছুঁড়ে মারলেও তার ভুল ভাঙ্গবে না। বরং তার মনে সন্দেহ জাগে, যে জিনিসটি তাকে মারা হয়েছে সেটি হয়তো কোন হাড় বা রুটির টুকরা হবে। পেট পূজারী লোভী কুকুর একবার লাফিয়ে দৌড়ে গিয়ে সেই নিক্ষিপ্ত পাথরটিও কামড়ে ধরে। পথিক তার দিকে দৃষ্টি না দিলেও দেখা যাবে সে লোভ-লালসার প্রতিমূর্তি হয়ে বিরাট আশায় বুক বেঁধে জিভ ঝুলিয়ে দাঁড়িয়ে হাঁপাচ্ছে। সে তার পেটের দৃষ্টি দিয়ে সারা দুনিয়াকে দেখে। কোথাও যদি কোন বড় ধরণের মরা গরু পড়ে থাকে, কয়েকটি কুকুরের পেট ভরার জন্য সেটি যতেষ্ঠ হলেও একটি কুকুর তার মধ্যে থেকে কেবলমাত্র তার নিজের অংশটি নিয়েও ক্ষান্ত হবে না বরং সেই সম্পূর্ণ লাশটি নিজের একার জন্যে আগলে রাখার চেষ্টা করবে এবং অন্য কাউকে তাঁর ধারের কাছেও ঘেঁষতে দেবে না। শকুন বা অন্য যে কোন প্রাণী কাছে এলে, সেগুলোর প্রতি সে তেড়ে যায়। পেটের লালসার পর যদি দ্বিতীয় কোন বস্তু তার উপর প্রভাব বিস্তার করে থাকে তাহলে সেটি হচ্ছে যৌন লালসা। সারা শরীরের মধ্যে কেবলমাত্র লজ্জাস্থানটিই তার কাছে আকর্ষনীয় এবং সেটিরই সে ঘ্রাণ নিতে ও তাকেই চাটতে থাকে। কাজেই এখানে এ উপমা দেয়ার উদ্দেশ্য হচ্ছে এ কথাটি সুস্পষ্টভাবে তুলে ধরা যে, দুনিয়া পূজারী ব্যক্তি যখন জ্ঞান ও ঈমানের বাঁধন ছিঁড়ে ফেলে প্রবৃত্তির অন্ধ লালসার কাছে আত্মসমর্পণ করে এগিয়ে চলতে থাকে তার অবস্থা পেট ও যৌনাঙ্গ সর্বস্ব কুকুরের মতো হওয়া ছাড়া আর কোন উপায় থাকে না।

সত্যিই আমাদের কিছু কিছু মুনাফাখোর ও কালোবাজারীদের অবস্থা ঠিক এই নিকৃষ্ট জীবটির মতোই। তার লোভের জিভটি সবসময় ঝুলে থাকে এবং ঝুলন্ত জীভ থেকে অনবরত লালসার লালা টপকে পড়তে থাকে। এদের উগ্র লালসার আগুন ও অতৃপ্ত কামনার কারণে সাধারণ মানুষ সবসময় চরম যন্ত্রণা পোহাতে হয়। একেবারেই নূন্যতম মানবিক বিবেক যদি থাকতো তাহলে সারা বৎসর তার কামনা বাসনা চরিতার্থ করলেও, অন্তত রমযান এলে রোযাদারদের সম্মানে, রমযানের সম্মানে তারা দ্রব্যমূল্যের দাম স্থিতিশীল পর্যায়ে রাখতে পারতো। কিন্তু সেই নূন্যতম মানবিক মূল্যবোধটুকুও তার উগ্র লালসার কাছে পরাজিত হয়। পেট পূজারী লোভী জীবটির মতো এসমস্ত মুনাফাখোরেরা সব জায়গায় এবং সব সময় তারা মুনাফা খুঁজতে থাকে। তার এই অত্যাধিক লোভের কারণে কত শত মানুষ কষ্টের শিকার হলো, কি পরিমাণ সামাজিক বিপর্যয় সৃষ্টি হলো এবং দেশের অর্থনীতির উপর কি পরিমাণ বিরূপ প্রভাব পড়লো এগুলো চিন্তা করার সময় তার থাকে না। দেশ গোল্লায় গেলেও তাদেরকে অবৈধ মজুদকরণ, কালোবাজারী, মাত্রাতিরিক্ত মুনাফা লুটকরণ ও খাদ্যে ভেজাল মিশ্রিত করতেই হবে। তারা এতটাই অপ্রতিরোধ্য হয়ে পড়ে যে, অনেক শক্তিশালী সরকারকেও তাদের কাছে অসহায়ত্ব বরণ বা আত্মসমর্পণ করতে দেখা যায়। তাদের কেশাগ্র স্পর্শ করার সাহস করার মতো যেন কেউ নেই।

যে কোন অবস্থায় যে কোন মানুষকে পেটের দৃষ্টি দিয়ে সারা দুনিয়াকে দেখে। তার কাছে এ সমস্ত রমযানের মর্যাদা বা ভাবগাম্ভীর্য পরিবেশ একান্তই বৃথা। কারণ এরা লোভ-লালসার প্রতিমূর্তিতে পরিণত হয়। এজন্য ভালো কি মন্দ, সর্বাবস্থায়, কষ্ট দেয়া হারাম। কিন্তু রোযাদারকে কষ্ট দেয়া আরো মারাত্মক। এসমস্ত দ্রব্যমূল্যের দাম বৃদ্ধিকারী কালোবাজারী, খাদ্যে ভেজাল মিশ্রিতকারী ও অবৈধ মজুতদারী লোকেরা যদি রোযাদার হন তাহলে তাদের বিবেকের কাছে প্রশ্ন রোযা তোমাদের কি শিখায়? প্রকৃত রোযাদার তার কোন ভাইকে কখনো কষ্ট দিতে পারেন না। তার ভেতরে সকলের প্রতি ভালবাসা সৃষ্টি হওয়ার কথা। কিন্তু এরপরও যদি কোন মুসলিম ভাই কালোবাজারী, মাত্রাতিরিক্ত মুনাফা ও খাদ্যে ভেজাল মিশ্রিত করেন, তবে বুঝতে হবে তার রোযা শুধু শুধুই ক্ষুধা থাকা ছাড়া আর কিছুই দিতে পারেনি। আর যারা রোযা রাখেন না তাদের ব্যাপারটি আল্লাহর হাতে সোপর্দ করা ছাড়া আর কি-ই বা থাকতে পারে। তবে মানুষ হিসেবে বেঁচে থাকার জন্য উল্লেখিত নিকৃষ্ট জীবের স্বভাব থেকে নিজেকে রক্ষা করা প্রয়োজন।

পৃথিবীর দেশে দেশে দেখা যায় যে, রমযান মাস এলে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর বিশেষ মূল্যহ্রাস করা হয়। তারা সারা বৎসর মুনাফা করলেও এ মাসে এসে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখে অথবা কমিয়ে দেয়। তারা এ-ও জানে যে, এ মাসে সে যেই পরিমাণ ছাড় দিবে তা ৭০ গুণ বাড়িয়ে আল্লাহ তাকে দান করবেন। আল্লাহর এই বিশেষ পুরষ্কারের প্রতি সম্মান জানাতে তারা কখনো কার্পণ্য করে না। রমযান তাদেরকে দয়াপরবশ করে তুলে। ব্যতিক্রম শুধু এই উপমহাদেশ। উদোর পরিপুষ্ট করার জন্য তারা রমযানকে বিশেষ সুযোগ মনে করে।

রোযাদারকে কষ্ট দেয়ার এই মহা অন্যায় থেকে আমাদের সরকারও রেহাই পাবেন না। কারণ অবৈধ কালোবাজারী, মাত্রাতিরিক্ত মুনাফাখোর ও খাদ্যে ভেজাল মিশ্রণকারীদের হাত থেকে দেশের মানুষকে উদ্ধার ও রক্ষা করা সরকারের দায়িত্ব ও কর্তব্য। কোনক্রমেই এ দায়িত্ব থেকে সরকার নিজেকে অব্যাহতি দিতে পারেন না। দায়িত্ব অবহেলার কারণে অবশ্যই অবৈধ কালোবাজারী ও ভেজাল মিশ্রিতকারীদের সাথে আল্লাহর কাঠগড়ায় তাদেরকেও দাঁড়াতে হবে। পূর্বেই বলা হয়েছে যে, তারা এতটাই অপ্রতিরোধ্য হয়ে পড়ে যে, অনেক শক্তিশালী সরকারকেও তাদের কাছে অসহায়ত্ব বরণ বা আত্মসমর্পণ করতে দেখা যায়। তাদের কেশাগ্র স্পর্শ করার সাহস করার মতো কেউ নেই। কিন্তু সরকারের সদিচ্ছা থাকলে অবশ্যই তা সম্ভব। তবে এই অসম্ভবকে সম্ভবে পরিণত করার জন্য অবশ্যই আল্লাহর দেয়া প্রেসক্রিপশন অনুযায়ী মানুষের চিকিৎসা করতে হবে। সরকারের জন্য সেটি খুবই সহজ। সেই প্রেসক্রিপশন হলো, মানুষের মধ্যে নৈতিকতার বিকাশ সাধন করা। নৈতিকতার বিকাশ সাধনের জন্য আল্লাহর অন্যান্য বিধানগুলোর সাথে সাথে রমযানকে প্রশিক্ষণের মাস হিসেবে বিশেষভাবে তদারকি করতে হবে। কারণ রমযান হলো মানুষের মধ্যে তাকওয়া সৃষ্টির কার্যকরী একটি প্রতিষ্ঠান। মনে রাখা প্রয়োজন, তাকওয়াই হলো সকল উন্নয়নের মূল চাবিকাঠি। তাকওয়া ছাড়া আর যতো কর্মসূচী গ্রহণ করা হোক না কেন, সমাজ পরিবর্তন হবে না। পরিবর্তন হবে না কালোবাজারীসহ অন্যান্য সামাজিক অপরাধ।



আল-জাজিরার বিশ্লেষণ

বিএনপি কি নতুন ভূ-রাজনৈতিক অধ্যায়ের সূচনা করতে পারবে

বাংলা পত্রিকা রিপোর্ট: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বড় ধরনের জয় পেয়েছে বিএনপি। প্রায় ১৭ বছর পর সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে জাতীয় নির্বাচনে ভোট দিয়েছে বাংলাদেশের মানুষ। এই নির্বাচনে বিএনপির ভূমিধস জয় কেবল দক্ষিণ এশীয় দেশটির জন্য রাজনৈতিকভাবে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তনই নয়, বরং ভারত, পাকিস্তান ও চীনজুড়ে আঞ্চলিক ক্ষমতার গতিশীলতার পুনর্নির্মাণের সম্ভাবনাও তৈরি করেছে।

নির্বাচন কমিশন শনিবার নির্বাচিত সংসদ সদস্যদের গেজেট প্রকাশ করেছে, যা নির্বাচন প্রক্রিয়ার ওপর একটি চূড়ান্ত আনুষ্ঠানিক সীলমোহর বলা যায়।

শুক্রবার নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত প্রাথমিক ফলাফলে দেখা গেছে, বিএনপি ও তার মিত্ররা ২৯৯টি সংসদীয় আসনের মধ্যে ২১২ আসনে, জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট ৭৭, স্বতন্ত্র ৭ এবং অন্যরা ১ আসনে জয়ী হয়েছে। নির্বাচনে দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভ করে সরকার গঠন করতে যাচ্ছে বিএনপি। এর মাধ্যমে প্রায় দুই দশক পর ফের রাষ্ট্রীয় ক্ষমতায় যাচ্ছে দলটি।

প্রায় দুই দশকের মধ্যে বাংলাদেশ প্রথমবারের মতো সত্যিকারের প্রতিযোগিতামূলক নির্বাচনের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। বিশ্লেষকরা বলছেন, এই নির্বাচন বাংলাদেশের পররাষ্ট্র নীতির ক্ষেত্রে একটি 'দৃষ্টান্তমূলক পরিবর্তন' শুরুর ইঙ্গিত।

ফলাফল ঘোষণার পরপরই প্রতিবেশী ভারত এবং পাকিস্তান উভয় দেশের প্রধানমন্ত্রীসহ বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ৬০ বছর বয়সী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক দেলোয়ার হোসেন এই ফলাফলকে 'ভারত ও পাকিস্তানের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক গঠনের ক্ষেত্রে একটি নতুন মোড়' হিসেবে বর্ণনা করেছেন।

তিনি বলেন, নতুন সরকার স্পষ্ট লক্ষ্য এবং কার্যকর বাস্তবায়ন কৌশলসহ একটি নীতি কাঠামো আনতে পারে। ভারত-পাকিস্তানের অব্যাহত বৈরিতা এবং চীন-ভারত প্রতিদ্বন্দ্বিতা বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোতে পররাষ্ট্র নীতির পদক্ষেপের গুরুত্বপূর্ণ নির্ধারক হতে পারে।

ভারতের সঙ্গে সম্পর্ক পুনর্নির্মাণ হবে?

শুক্রবার ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে সামাজিক মাধ্যমে পোস্ট করেছেন এবং এর কয়েক ঘণ্টা পরে ফোনে কথা বলেছেন।

মোদি লিখেছেন, ভারত একটি গণতান্ত্রিক, প্রগতিশীল এবং অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশের সমর্থনে পাশে থাকবে। তারেক রহমানের উদ্দেশে তিনি বলেন, এই জয় আপনার নেতৃত্বের প্রতি বাংলাদেশের জনগণের আস্থার প্রতিফলন। অন্য একটি পোস্টে তিনি বলেছেন, তিনি শুভেচ্ছা জানাতে তারেক রহমানের সঙ্গে ফোনে কথা বলেছেন।

তিনি বলেন, আমি আমাদের উভয় দেশের জনগণের শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির প্রতি ভারতের অব্যাহত প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছি।

নয়াদিল্লি ক্ষমতাচ্যুত শেখ হাসিনা সরকারের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলেছিল। বাংলাদেশকে একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে দেখা হয়েছে, কারণ দীর্ঘদিন ধরেই দক্ষিণ এশিয়ায় প্রভাব বিস্তারের ক্ষেত্রে আঞ্চলিক শক্তি ভারত ও চীনের মধ্যে তীব্র প্রতিযোগিতা বিরাজ করছে।

কিন্তু ২০২৪ সালে ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনার কর্তৃত্ববাদী সরকার উৎখাত হয় এবং তিনি দেশ ছেড়ে ভারতে পালিয়ে যেতে বাধ্য হন। তিনি ভারতে আশ্রয় নেওয়ার পর থেকেই নয়াদিল্লি এবং ঢাকার মধ্যে সম্পর্ক ঐতিহাসিকভাবে তলানিতে পৌঁছায়। এর মধ্যে আছে প্রতিক্রিয়া, বাণিজ্য নিষেধাজ্ঞা এবং ২০২৪ সালের প্রাণঘাতী বিক্ষোভ পরিচালনার জন্য বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক মৃত্যুদণ্ড কার্যকর করা সত্ত্বেও হাসিনাকে প্রত্যর্পণে ভারতের অস্বীকৃতি।

তবে হাসিনা-পরবর্তী বাংলাদেশে ভারত একটি নতুন রাজনৈতিক বাস্তবতার সঙ্গে খাপ খাইয়ে নিতে শুরু করেছে। চলতি বছরের শুরুতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুর পর ঢাকায় আসেন এবং তারেক রহমানের সঙ্গে দেখা করে সমবেদনা জানান। তার ছেলে এবং বিএনপির বর্তমান চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশের পরবর্তী প্রধানমন্ত্রী হতে চলেছেন।

ভারত ভবিষ্যতে বিএনপি সরকারের সঙ্গে কাজ করার আগ্রহ দেখিয়েছে। এখন যেহেতু নির্বাচন শেষ হয়েছে, তাই এটি বাস্তবে পরিণত হয়েছে।

জর্জিয়া স্টেট ইউনিভার্সিটির ভূ-রাজনৈতিক বিশ্লেষক আসিফ বিন আলী বলেন, বাংলাদেশের একটি নির্বাচিত সরকার 'ভারতের সঙ্গে কার্যকর সম্পর্কে ফিরে যাওয়ার জন্য দৃঢ়ভাবে উৎসাহ পাবে। শেখ হাসিনার অধীনে বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্কের যে সমীকরণ ছিল তা অনুসরণ করা উচিত হবে না। দুপক্ষের মধ্যেই ভারসাম্য থাকা জরুরি।

আসিফ বিন আলী আরও বলেন, আমি আরও সতর্ক অবস্থান আশা করি, যা পারস্পরিক শ্রদ্ধা, পারস্পরিক সার্বভৌমত্ব এবং একে অপরের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ না করার ওপর জোর দেয়। একই সঙ্গে ঢাকার নিজস্ব কৌশলগত স্বায়ত্তশাসনের জন্য জায়গা থাকবে।

তবে হাসিনাকে প্রত্যর্পণের পাশাপাশি আরও বেশ কিছু জটিল বিষয় রয়ে গেছে। এগুলো হলো- তিস্তার অমীমাংসিত পানিবণ্টন বিরোধ, ভারতীয় বাহিনীর যখন তখন সীমান্তে গুলি চালানো এবং ভারতের দিকে বিশাল বাণিজ্য ঘাটতি।

নতুন সরকারকে নয়াদিল্লির প্রতি আরও কঠোর অবস্থান গ্রহণের জন্য দেশে চাপের সম্মুখীন হতে হবে। বিশেষ করে বাংলাদেশি তরুণদের একটি বৃহৎ অংশের ভারতবিরোধী মনোভাবের কারণে নতুন সরকারকে বেশ সতর্ক থাকতে হবে। এই তরুণদের অভিযোগ, দীর্ঘদিন ধরেই ভারত দেশের অভ্যন্তরীণ বিষয়ে 'অতিরিক্ত হস্তক্ষেপ' করে আসছে।

পাকিস্তানের কেন্দ্রবিন্দু

যেখানে ভারত অনিশ্চয়তার মুখোমুখি, সেখানে পাকিস্তান একটি সুযোগ দেখছে। নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশের অন্তর্বর্তী প্রশাসনের অধীনে বাংলাদেশ এবং পাকিস্তান সরাসরি বিমান চলাচল পুনরায় শুরু করে, উচ্চ পর্যায়ের বেসামরিক ও সামরিক সফর বিনিময় করেছে এবং ভিসা প্রক্রিয়া সহজ করেছে। ফলে দুপক্ষের মধ্যে আস্থা বেড়েছে।

বিশ্লেষকরা বলছেন, বিএনপি সরকারের অধীনে এই গতি বৃদ্ধি পেতে পারে। পাকিস্তানের প্রাক্তন পররাষ্ট্র সচিব এবং কূটনীতিক সালমান বশির বলেন, বাংলাদেশের নির্বাচন ভারতের সঙ্গে আওয়ামী লীগের 'দীর্ঘদিনের অস্থিরতার অবসান' এবং পাকিস্তানের সঙ্গে 'ঘনিষ্ঠ সম্পর্ক পুনরায় শুরু' হওয়ার চিহ্ন বহন করছে।

তিনি বলেন, বাংলাদেশকে ভারত এবং পাকিস্তানের সঙ্গে সম্পর্কের ভারসাম্য বজায় রাখতে হবে না। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক উন্নত হয়েছে। ঢাকার সঙ্গে সম্পর্ককে অগ্রাধিকার দেওয়ার বর্তমান নীতিতে পাকিস্তানের অটল থাকা উচিত।

গত মাসে, পাকিস্তানি সেনাবাহিনী ঘোষণা করেছে যে, তারা বাংলাদেশের সঙ্গে পাকিস্তানে তৈরি জেএফ-১৭ যুদ্ধবিমান বিক্রি করার জন্য আলোচনা করছে। বশির বলেন, প্রতিরক্ষা বিষয়ে বাংলাদেশ, পাকিস্তান এবং চীন আরও ঘনিষ্ঠ হতে পারে।

তিনি বলেন, পাকিস্তান এবং মধ্যপ্রাচ্যের প্রতি বাংলাদেশের আরও স্বাধীন নীতি গ্রহণ করা সম্ভব হবে। চীনের সঙ্গে সম্পর্ক আরও দৃঢ় হবে। সংক্ষেপে এর অর্থ হলো, এই অঞ্চলে ভারতের প্রভাবশালী অবস্থানের বিপরীত অবস্থান।

তবে অন্যান্য বিশ্লেষকরা সতর্কতা অবলম্বন করার আহ্বান জানিয়েছেন। জর্জিয়া স্টেট ইউনিভার্সিটির বিশ্লেষক আলী বলেন, বাংলাদেশের অর্থনৈতিক স্বার্থ এবং ভূগোল নিশ্চিত করে যে, ভারত তার প্রধান প্রতিবেশী হিসেবে থাকবে।

আন্তর্জাতিক ক্রাইসিস গ্রুপের প্রবীণ দোষ্ট্রি মনে করেন, ঢাকা বেইজিং এবং নয়াদিল্লি উভয়ের সঙ্গেই সম্পর্কে ভারসাম্য বজায় রাখার চেষ্টা করবে, ইসলামাবাদের সঙ্গেও যোগাযোগের সম্ভাবনা আছে। তিনি বলেন, ভারত তার কৌশলগত এবং পররাষ্ট্র নীতিতে একটি বাস্তববাদী দৃষ্টিভঙ্গি অনুসরণ করে। যদিও কখনো কখনো নিজেকে পুনর্নির্মাণ করতে সময় লাগতে পারে।

বাংলাদেশ সেন্টার ফর ইন্দো-প্যাসিফিক অ্যাফেয়ার্সের নির্বাহী পরিচালক শাহাব এনাম খান বলেন, বিএনপি ইসলামাবাদ এবং দিল্লি উভয়ের প্রতি 'আরও লেনদেনমূলক দৃষ্টিভঙ্গি' অনুসরণ করবে।

একটি প্রাকৃতিক আঞ্চলিক প্রতিবেশী হিসেবে পাকিস্তান আরও স্বচ্ছ এবং কাঠামোগত সহযোগিতা থেকে উপকৃত হবে বলেও উল্লেখ করেন তিনি।

চীনের সঙ্গে নতুন অধ্যায়?

সম্ভবত বাংলাদেশ সরকারের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পর্ক হবে চীনের সঙ্গে। বেইজিং শেখ হাসিনার সঙ্গে দৃঢ় সম্পর্ক বজায় রেখেছে। একই সঙ্গে বাংলাদেশের রাজনৈতিক পরিমণ্ডলজুড়ে সংযোগ গড়ে তুলেছে, অভ্যন্তরীণ রাজনৈতিক গতিশীলতা নির্বিশেষে নিজের অবস্থান ধরে রেখেছে।

শেখ হাসিনার দীর্ঘ শাসনামলে, চীন তার বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের মাধ্যমে তার অর্থনৈতিক অবস্থান সম্প্রসারণ করেছে, ঢাকার সঙ্গে অবকাঠামোগত বিনিয়োগ এবং সামরিক সহযোগিতা আরও গভীর করেছে।

শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূসসহ অন্যান্য কর্মকর্তারা বেইজিংয়ে উচ্চ পর্যায়ের সফরের পাশাপাশি প্রায় ২ দশমিক ১ বিলিয়ন ডলারের চীনা বিনিয়োগ, ঋণ ও অনুদান নিশ্চিত করেছেন।

শুক্রবার চীনা দূতাবাস বিএনপির বিজয়ে অভিনন্দন জানিয়েছে। চীন-বাংলাদেশ সম্পর্কের নতুন অধ্যায় লেখার জন্য নতুন সরকারের সঙ্গে কাজ করার জন্য প্রস্তুতির কথাও জানিয়েছে তারা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক দেলোয়ার হোসেন বলেছেন, বিএনপি সম্ভবত চীনের সঙ্গে তার সম্পর্ক আরও গভীর করবে। দলের নেতৃত্বে পূর্ববর্তী সরকারগুলোর অধীনে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের অতীত অভিজ্ঞতার কথা শুনবে।

একই সঙ্গে তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশ এই অঞ্চলে 'চীনের বর্ধিত উপস্থিতির বিরুদ্ধে ক্রমবর্ধমান আমেরিকান বিরোধিতার' মুখোমুখি হতে পারে।

জর্জিয়া স্টেট ইউনিভার্সিটির আলী যুক্তি দিয়েছিলেন যে, ঢাকার সবচেয়ে কার্যকর পথ হবে 'চীনা বিনিয়োগ এবং সংযোগ প্রকল্পগুলোকে এমনভাবে রাখা যেখানে তারা বাংলাদেশের স্বার্থ রক্ষা করে, একই সঙ্গে চীন, ভারত এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে বৈদেশিক নীতিকে আরও গতিশীল এবং নিয়মভিত্তিক করা।'

ঢাকা যদি তার অগ্রাধিকার সম্পর্কে স্বচ্ছ হতে পারে এবং চীনকে নিরাপত্তা প্রতীকের পরিবর্তে অর্থনীতিতে কেন্দ্রীভূত রাখতে পারে, তাহলে তার নিজস্ব কৌশলগত স্থান রক্ষা করার পাশাপাশি বড় শক্তির প্রতিদ্বন্দ্বিতায় না যাওয়ার আরও ভালো সুযোগ থাকবে বলে মনে করেন তিনি।

ঢাকার সূক্ষ্ম ভারসাম্যমূলক পদক্ষেপ

বিএনপির ইশতেহারে 'বাংলাদেশ প্রথম' নীতির ওপর জোর দেওয়া হয়েছে, যেখানে জাতীয় সার্বভৌমত্ব, নিরাপত্তা এবং জনগণের কল্যাণকে অগ্রাধিকার দেওয়ার জন্য সব আন্তর্জাতিক সম্পর্ক এবং সম্পৃক্ততার আহ্বান জানানো হয়েছে।

বাস্তবতা হলো, একটি সার্বভৌম দেশ হিসেবে, বাংলাদেশকে চীন, পাকিস্তান, মিয়ানমারসহ সব দেশের সঙ্গে সম্পর্ক গড়ে তুলতে হবে। এটি আসন্ন সরকারের জন্য একটি বড় চ্যালেঞ্জ হবে।

বাংলাদেশ সেন্টার ফর ইন্দো-প্যাসিফিক অ্যাফেয়ার্সের শাহাব এনাম খান বলেন, নতুন প্রশাসনকে তার কূটনীতি 'বড় কথায় নয় বরং বাস্তববাদ'-এর ওপর ভিত্তি করে গড়ে তুলতে হবে।

ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের ডছি বলেছেন, বাংলাদেশের রায় দক্ষিণ এশীয় অঞ্চলকে পুনর্বিবেচনার সুযোগ দিয়েছে। তিনি বলেন, পররাষ্ট্র নীতি হঠাৎ করে পরিবর্তন হওয়ার পরিবর্তে ধীরে ধীরে বিকশিত হতে থাকে।

যেসব দেশ ২০২৬ সালে সবচেয়ে বেশি ও কম সময় রোজা রাখবে

বাংলা পত্রিকা রিপোর্ট: বিশ্বজুড়ে শীঘ্রই শুরু হতে যাচ্ছে পবিত্র রমজান মাস। চাঁদ দেখার ওপর নির্ভর করে কোনো কোনো দেশে রমজান শুরু হবে ১৮ ফেব্রুয়ারি, আবার কোথাও ১৯ ফেব্রুয়ারি। তবে ভৌগোলিক অবস্থান ও ঋতু পরিবর্তনের কারণে এ বছরও বিশ্বের সব দেশে রোজার সময় এক হবে না।



চন্দ্রবর্ষের হিসাব অনুযায়ী এবার রমজান প্রায় ১০ দিন এগিয়ে শুরু হবে।

ফলে ২০২৬ সালে রমজান পড়ছে শীতের শেষভাগে। জ্যোতির্বিজ্ঞানীদের তথ্য অনুযায়ী, আগের বছরের তুলনায় এ বছর বিভিন্ন দেশে রোজার সময় তুলনামূলক কিছুটা কম হবে। যা সর্বনিম্ন প্রায় সাড়ে ১১ ঘণ্টা থেকে সর্বোচ্চ সাড়ে ১৫ ঘণ্টা পর্যন্ত হতে পারে।

উত্তর গোলার্ধে এ বছর রোজার সময় হবে আনুমানিক ১২ থেকে ১৩ ঘণ্টা, যা দিন বাড়ার সঙ্গে সঙ্গে ধীরে ধীরে বৃদ্ধি পাবে।

বিপরীতে দক্ষিণ গোলার্ধে রোজার সময় ১৪ থেকে ১৫ ঘণ্টার মধ্যে থাকতে পারে, যা সময়ের সঙ্গে কিছুটা কমে আসবে।

ইসলামিক ফাইন্ডারের তথ্য অনুযায়ী, এ বছর সবচেয়ে দীর্ঘ সময় রোজা রাখবে নিউজিল্যান্ডের মুসলিমরা। তালিকায় এর পরপরই অবস্থান চিলি, অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকার। অন্যদিকে, সবচেয়ে স্বল্প সময়ের রোজা পালিত হবে ফ্রান্স, আইসল্যান্ড, গ্রিনল্যান্ড ও ফিনল্যান্ডের মতো দেশগুলোতে।

আরব দেশগুলোতে রোজার সময় গড়ে সাড়ে ১২ ঘণ্টা থেকে ১৩ ঘণ্টা পর্যন্ত হতে পারে। আর বাংলাদেশে রোজার সময় থাকবে প্রায় পৌনে ১৩ ঘণ্টা থেকে সাড়ে ১৩ ঘণ্টার মধ্যে।

নিরক্ষরেখা থেকে কোনো দেশ যত দূরে, সেখানে দিনের দৈর্ঘ্যের তারতম্য তত বেশি হয়। ফলে উত্তর ও দক্ষিণ মেরুর কাছাকাছি অঞ্চলে রোজার সময়েও বড় পার্থক্য দেখা যায়।

বিশেষজ্ঞদের মতে, শীতের সময়ে রমজান পড়ায় এবারের আবহাওয়া তুলনামূলক শীতল থাকবে, যা রোজা পালনে স্বস্তি এনে দিতে পারে।

মুসলিম প্রধান দেশগুলোতেও এবারের রমজান তুলনামূলক আরামদায়ক হবে বলে ধারণা করা হচ্ছে।

নিউইয়র্কে মুসলিম

শেষ পৃষ্ঠায় পর

উপলক্ষ্যে জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর উদ্যোগে সোমবার (১৬ ফেব্রুয়ারী) কুইন্স প্রি রমাদান কনফারেন্স-২০২৬ আয়োজন করা হয়েছে। এদিন সন্ধ্যা সাড়ে ৭টায় জেএমসি মিলনায়তনে এই কনফারেন্স অনুষ্ঠিত হবে।

অপরদিকে জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ব্রুকলীন, ব্রঙ্কস, ওজনপার্ক প্রভৃতি এলাকার গ্রোসারী স্টোগুলোতে খোঁজ নিয়ে জানা গেছে নিত্য প্রয়োজনীয় অনেক জিনিসপত্রের মূল্য বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে পবিত্র রমজানের আগে ইফতারী সামগ্রীর বিভিন্ন আইটেমের মূল্য বেড়ে যাওয়ায় জনমনে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। একাধিক ক্রেতা জানান, চাল-ডাল, তেল, পিয়াজ ছাড়াও খেজুর সহ ইফতারী সামগ্রীর মূল্য অনেক বৃদ্ধি পেয়েছে। তবে জ্যাকসন হাইটস এর ইত্যাদি, মান্নান, আপনাবাজারসহ প্রায় অধিকাংশ পণ্যে রমজান উপলক্ষে বিশেষ ছাড় দেয়া হচ্ছে বলে জানান ক্রেতারা। বিশেষ করে মাংস, মসলা, ইফতারের নিত্যপণ্যে ছাড় দিচ্ছে গ্রোসারী শপগুলো।

পাশাপাশি হোটেল রেস্তোরাগুলোতেও চলছে রমজানের ইফতার প্রস্তুতি। ইতিমধ্যেই বিভিন্ন রেষ্টরেন্ট আর পার্টি হাউজগুলো ইফতার পার্টির জন্য বুকিং হয়ে গেছে বলে সংশ্লিষ্ট জানিয়েছেন। বিভন্ন মসজদি আর সংগঠনের পক্ষ থেকে বিতরণ করা হচ্ছে সেহরী-ইফতারীর ক্যালেন্ডার।

কমিউনিটি সংগঠনগুলো ইফতার পার্টির আয়োজন শুরু করেছে। ইতিমধ্যে জালাবাদ এসোসিয়েশন ইউএসএ, এস্টোরিয়ায়া ওয়েল ফেয়ার সোসাইটি, কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশন সহ প্রায় ২ ডজনেরও বেশি কমিউনিটি সংগঠন এবং একাধিক ব্যবসায়ী সংগঠন ইফতার মাহফিল আয়োজন করেছে।



এটর্নি শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের শুভেচ্ছা ও অভিনন্দন।

আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএস ইমিগ্রেশনের "পাবলিক চার্জ" প্রভিশান :

ডিওএস'র ঘোষণায় কনসুলার অফিসারদের সরকারের বিস্তারিত ইনভেস্টিগেশন প্রক্রিয়া ৭৫টি দেশের নতুন ভিসা ইস্যু করা বন্ধ রাখতে নির্দেশ দেয়া হয়েছে। হোয়াইট হাউসের সাবেক টুইটারে বলা হয়েছে যে, এই ঘোষণা ইমিগ্রান্ট ভিসার ক্ষেত্রে প্রযোজ্য হলেও নন-ইমিগ্রান্টদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য কিনা বিষয়টি স্পষ্ট নয়।

হোয়াইট হাউস মনে করে যে ৭৫টি দেশে ভিসা সাময়িকভাবে বন্ধ করা জরুরি। এই উদ্দেশ্যে জরুরি যে তাদের ইউএস সরকার থেকে বিভিন্ন সুবিধা গ্রহণ হতে বিরত করা। প্রশাসনের কর্মকর্তারা উল্লেখ করেছেন যে, বর্তমান সময়ে বিভিন্ন সরকারি দফতর সমূহের মধ্যে তথ্য শেয়ার করার ঘাটতিও রয়েছে এবং সরকার ভিসা ইস্যু করার পূর্বেই আরও অধিক কার্যকর পন্থা প্রবর্তন করবে।

ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ৭৫টি দেশের নাগরিকদের জন্য ভিসা প্রক্রিয়াকরণ বন্ধ করে দিয়েছে এবং ডিওএস'র এই ঘোষণা ২১ জানুয়ারি ২০২৬ থেকে কার্যকর হয়েছে।

রিয়াল আইডি:

রিয়াল আইডি হচ্ছে সিকিউরিটি এনহ্যান্স ড্রাইভার্স লাইসেন্স কার্ড। যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) প্রণীত ফেডারেল মান মেটাবে/আর এই রিয়াল আইডি'র সময়সীমা বাড়ানো হয়েছে অনেকবার। এর মেয়াদ মে ৭, ২০২৫ পর্যন্ত বাড়ানো হয়েছে। এই তারিখের পর ইউএসএ বসবাসকারীদের রিয়াল কার্ডের সাথে এর সমমান সম্পন্ন অন্য কোনো ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে - ইউএসএ'র ভেতরে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমণের জন্য ফেডারেল এবং সামরিক ঘাটিতে প্রবেশের জন্য।

রিয়াল আইডি প্রত্যেক স্টেটের মোটর ভেইকেল ডিপার্টমেন্ট (ডিএমভি) ইস্যু করে থাকে। এই কার্ডের জন্য স্থানীয় ডিএমভি অফিসে যেতে হবে। সেই সাথে নিচে উল্লেখিত প্রমাণপত্রসমূহ উপস্থাপন করতে হবে – যা এর আগে ও উল্লেখ করা হয়েছে এই বিভাগের মাধ্যমে।

রিয়াল আইডি'র জন্য নিম্নে উল্লেখিত প্রমাণ দাখিল করতে হবে:

১) পরিচয়ের প্রমাণ: একটি বৈধ পাসপোর্ট (বার্থ সার্টিফিকেট বা পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড।

২) সোশ্যাল সিকিউরিটি নম্বরের প্রমাণপত্র: সোশ্যাল সিকিউরিটি কার্ড।

৩) স্টেট রেসিডেন্সির প্রমাণ: ইউটিলিটি বিল, ভাড়ার চুক্তি বা ব্যাংক স্টেটমেন্ট যাতে থাকে আপনার বর্তমান ঠিকানা।

৪) নাম পরিবর্তনের প্রমাণপত্র (প্রযোজ্য হলে): বৈবাহিক সনদ, তালাকনামা বা কোর্টের আদেশ, (যদি আপনার বর্তমান নাম জন্ম সনদের নাম থেকে হয়।)

প্রত্যেক স্টেটের নিয়মকানুন কোন কোন ক্ষেত্রে সামান্য পার্থক্য হতে পারে। এক্ষেত্রে আপনি আপনার স্টেটের ডিএমভি'র ওয়েব সাইট চেক করে নেবেন আপনার আবেদন করার পূর্বেই। রিয়াল আইডি কারো জন্য বাধ্যতামূলক নয়। দেশের মধ্যে ভ্রমণের জন্য এবং পাসপোর্ট সঙ্গে নিতে না চাইলে সেক্ষেত্রে রিয়াল আইডি স্বস্তিদায়ক।

ফেব্রুয়ারি ২০২৬ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300
OFF
* Minimum $10000 cash
purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

ক্যাকটাসের অনন্ততা থেকে উদ্ধৃতাংশ

মাহমুদ দারবিশ

অনুবাদ: তমিজ উদ্‌দীন লোদী

সে তার চাবিটির জন্য অনুভব করল যেভাবে অনুভব করে
তার অঙ্গপ্রত্যঙ্গগুলি এবং আশ্বস্ত হল। সে বলল
যখন তারা কাঁটার বেড়া পেরিয়ে উঠছিল:
মনে রেখো, বৎস, এখানে ব্রিটিশরা ক্রুশবিদ্ধ করেছিল
তোমার বাবাকে একটি ক্যাকটাসের কাঁটার উপর দু'রাত ধরে
এবং তিনি স্বীকারোক্তি দেননি। তুমি বড় হবে,
বৎস, এবং তাদের কাছে বলবে যারা তাদের বন্দুকগুলির উত্তরাধিকারী হবে
লোহায় লেগে থাকা রক্তের গল্প...

কেন তুমি ঘোড়াটিকে একা রেখে এসেছিলে?
বাড়ির সঙ্গ দিতে, বৎস
বাড়িগুলো মরে যায় যখন তাদের বাসিন্দারা চলে যায়...

অনন্ততা তার দরজা খুলে দেয় দূরত্ব থেকে
রাতের যানবাহনের জন্য। প্রান্তরের নেকড়েরা
ভীত চাঁদের দিকে গর্জন করে। আর একজন বাবা
তার ছেলেকে বলে: তোমার দাদার মত শক্ত হও!
ওক গাছের শেষ পাহাড়ে আমার সাথে চড়ো,
বৎস, এবং মনে রেখো: এখানে জেনিসারি পড়েছিল
যুদ্ধের খচ্চর থেকে। তাই আমার সাথে অটল থাকো
এবং আমরা ফিরে আসব।

কখন, বাবা?
কাল। সম্ভবত দুই দিনে, বৎস!

[জেফ্রি স্যাক্সের ইংরেজি অনুবাদ থেকে বাংলা অনুবাদ]

সীমাচ্যুত

তোফায়েল তফাজ্জল

এরা সীমাচ্যুত, কাণ্ডজ্ঞান-দৈন্য প্রবৃত্তির টান।
না-বোধক পদ খেয়ে অনেকেই তোতাপাখি বক্তা,
যা পাচ্ছে তা তুলছে জিভে।
রাঘববোয়াল বা পুকুর চোরের হিসাব এখন
আঙুলে গোনার বাইরে, কচুরিপানাকে টেক্কা দেয়ার পর্যায়ে।
পৌঁছে যাচ্ছে লালবাতি জ্বলা দাগটায়।

এরা সবখানে ঝুলায় মুলো,
প্রয়োজনে পয়োনালি থেকে ধার করে আচরণ;
চক্ষুলজ্জা খেয়ে চরিত্র বন্ধক রেখে
সদর্পে চালায় হাতেপায়ে নোংরা লাগানোর জুড়ি।
তাকালেই অন্যের স্বপ্ন বা সুখশান্তিকে শরে জব্দ করতে দেখবে
কিংবা হিন্দি-হলিউডে চলা যুদ্ধংদেহী সিনেমার দৃশ্য।
অর্জিত সম্মান ধুলায় মিশিয়ে রক্ত-বন্যা বইয়ে দিয়ে
পটকাবাজি বা উল্লাসে মেতে ওঠা মনেই হয় না নিষ্ঠুরতা!

এদের চিন্তায় সর্বদাই জোঁক-ঝোঁক,
ছোটোগুলো ছায়াদের শিকার বানিয়ে
কালো অধ্যায় রচনা করে।

আগুনের কলসে জীবন

রুহুল কাদের

জগৎ হিমযুগে জন্মেছে পরপর চারবার
কারো কারো আজন্ম হিমযুগ
যায় আসে শতবার-
উষ্ণ গুহা খুঁজে এ যুগের আদিবাসী করে
প্রয়োজনীয় আগুন আবিষ্কার।

গুপ্ত গুহায় দেহগুঁজে মনের উনুনে
জ্বালায় সুপ্ত জীবনলাভা
করতলের স্বপ্নরেণুর জোড়া লাগায়
অক্লান্ত অ্যামিবা-

আগুনের কলসে ভরে রেখে
হিমে জমা
জীবন,
মহামারি, জলাজংলার জন্তুর
হাড়পোড়ায়; করে রক্তবিষ নিষ্কাসরণ।

প্রার্থনার প্রেমে

জেবুন্নেছা জোৎস্না

বাতাসের শ্বাসে অশরীরি দীর্ঘশ্বাস
আমি পঞ্চ ইন্দ্রিয়ে আত্মার কথা শুনি
তুমি সেই ইথার ইকোতে-
মনে পড়ে, তোমাকে দেখার প্রথম সময়,
যা ছিলো আবার শেষ দেখা-
তোমার শরীর ক্ষত- বিক্ষত আঘাতে-
নিস্প্রাণ- অথচ কি সরল শান্তির ঘুমে-
তোমার চুঁইয়ে পড়া রক্তের কণাতে
ক্রমাগত বিভাজিত আমার ভালোবাসার বীজ
আমি মুহূর্তে ভিসুভিয়াস হয়ে তোমাকে জাগাতে
ভালোবাসার উত্তাপ ছড়িয়ে দিলাম সূর্যে
সূর্য উষ্ণতায় মৃত কোষ জাগে- তুমি জাগলে না-
স্মিত হাস্যে হলে গ্রোথিত জমিনে

কখনও পাতার হঠাৎ পতন আমাকে চমকায়
বাতাসে তোমার নিঃশ্বাসের গন্ধ
ত্বকে তোমার অদৃশ্য স্পর্শ- যেন তুমি মৃত্যু
পেরিয়ে নিঃশব্দে আমার পাশের চেয়ারটায়-
অদৃষ্টের উপস্থিতি শূন্যে- প্রার্থনার প্রেমে-
মৃত্যু শেষ নয়, প্রেমকে ভালোবাসতে



প্রাক বসন্তের কবিতা

শেখর ভট্টাচার্য

প্রাক বসন্তের নরম রোদে তুমি এথেনা হয়ে যাও,
জ্ঞানী, ধারালো সুন্দরী কিছুটা স্নিগ্ধ,
বিবর্ণ ঘাস পেলব স্পর্শে হয়ে যায় সতেজ সজীব,
আফ্রোদিতির ধ্রুপদ সৌন্দর্য ম্লান হয়ে দৃষ্টি এড়ায়,
এথেনার ধারালো ছুরির মতো চোখ কবিতা হয়ে যায়।

বসন্ত পূর্ব মৃত্তিকার স্মিত হাসি বেনারসি শাড়ি হয়ে ওড়ে
বসন্ত আসবে, "কুশান" নৃত্যে মগ্ন হও তুমি আঙিনা জুড়ে
বসন্তের অপেক্ষায় ছেঁড়া মেঘ ওড়ে যায় সুন্দরের পিপাসায়
বসন্ত এলে ফুলেল হাওয়ার পর্বশেষে, নিস্তরঙ্গ নদী সুর ছড়ায়,
অগোছালো বাতাসের স্পন্দন ভালোবাসার মতো নক্ষত্রে হারায়
বসন্ত পূর্ব বাতাস মানুষে মানুষে মিলনের গান গেয়ে যায়।
আহা, প্রাক বসন্তের হাওয়া মনবৃক্ষে, প্রজাপতি হয়ে রঙ ছড়ায়!!

অভিমানের উপকথা

দীপঙ্কর ইমন

আমি বড্ড অভিমানী হয়ে গেছি আজকাল
দূরত্ব বাড়িয়ে দেই,
কথা বন্ধ করে দেই অভিমানে।

রাতের আকাশের দিকে চেয়ে দেখি
আমার চাঁদ মধ্য আকাশে
চুল পাকছে বুদ্ধি কিংবা নির্বুদ্ধিতায়।

এখন অভিমান খুব উপভোগ করি আমি
কারণ মানুষের অভিমান গুলো,
হয়তো মধ্য বয়সেই সাবালক হয়ে উঠে।

নদীর একাকিত্বের মানচিত্র

তানভীর আহমেদ হৃদয়

নদী আজ নিজের সঙ্গেই কথা বলে,
পাড়ে পাড়ে জমে থাকা নীরবতা ছুঁয়ে ছুঁয়ে।
তার স্রোত জানে-
কোথাও পৌঁছানো মানেই ফুরিয়ে যাওয়া নয়,
বরং আরও গভীর হারিয়ে যাওয়া।
চাঁদের আলো ভিজে থাকে তার বুকে,
কিন্তু কেউ প্রশ্ন করে না-
এই আলো কি আশ্বাস,
নাকি নিঃসঙ্গতার আরও এক নাম?
নদী হেঁটে চলে সময়ের ভেতর,
কোনো চিঠি লেখে না, কোনো বিদায়ও জানে না।
সে শুধু বহন করে- ভাঙা ঘর, অপূর্ণ প্রার্থনা
আর মানুষের ফেলে যাওয়া দীর্ঘশ্বাস।

স্ন্যাপ সুবিধাভোগীদের তথ্য দিতে স্টেটগুলোকে বাধ্য করা যাবে না

শেষ পৃষ্ঠায় পর স্ন্যাপ সুবিধাভোগী ও আবেদনকারীদের ব্যক্তিগত তথ্য, এমনকি তাদের অভিবাসন অবস্থার তথ্যও চাওয়া হয়েছিল।

গত বছর ২২টি রাজ্য এই নীতির বিরুদ্ধে মামলা করে। তাদের অভিযোগ ছিল, এসব তথ্য অভিবাসন প্রয়োগকারী সংস্থার সঙ্গে ভাগ করা হতে পারে, যা আইনবিরোধী। বিচারক আগেই কৃষি বিভাগকে এই তথ্য সংগ্রহের নির্দেশনা কার্যকর করা থেকে বিরত রাখেন। তবে ডিসেম্বরে বিভাগটি আবারও রাজ্যগুলোকে সতর্ক করে জানায়, তথ্য না দিলে স্ন্যাপ পরিচালনার প্রশাসনিক খরচ বহন করা হবে না। পাশাপাশি তথ্য সুরক্ষার নতুন প্রটোকলও জারি করা হয়, যা মামলায় যুক্ত রাজ্যগুলো প্রত্যাখ্যান করে।

ট্রাম্প প্রশাসনের দাবি, দেশের সবচেয়ে বড় খাদ্য সহায়তা কর্মসূচিতে জালিয়াতি ও অপচয় রোধে এই তথ্য প্রয়োজন। প্রশাসনের বক্তব্য, জমা দেওয়া তথ্য থেকে আগের ধারণার চেয়ে বেশি জালিয়াতির প্রমাণ মিলেছে। তবে এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি।

স্ন্যাপ যুক্তরাষ্ট্রের সামাজিক নিরাপত্তা ব্যবস্থার গুরুত্বপূর্ণ অংশ। প্রায় ৪ কোটি ২০ লাখ মানুষ, অর্থাৎ প্রতি আটজনের একজন, এই কর্মসূচির মাধ্যমে খাদ্য সহায়তা পান। যুক্তরাষ্ট্রে অবৈধভাবে অবস্থানকারীরা এই সুবিধার যোগ্য নন।

মামলায় যুক্ত অধিকাংশ রাজ্যের গভর্নর ডেমোক্র্যাট। যদিও নেভাডা মামলায় অংশ নিয়ে পরবর্তীতে ফেডারেল সরকারের অনুরোধ মেনে তথ্য দিয়েছে। কানসাস তথ্য না দিলেও মামলায় যোগ দেয়নি।

মিরসরাই এসোসিয়েশন ইউএসএ'র নবগঠিত কমিটির অভিষেক

শেষ পৃষ্ঠায় পর হোসেন সেলিম, সহ সভাপতি মোঃ আরিফুল আলম, সাজেদা বেগম সাজু, সহ সাধারণ সম্পাদক শান্ত বিশ্বাস, ফারহানা শারমিন সুমি, কোষাধ্যক্ষ মাঈনুদ্দিন খন্দকার, সাংগঠনিক সম্পাদক জি এম মোর্শেদ, সহ সাংগঠনিক সম্পাদক হায়দার মাহমুদ টিপু, প্রচার ও প্রকাশনা সম্পাদক নাসরিন খোন্দকার, সমাজকল্যান সম্পাদক রোজিনা মনজুর মিনু, ক্রীড়া সম্পাদক আলী শাওন, সাংস্কৃতিক সম্পাদক উৎপল শর্মা, মহিলা সম্পাদিকা নুর জান্নাত পুরবী, সহ মহিলা সম্পাদিকা ফারজানা ইয়াসমিন সুমি, ধর্ম বিষয়ক সম্পাদক নজরুল ইসলাম চৌধুরী, সদস্য মেজবাহ উদ্দিন, সুলতানা আক্তার লাকি, বিপ্লব দে, সায়েম উদ্দিন নিপন, পল্লব রায়, ইয়াসমিন সুলতানা উর্মি।

নবগঠিত কমিটির সভাপতি আবু তাহের মিয়া এবং সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সংগঠনকে আরও গতিশীল, ঐক্যবদ্ধ ও কার্যকরভাবে পরিচালনা এবং প্রবাসে মিরসরাইবাসীর সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক কার্যক্রম আরও বেগবান করার অঙ্গীকার ব্যক্ত করেন।

আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ হানিফ চৌধুরীর সভাপতিত্বে ও কাউসার চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানস্থলে সংগঠনের সদস্য, শুভানুধ্যায়ী ও কমিউনিটির বিভিন্ন পর্যায়ের ব্যক্তিদের উপস্থিতিতে এক উষ্ণ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ সৃষ্টি হয়। দীর্ঘদিন পর একত্রিত হয়ে অনেকেই একে অপরের সাথে কুশল বিনিময় করেন, স্মৃতিচারণ করেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করেন।

নিউইয়র্কে নতুন ট্রাফিক আইন কার্যকর

শেষ পৃষ্ঠায় পর সড়ক নিরাপত্তা জোরদার ও পুনরাবৃত্ত অপরাধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে এই হালনাগাদ পয়েন্ট পদ্ধতি চালু করা হয়েছে। নতুন নিয়ম অনুযায়ী, অতিরিক্ত গতিতে গাড়ি চালানো এবং থেমে থাকা স্কুল বাস অতিক্রম করার মতো সাধারণ কিন্তু ঝুঁকিপূর্ণ অপরাধে আগের তুলনায় বেশি পয়েন্ট যোগ হবে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে লাইসেন্স স্থগিতের সীমায়। এখন দুই বছরের মধ্যে ১০ পয়েন্ট জমলেই লাইসেন্স হারানোর ঝুঁকি থাকবে। আগে এই সীমা তুলনামূলক বেশি ছিল। গুরুতর অপরাধ–যেমন মদ্যপ অবস্থায় গাড়ি চালানো বা লাইসেন্স ছাড়া গাড়ি চালানো–ক্ষেত্রে সর্বোচ্চ ১১ পয়েন্ট পর্যন্ত যোগ হতে পারে, যা সরাসরি লাইসেন্স স্থগিতের দিকে নিয়ে যেতে পারে।

তবে কিছু ক্ষেত্রে আগের নিয়মই বহাল থাকছে। গাড়ি চালানোর সময় মোবাইল ফোন বা বহনযোগ্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করলে আগের মতোই ৫ পয়েন্ট যোগ হবে। যন্ত্রপাতি-সংক্রান্ত কিছু লঙ্ঘনের ক্ষেত্রে পয়েন্ট শূন্যই থাকবে।

এছাড়া পুনরাবৃত্ত অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে আগের ১৮ মাসের পরিবর্তে এখন ২৪ মাসের রেকর্ড বিবেচনা করা হবে। অর্থাৎ গত দুই বছরের লঙ্ঘনের হিসাব ধরে প্রশাসনিক সিদ্ধান্ত নেওয়া হবে।

কর্তৃপক্ষ বলছে, যারা নিয়ম মেনে গাড়ি চালান তাদের জন্য এই পরিবর্তনে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। তবে বেপরোয়া চালক ও বারবার আইন ভঙ্গকারীদের জন্য এটি কঠোর সতর্কবার্তা।

রাইজআপ এনওয়াইসির লিডারশিপ সামিট

২-এর পৃষ্ঠায় পর পরিকল্পনা রয়েছে বলে জানান তিনি। যাতে আমেরিকার মূল ধারার রাজনীতিতে বাংলাদেশি কমিউনিটির একটি শক্তিশালী ও প্রতিনিধিত্বমূলক ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তোলা যায়।

প্রার্থীদের মধ্যে বক্তব্য দেন-নিউইয়র্ক স্টেট কম্পট্রোলার পদপ্রার্থী রাজীব গোয়েল, আদেম বাস্কেদেকো, যুক্তরাষ্ট্র কংগ্রেস ডিস্ট্রিক্ট-৬-এর পদপ্রার্থী চাক পার্ক, ডিস্ট্রিক্ট-৭ অ্যান্টোনিও রেইনোসো এবং জুলি ওন, নিউইর্য়ক স্টেট সিনেটের ডিস্ট্রিক্ট-১৩ জেসিকা রামোস, জেসিকা গঞ্জালেস রোহাস, ডিস্ট্রিক্ট-২৪ ওমর মোহাম্মদ, নিউইর্য়ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট-২৪ মাহতাব খান, ডিস্ট্রিক্ট- ২৫ কেনেথ প্যাক, ডিস্ট্রিক্ট-৩২ মোহাম্মদ মোল্লা, ডিস্ট্রিক্ট-৩৪ আবির কায়াস, ব্রায়ান রোমেরো, ডিস্ট্রিক্ট-৩৭ পিয়া রহমান, ডিস্ট্রিক্ট-৩৮ ভেভিড অরকিন, ডিস্ট্রিক্ট-৮৭ জাকির চৌধুরী। এছাড়াও আরো বক্তব্য দেন নিউইর্য়ক সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্ট-২১ এর সদস্য শ্যানেল থমাস-হেনরি যিনি বর্তমানে কেনো পদে প্রার্থী নন।

নিউইর্য়ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট-৩৪ এর প্রার্থী আবির কায়াস তিনি প্রকৃত অর্থে জনগণের প্রতিনিধি হতে চান বলে তার বক্তব্যে ব্যক্ত করেন। এছাড়াও বাংলাদেশি কমিউনিটির গুরুত্বপূর্ণ সমস্যা, প্রয়োজন ও অগ্রাধিকার নিয়ে তাদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে দৃঢ় অঙ্গিকারবদ্ধ বলে জানান তিনি।

এদিকে কংগ্রেসনাল প্রার্থী জুলি ওন বলেন, এখন সময় এসেছে বাংলাদেশি কমিউনিটির সদস্যদের নিউইর্য়ক সিটি সরকারের উচ্চ পর্যায়ে যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করার এবং তিনি এই লক্ষ্য বাস্তবায়নে কমিউনিটির সঙ্গে কাজ করতে সম্পূর্ণভাবে প্রস্তুত।

আসন্ন ২৩ জুন প্রাইমারি নির্বাচনকে সামনে রেখে বক্তারা নিউইর্য়কজুড়ে বাংলাদেশি-আমেরিকানদের অতীতের চেয়ে আরো বেশি সংখ্যায় ভোট প্রদানের আহ্বান জানান। সর্বশেষ নির্বাচনে নিবন্ধিত বাংলাদেশি ভোটারের প্রায় ৫০ শতাংশ ভোট প্রদান করেছেন বলে বক্তারা জানান। সম্মিলিত প্রচেষ্টায় আগামীতে এই হার ৯০ শতাংশে উপনীত করার লক্ষ্য নির্ধারণের আশা ব্যক্ত করেন বক্তারা। এতে মূলধারার রাজনীতিতে বাংলাদেশিদের প্রতিনিধিত্ব বাড়ানোর পাশাপাশি শক্তিশালী কমিউনিটি বিনির্মাণে প্রতিনিধিদের আরো দায়বদ্ধ ও সক্রিয় করে তুলবে।

অনুষ্ঠানে উপস্থিত প্রার্থীরা বাংলাদেশি কমিউনিটির স্বপ্ন ও চ্যালেঞ্জের প্রতি অকুণ্ঠ সমর্থন জানান এবং প্রতিনিধিত্ব বাড়ানো, সুযোগ সৃষ্টি করা এবং শক্তিশালী কমিউনিটি বিনির্মানে সম্মিলিত কাজ করার অঙ্গীকার করেন। কমিউনিটির নেতারা এই সামিটকে গুরুত্বপূর্ণ সংলাপ, অংশীদারিত্ব এবং সম্মিলিত উদ্যোগের একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে উল্লেখ করেন এবং ভবিষ্যতেও নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। নাগরিক শক্তি বৃদ্ধি, নতুন নেতৃত্ব গড়ে তোলা এবং সরকারের প্রতিটি স্তরে বাংলাদেশি আমেরিকানদের কণ্ঠস্বর পৌঁছে দেওয়াই হল রাইজআপ নিউইর্য়ক সিটির ব্যানারে বার্ষিক লিডারশিপ সামিটের মূল লক্ষ্য।

অনুষ্ঠানের শেষের দিকে সকল প্রার্থীদের উপস্থিতিতে ফটোসেশনে অংশ নেন অতিথিবৃন্দ, সংগঠনটির এক্সিকিউটিভ বোর্ড ও স্বেচ্ছাসেবী সদস্যরা। নৈশভোজের পর অনুষ্ঠানের সমাপনী বক্তব্য দেন রাইজআপের প্রতিষ্ঠাতা এবং বর্তমান সভাপতি শামসুল হক। অনুষ্ঠান সফল করার জন্য উপস্থিত সকল প্রার্থী, অতিথিবৃন্দ, রাইজআপের স্বেচ্ছাসেবী সদস্যদের পাশাপাশি যারা আর্থিক ও অন্যান্যভাবে সহায়তা করেছেন সবাইকে আন্তরিকভাবে ধন্যবাদ দেন তিনি।

ক্লিন ইমেজের মন্ত্রিসভা সময়ের দাবি

শেষ পৃষ্ঠায় পর কতটা উপরে তুলতে পারে সেটাই আসল কথা।

দেশের ভবিষ্যৎ প্রধানমন্ত্রী তারেক রহমানের ঘুরে দাঁড়ানোর ক্ষেত্রে প্যাটনের এই মন্তব্য উদাহরণ হতে পারে। কারণ এক-এগারোর সরকার তাকে খাদের গভীরে ফেলে দিয়েছিল। তারেক রহমানের নেতিবাচক ভাবমূর্তি তৈরি করার জন্য এমন কোনো পদক্ষেপ নেই যা ওই সরকার গ্রহণ করেনি। শুধু তাই নয়, দুর্নীতির অভিযোগ তুলে প্রচারে-প্রপাগান্ডায় বিএনপিকেও নাস্তানাবুদ করেছে। পরবর্তী আওয়ামী লীগ সরকারও বিএনপিকে রাজনৈতিকভাবে ধ্বংস করতে এর ধারাবাহিকতা বজায় রেখেছে। ফলে জনমনে বিএনপি সম্পর্কেও তখন এক ধরনের নেতিবাচক ধারণা তৈরি হয়েছিল। অথচ গত ১৭ বছরে দেখা গেল, বিএনপি ও তারেক রহমান সম্পর্কে যেসব অভিযোগ তোলা হয়েছিল তার বেশির ভাগই ছিল মিথ্যা ও বানোয়াট। তারেক রহমানের নামে দেশে-বিদেশে বড় অঙ্কের কোনো অর্থ বা সম্পদ খুঁজে পাওয়া যায়নি। খালেদা জিয়াকে দুর্নীতির মিথ্যা মামলায় কারাগারে নেওয়ার কারণে তার জনপ্রিয়তা আরও বেড়েছিল, যেটি তার মৃত্যুর পরে জনগণের শ্রদ্ধার্ঘ্যরে মধ্য দিয়ে প্রমাণিত হয়েছে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, সব বাধা-বিপত্তি অতিক্রম করে, দেশি-বিদেশি ষড়যন্ত্র সামাল দিয়ে শেষ পর্যন্ত তারেক রহমান দলকে ঐক্যবদ্ধ রাখতে পেরেছেন। নিজেকে সংযত রেখে, পরিস্থিতি অনুকূলে নিয়ে পেরেছেন নির্বিঘ্নে দেশে ফিরতে। মানুষকে স্বপ্নও দেখিয়েছেন। তিনি নিজেই বলেছেন, 'আই হ্যাভ এ প্ল্যান।' এতে মানুষ অনুপ্রাণিত হয়েছে। তার ওপর ভরসা রেখেছে। তাই শেষ পর্যন্ত একটি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে জয়লাভের মধ্য দিয়ে বিএনপিকে সরকার গঠনের দ্বারপ্রান্তে নিয়ে আসতে পেরেছেন তিনি। বিএনপির সরকার ও মন্ত্রিসভা গঠন এখন সময়ের ব্যাপার মাত্র।

কিন্তু এই সরকারে কারা অন্তর্ভুক্ত হবেন তা নিয়ে আলোচনা শুরু হয়েছে। বিশেষ করে, মন্ত্রিসভায় কারা স্থান পাবেন-এ নিয়ে জনমনে কৌতূহলের শেষ নেই। অনেকেই বলছেন, ক্লিন বা স্বচ্ছ ইমেজের নেতাদের মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা এখন সময়ের দাবি। কারণ গণ-অভ্যুত্থানের পর দেশে নতুন এক পরিস্থিতি সৃষ্টি হয়েছে। জনমনে তৈরি হয়েছে নতুন আকাঙ্ক্ষা। দেশের তরুণসমাজ তীক্ষ্ণ দৃষ্টিতে পরিস্থিতি পর্যবেক্ষণে রেখেছে। তারা সমাজে এক ধরনের পরিবর্তন চাইছে। বলা হচ্ছে, স্বাধীনতার পরে গত ৫৪ বছরে সরকারগুলো যা যা করেছে, তা করে এখন আর পার পাওয়া যাবে না। উন্নত যোগাযোগ ব্যবস্থা, তথ্য-প্রযুক্তির উন্নয়ন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের কারণে এখন আর কোনো কিছুই গোপন করা সম্ভব নয়। গণমাধ্যমের টুঁটি চেপে ধরে শেখ হাসিনা সরকার দেশি গণমাধ্যমে তার সরকারের দুর্নীতির চিত্র চাপা দিয়ে রাখতে পারলেও শেষ পর্যন্ত কোনো না কোনো মাধ্যমে মানুষ সেগুলো জেনেছে। তার সরকারের মন্ত্রী-এমপিদের বিদেশে টাকা পাচারের খবরও গোপন রাখা যায়নি। অনেকেই মনে করেন, শেখ হাসিনা সরকার ওইদিনই নৈতিকভাবে শেষ হয়ে গেছে, যেদিন তিনি বলেছেন, তার বাসায় কাজ করেছে সেই পিওনও নাকি চারশ' কোটি টাকার মালিক!

সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, তার সরকারের সাড়ে পনের বছরে একদিনের জন্যও নেতাকর্মী বা সরকার, কারও উদ্দেশে দুর্নীতি সম্পর্কে কঠোর কোনো বক্তব্য দেননি শেখ হাসিনা। গণমাধ্যমে ছিটেফোঁটা কোথাও ছাপা হলে বা কেউ বললে তিনি খালেদা জিয়া ও তারেক রহমানের বিরুদ্ধে একই 'মিথ্যা রেকর্ড' বারবার বাজিয়ে শুনিয়েছেন। এতে মানুষ বিরক্ত হয়েছে। রবীন্দ্রনাথের ভাষায়, 'তারা মেনে নিয়েছেন, কিন্তু মনে নেননি।' ফলে শেখ হাসিনার প্রথম মেয়াদের তুলনায় দ্বিতীয় মেয়াদ এবং দ্বিতীয় মেয়াদের তুলনায় তৃতীয় মেয়াদে দুর্নীতি উত্তরোত্তর বেড়েছে। এক পর্যায়ে নেতাকর্মীরা এ বিষয়গুলোকে আর তোয়াক্কাই করেনি। সমাজের সর্বস্তরে হাসিনা সরকারের দুর্নীতি নিয়ে আলোচনা থাকলেও প্রকাশ্যে কারও কিছু বলার সাহস হয়নি।

ব্রিটিশ লেখক জর্জ অরওয়েল একবার মন্তব্য করেছিলেন, রাজনীতিকদের ভাষা আমাদের নিত্যদিনের ভাষা থেকে ভিন্ন। তাদের কাজই হলো মিথ্যাকে সত্য বানানো। দরকার হলে দিনে-দুপুরে খুনকেও 'সমন্বয়জনক' কাজ বলে প্রমাণ করে ছাড়া। এমনকি একদম শুদ্ধ বাতাসকেও তারা ভারী ওজনের জিনিস বানাতে পারেন। অরওয়েলের এই মন্তব্য অনেকটাই মিলে যায় গণ-অভ্যুত্থানের পতন হওয়া শেখ হাসিনা সরকারের সঙ্গে। তিনি উন্নয়নের বয়ানের নিচে সবকিছুকে চাপা দিয়ে রাখতে চেয়েছেন। অথচ সরকার পতনের পরে সবকিছু জনমনে স্পষ্ট হয়েছে। এতে দলটি আপাতত রাজনীতিতে প্রাসঙ্গিকতা হারিয়েছে বলে মনে করা হচ্ছে।

তবে আশার কথা, নির্বাচনি ইশতেহারে এবার দুর্নীতি দমনকে অগ্রাধিকারের তালিকায় প্রথমে রেখেছেন তারেক রহমান। তিনি বলেছেন, দুর্নীতির সঙ্গে বিএনপি কোনো আপস করবে না। সমাজের সর্বস্তরে দুষ্টক্ষতের মতো ছড়িয়ে পড়া দুর্নীতির লাগাম টেনে ধরার জন্য পদ্ধতিগত ও আইনের সংস্কারের পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার কথাও বলেছেন তিনি। অতীত থেকে শিক্ষা নিয়ে তিনি দেশ পরিচালনার কথাও বলেছেন। সুপ্রিমকোর্টের সিনিয়র আইনজীবী ড. শাহদীন মালিক এক নিবন্ধে বলেছেন, দেশে সততা, জবাবদিহিতা ও দক্ষতা সবই এখন প্রায় বিলুপ্ত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক ও সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেছেন, সরকারের অর্থনৈতিক কর্মপরিকল্পনার সঙ্গে শিক্ষার সংযোগ বাড়াতে না পারলে বেকারত্ব আরও ভয়াবহ রূপ নেবে। সরকারের নীতিনির্ধারকদের বিষয়টি গুরুত্ব দেওয়ার আহবান জানান তিনি।

বিএনপির শুভাকাঙ্ক্ষীদের প্রত্যাশা, এবার দক্ষতা ও সততার সমন্বয়ে বিএনপি চেয়ারম্যান মন্ত্রিসভা গঠন করার উদ্যোগ নেবেন। মাও সেতুং বলেছেন, দক্ষতাহীন সততা মূল্যহীন, আবার সততাহীন দক্ষতা বিপজ্জনক। ইতোমধ্যে এক গবেষণায় দেখা গেছে, বিএনপির প্রার্থী তালিকার শতকরা ৮৫ ভাগ উচ্চ শিক্ষিত। নির্বাচনে জয়লাভ করা এমপিদের মধ্যে শিক্ষিত, তরুণ ও প্রতিশ্রুতিশীল অনেক নেতা রয়েছেন। এদের দল ও দেশের প্রতি কমিটমেন্ট রয়েছে। মন্ত্রিসভায় নেওয়া হলে তারা ভালো করবেন বলে আলোচনা আছে। এছাড়া লন্ডন থেকে তারেক রহমানের সঙ্গে ঢাকায় ফিরে যেসব নেতা ও কর্মকর্তা বিভিন্ন দায়িত্ব পালন করছেন তারাও সবাই উচ্চ শিক্ষিত। একই মানের নেতা ও কর্মকর্তা ঢাকায়ও আছেন; যারা গত ১৭ বছর ধরে নানা আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে টিকে ছিলেন। পাশাপাশি বিএনপির আগের সরকারের মন্ত্রিসভায়ও অনেক ক্লিন ইমেজের নেতা রয়েছেন। পর্যবেক্ষকরা বলছেন, এই উভয় অংশের মধ্য থেকে সমন্বয় করে মন্ত্রিসভা গঠন করা হলে বিএনপির আগামী দিনের রাজনীতিতে টিকে থাকার শক্ত ভিত তৈরি হবে। আইরিশ-ব্রিটিশ দার্শনিক ও রাজনীতিবিদ এডমন্ড বার্ক বলেছেন, দলের সততাই দলের উৎকর্ষতা বৃদ্ধি করে। শেখ হাসিনা সাড়ে পনেরো বছরে শুধু শাসনক্ষমতা টিকিয়ে রাখার জন্য যত ধরনের পদক্ষেপ নেওয়া প্রয়োজন সেগুলোই নিয়েছেন। কোনো আদর্শের ধার তিনি ধারেননি। তবে বর্ণবাদবিরোধী ও নাগরিক অধিকার আন্দোলনের নন্দিত মার্কিন নেতা মার্টিন লুথার কিং জুনিয়র বলেছেন, সত্যিকার নেতা আদর্শ খোঁজে না, সে আদর্শের জন্ম দেয়। তারেক রহমানকে এবার সেই আদর্শের পথিকৃৎ হবেন এমনটিই প্রত্যাশা সবার।

মিনেসোটায় শেষ হলো অভিবাসী দমনাভিযান

প্রথম পৃষ্ঠার পর ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন।

বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে ট্রাম্পের 'সীমান্ত সম্রাট' টম হোম্যান জানান, প্রেসিডেন্ট তাঁর এই অভিযান শেষ করার অনুরোধ অনুমোদন করেছেন।

গত দুই মাস ধরে 'অপারেশন মেট্রো সার্জ' নামের এই অভিযানে চার হাজারের বেশি অনিবন্ধিত অভিবাসী গ্রেপ্তার হয়েছেন। তবে অভিযান চলাকালে অভিবাসন কর্মকর্তাদের গুলিতে রেনি গুড এবং অ্যালেক্স প্রেত্তি নামে দুই মার্কিন নাগরিক নিহত হওয়ার পর সহিংস বিক্ষোভ শুরু হয়।

টম হোম্যান এই অভিযানকে 'বিরাট সাফল্য' হিসেবে বর্ণনা করে বলেন, এর ফলে মিনেসোটা আগের চেয়ে বেশি নিরাপদ হয়েছে। রাজ্যটি থেকে আইসিই এজেন্টদের প্রত্যাহার কর্মসূচি তদারকের জন্য হোম্যান আরও কিছু সময় সেখানে থাকবেন। সিএনএন।

নির্বাসন থেকে প্রধানমন্ত্রী

জয়ী হলেও জুলাই আন্দোলনের রাজপথের সারথীরাই বসছে বিরোধী দলে। এরপর আলোচনায় আছে একগুচ্ছ সংস্কার কর্মসূচি। উচ্চকক্ষ আর নিম্নকক্ষ। এর বাইরে দেশের আইনশৃঙ্খলা, অর্থনীতি, দুর্নীতি, সুশাসন প্রতিষ্ঠার বাইরে নানান বৈশ্বিক চ্যালেঞ্জ তো রয়েছেই।

ইতিমধ্যেই সরকার গঠন নিয়ে আলোচনা শুরু হয়েছে। ছোট আকারের একটি মন্ত্রিসভা দিয়েই তারেক রহমান শুরু করতে চান নতুন বাংলাদেশের সূচনা। এর মধ্যদিয়ে তিনি বেশ কিছু রেকর্ডও গড়েছেন। পিতা ছিলেন প্রয়াত শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, মা বেগম খালেদা জিয়া তিনবারের প্রধানমন্ত্রী। একটি রাজনৈতিক পরিবারের উত্তরাধিকার হলেও রাজনীতির পিচ্ছিল ও বন্ধুর পথ পাড়ি দিয়ে একজন পরিণত তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে নেতৃত্ব দেবেন বাংলাদেশের।

মাত্র দেড় মাসের আগের ঘটনা। ২৫শে ডিসেম্বর। সতেরো বছরের নির্বাসন শেষে বিমানবন্দরে নেমেই ছুঁয়েছিলেন মাটি। পূর্বাচলে লাখ লাখ জনতার ক্যানভাসে নিজের স্বপ্ন। মার্টিন লুথার কিংয়ের সেই 'আই হ্যাভ অ্যা ড্রিমের' কথা মনে করিয়ে দিয়ে তিনি বলেছেন, 'আই হ্যাভ অ্যা প্ল্যান'। বাংলার মানুষ তারেক রহমানের হাতে দেশ পরিচালনার স্টিয়ারিং তুলে দিয়েছেন। প্রত্যাশা তিনি সেই জন-আকাঙ্ক্ষার প্রতিদান দেবেন দেশ গড়ার মধ্যদিয়ে।

ফুটবলের মাঠে যিনি দেড় মাস আগেও ছিলেন ডি- বক্সে। কিন্তু বল পায়ে নিয়ে ক্ষিপ্র গতিতে দৌড়েছেন। সবাইকে অবাক করে দিয়ে করেছেন বাজিমাত। আদায় করেছেন চোখ ধাঁধানো গোল।

নির্বাসন থেকে ক্ষমতার কেন্দ্রে

২০০৭ সালের ১১ই সেপ্টেম্বর। মামলার ভারে অথৈ অবস্থা হয়েছিল হাসিনার জমানায়। দেশে ফিরলেই শাস্তির মুখোমুখি হতে হতো, এমন অসংখ্য পরোয়ানা লেখাই ছিল। তবু তিনি দমেননি। সতেরো বছর ভার্চুয়ালি বক্তৃতা করেছেন, দলকে দুর্যোগ ও দুর্বিপাক থেকে বাঁচাতে নীতি ও কৌশল নিয়ে মাঠ তাতিয়েছেন। নিজেকে কেবলই ভাঙা-গড়ায় শানিত করেছেন। রাজনীতির স্কুলিং নিয়ে বিএনপি'র তৃণমূল থেকে নানা স্তরে নিবিড় যোগাযোগ রেখেছেন। রাজনীতিতে শেষ বলে কথা নেই- এই আপ্ত বাক্যের নজির গড়েছেন।

২০০৭ থেকে ২০২৫ সাল। লম্বা নির্বাসনে যাওয়ার আগে তারেক রহমান দলের তৃণমূল চষে বেড়িয়েছেন। মাঠের নেতাকর্মীদের সঙ্গে সরাসরি সম্পর্ক স্থাপন করে তিনি বার্তা দিয়েছিলেন বিএনপি'র উদীয়মান নেতা হিসেবেও। এ সময় তরুণদের মাঝেও ব্যাপক জনপ্রিয়তা পান। বেশ কিছু ইস্যুতে বিতর্কিতও হয়েছিলেন। নিজেকে আমূল বদলেছেন লম্বা সময়ে প্রবাসে থাকার সময়ই।

১/১১ পরবর্তীতে রাজনীতির মাঠে জল গড়ায় অনেকদূর। সেনাসমর্থিত সরকারের সময় বিরাজনীতিকরণ নিয়েও তুমুল বিতর্ক চলে। দু'বছরের মধ্যেই ফের খোলনলচে বদলে যায়। মইন-ফখরুদ্দীনের বিদায়ে শেখ হাসিনা মসনদে বসেন। এরপর একের পর এক বিতর্কিত ভোটারবিহীন নির্বাচনে গণতন্ত্র ব্রাকেট বন্দি হয়ে পড়ে। বিনা ভোট, রাতের ভোট, ডামি ভোট বিতর্ক উত্তাপ ছড়াতে থাকে।

প্রেক্ষাপট বদলায়। ২০২৪ সাল নিয়ে আসে এক অভূত পরিবর্তন। শিক্ষার্থীদের কোটা আন্দোলন দিয়ে শুরু হলেও তা শেষ পর্যন্ত হাসিনার পতন আন্দোলনে রূপ নেয়। জুলাইতে গণ-আন্দোলনের ঢেউ ভাসিয়ে নেয় হাসিনাসহ আওয়ামী লীগ নেতৃত্বকে। ৫ই আগস্টের পরিবর্তনে সূচিত হয় নতুন আকাঙ্ক্ষা। অন্তর্বর্তী সরকারের দায়িত্বে আসেন প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস।

টানা সতেরো বছর লন্ডনে নির্বাসনে থেকেও রাজনীতির টালমাটাল ঘটনাপ্রবাহে তারেক রহমান ছিলেন বিএনপি'র প্রকাশ্য এবং অপ্রকাশ্য কারিগর। এ সময়কালে বেগম খালেদা জিয়ার বন্দি থাকা এবং তীব্র শারীরিক অবস্থার অবনতি, ছোট ভাই আরাফাত রহমান কোকোর মৃত্যু, তীব্র মানসিক চাপেও দলের ভেতরে বাইরে নানামুখী তৎপরতা সামলান দক্ষভাবে। দলের সংস্কার কর্মসূচি নিয়ে সরব ছিলেন। সঙ্গত কারণেই চব্বিশের ৫ই আগস্টের পর তার দেশে ফেরা নিয়ে চাপ বাড়ে। দলের নেতাকর্মীদের অপেক্ষার প্রহর বাড়তে থাকে। প্রত্যাশা তৈরি হয় আকাশচুম্বী।

সংবাদমাধ্যম নয়-বিশ্বের প্রধান প্রধান দৈনিকগুলোতেও এদিন জায়গা করে নেয় বিএনপির ভূমিধস জয় ও জাতির কর্ণধার হিসাবে তারেক রহমানের ঐতিহাসিক প্রত্যাবর্তন। বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যম তারেক রহমানে এমন বিজয় ও প্রধামন্ত্রী হওয়ার বিষয় নিয়ে গুরুত্ব সহকারে প্রতিবেদন প্রকাশ করে।

নিউইয়র্ক টাইমস লিখেছে, নির্বাসন থেকে ফিরে ক্ষমতায়, বাংলাদেশে নতুন এক নেতার উত্থান। গার্ডিয়ান লিখেছে, হাসিনাকে উৎখাতের পর প্রথম ঐতিহাসিক নির্বাচনে বিএনপির জয়। ভোট ছিল ব্যাপকভাবে শান্তিপূর্ণ। অনেক বছরের রাজনৈতিক উত্তাল পরিস্থিতির পর এই নির্বাচনকে দেখা হয়েছে বাংলাদেশের গণতন্ত্রের জন্য পরীক্ষা হিসেবে। সিএনএন লিখেছে, জেন-জির অভ্যুত্থানের পর প্রথম নির্বাচনে বিএনপি বড় জয় পেয়েছে। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছেলে তারেক রহমান হচ্ছেন প্রধানমন্ত্রী। মাল্লয় মেইল লিখেছে, বাংলাদেশে গণঅভ্যুত্থান পরবর্তী নির্বাচনে ভূমিধস জয় পেয়েছে বাংলাদেশ।

টাইমস অব ইন্ডিয়া : নির্বাচনের পরদিন বিএনপি ও তারেক রহমানকে ঘিরে একাধিক প্রতিবেদন করেছে টাইমস অব ইন্ডিয়া। কোনোটার শিরোনাম ছিল, 'বিএনপির বিজয় ভারতের জন্য কি অর্থ বহন করে', 'বাংলাদেশে ক্ষমতায় বিএনপি ঝড় তুলেছে: প্রধানমন্ত্রী হচ্ছেন তারেক রহমান; হাসিনার প্রতিদ্বন্দ্বীকে ভারতের অভিনন্দন'। পৃথক আরেক প্রতিবেদনে বলা হয়েছে-বাংলাদেশের নির্বাচনে পর্যবেক্ষক পাঠায়নি ভারত। ঢাকায় ভোটগ্রহণ চলাকালীন ভারতের মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স (এমইএ) বৃহস্পতিবার বিষয়টি নিশ্চিত করেছে ।

ভারতের মুখপাত্র রনধীর জয়সওয়ালা বলেন, 'আমরা ফলাফলের দিকে অপেক্ষা করব, তারপর দেখব কী ধরনের ম্যান্ডেট এসেছে এবং সেই অনুযায়ী বিষয়গুলো দেখব। নির্বাচনের ব্যাপারে আমাদের অবস্থান সুস্পষ্ট : আমরা বাংলাদেশে স্বাধীন, ন্যায়সঙ্গত, অন্তর্ভুক্তিমূলক ও বিশ্বাসযোগ্য নির্বাচনের পক্ষে।'

তিনি আরও বলেন, 'আমরা ভোট পর্যবেক্ষক পাঠানোর আমন্ত্রণ পেয়েছি, কিন্তু আমরা বাংলাদেশের জন্য কোনো পর্যবেক্ষক পাঠাইনি।'

বিবিসি : নির্বাচনের দিন (বৃহস্পতিবার) সকাল থেকেই ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি সরাসরি (লাইভ) ভোটের খবর প্রকাশ করেছে। ভোটের নানা খবর ও ফলাফল প্রকাশের পাশাপাশি বিভিন্ন দলের নেতাদের প্রতিক্রিয়া জানাচ্ছে। শুক্রবার তাদের একটি খবরের শিরোনাম করেছে, '১৭ বছর নির্বাসনে থাকা এক ব্যক্তির নাটকীয় উত্তরণ'।

টাইম ম্যাগাজিন : নির্বাচনে বিএনপির জয়ের পাশাপাশি দক্ষিণ এশিয়া ও বিশ্বের জন্য কেন তারেক রহমান গুরুত্বপূর্ণ সেই বিশ্লেষণ উঠে এসেছে টাইম ম্যাগাজিনে। শিরোনাম ছিল-'বাংলাদেশের নতুন নেতা তারেক রহমানের উত্থান দক্ষিণ এশিয়া এবং বিশ্বের জন্য কী বার্তা?' প্রতিবেদনে বলা হয়-২০০৮ সালে দুর্নীতির অভিযোগ ও রাজনৈতিক হয়রানির কারণে তারেক রহমান বাংলাদেশ ছেড়ে যান। প্রস্থানের আগে তিনি বিমানবন্দরে হাতে লেখা পদত্যাগপত্র জমা দেন। পাশাপাশি সক্রিয় রাজনীতি থেকে নিজেকে প্রত্যাহারের ঘোষণা করেন। জানুয়ারিতে তারেক রহমানের সঙ্গে কথা বলেছিল যুক্তরাষ্ট্রের প্রভাবশালী সাময়িকী টাইম। সে সময় তিনি দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম অর্থনীতিকে নতুন করে গড়ে তোলা এবং সমাজে সৃষ্টি হওয়া বিভাজন দূর করার পরিকল্পনা তুলে ধরেছিলেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে তারেক রহমান আঞ্চলিক কূটনীতি ও অর্থনৈতিক সংযোগে প্রভাব রাখতে পারবেন। এছাড়াও বঙ্গোপসাগরীয় নীতি ও সীমান্ত সম্পর্কের ক্ষেত্রে তার নেতৃত্বে নতুন সমঝোতা বা কৌশল আসতে পারে। ব্যবসায়িক পটভূমি থাকা তারেক রহমান আন্তর্জাতিক বিনিয়োগ, বাণিজ্য ও রপ্তানি বৃদ্ধিতে অবদান রাখতে পারেন।

দ্য গার্ডিয়ান : যুক্তরাজ্যের সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ানের খবরের শিরোনাম-'হাসিনার উৎখাতের পর ঐতিহাসিক প্রথম নির্বাচনে বিএনপির জয় দাবি।' এ নির্বাচনে ভোটগ্রহণের শুরুতে তারেক রহমান দেশকে 'নতুন পথে' নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেন। পাশাপাশি স্বচ্ছ রাজনীতিরও আশ্বাস দেন তারেক রহমান। নির্বাচনের আগে দ্য গার্ডিয়ানের এক সাক্ষাৎকারে তিনি বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ক্ষমতায় এলে দুর্নীতি দূর করার জন্য 'শূন্য সহনশীলতা' নীতি গ্রহণ করা হবে।

রয়টার্স : বার্তা সংস্থা রয়টার্স বাংলাদেশে ভোটের ফলাফল নিয়ে খবরের শিরোনাম করেছে, 'বিএনপির বিজয় ঘোষণা, তারেক রহমান পরবর্তী প্রধানমন্ত্রী'। শুক্রবার সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষণার পর দেখা গেছে বিএনপি প্রায় দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। নিরঙ্কুশ জয়ে রাতভর বিএনপির প্রধান কার্যালয়ে সমর্থকরা স্লোগান দিতে থাকেন। বিজয়ের আকার স্পষ্ট হওয়ায় উচ্ছ্বাস প্রকাশ করেন। এ বছর ভোটগ্রহণে ২০২৪ সালের নির্বাচনের ৪২ শতাংশের তুলনায় প্রায় ৬০ শতাংশ ভোটার অংশগ্রহণ করেছেন।

ডন : 'বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভূমিধস জয়ে নতুন এক বাংলাদেশের স্বপ্ন দেখছে দেশটির জনগণ।' এমনটাই উঠে এসেছে ডনের শিরোনামে। এ নির্বাচনের মধ্য দিয়ে দক্ষিণ এশিয়ায় রাজনৈতিক স্থিতিশীলতা ফিরে আসবে বলে আশা করা হচ্ছে। ভোট গণনার পর জনগণকে ধন্যবাদ জানিয়ে দেশের কল্যাণে শুক্রবার বিশেষ প্রার্থনার আহ্বান জানায় বিএনপি। দলটি বলেছে, 'বড় ব্যবধানে জয় সত্ত্বেও কোনো বিজয় মিছিল বা র‍্যালি করা হবে না।' দেশজুড়ে মসজিদ, মন্দির, গির্জা ও প্যাগোডায় প্রার্থনার আহ্বান জানানো হয়েছে।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine



সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেস্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

প্রত্যাশার পেশাদার প্রশাসন কতদূর

২-এর পৃষ্ঠায় পর

আবার কারও কারও আচরণ ছিল একেবারে দলীয় নেতাকর্মীর মতো।

এখানে দুটি উদাহরণ দিলে বিষয়টি স্পষ্ট হবে। চব্বিশের গণ-অভ্যুত্থানের পর ৬ আগস্ট সকালে সচিবালয়ে একশ্রেণির কর্মকর্তা-কর্মচারী ছিলেন নিজ নিজ দপ্তরে ভীতসন্ত্রস্ত, আরেক গ্রুপ অফিস ফেলে দিনভর ব্যস্ত ছিল জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিলে। সোজা ভাষায় বললে 'মব' সৃষ্টিতে।

এদিকে গণ-অভ্যুত্থানের ১৮ মাস পর বিএনপির চেয়ারম্যান তারেক রহমান প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার ৪৮ ঘণ্টা আগে রোববারও সচিবালয়ের দৃশ্য ছিল অনেকটা ওই রকম। চিহ্নিত আওয়ামীপন্থি এবং মধ্যম সারির পেশাদার আমলারা ছিলেন নিজ নিজ কর্মস্থলে, বিপরীতে বিএনপিপন্থি দাবিদার কর্মকর্তা-কর্মচারীদের অনেকে দপ্তর ফেলে সারা দিন ছিলেন বাইরে। কেউ কেউ দল বেঁধে মহড়া দেন জনপ্রশাসন মন্ত্রণালয়ে। এর মধ্যে দলবাজিতে পারদর্শী অতিউৎসাহী কর্মকর্তা-কর্মচারীদের একটি গ্রুপ খুবই ব্যস্ত ছিল বুধবার কীভাবে নবাগত মন্ত্রী-প্রতিমন্ত্রীদের কতটা রাজসিকভাবে অভ্যর্থনা জানানো যায়, তার আয়োজন নিয়ে। আবার এর বাইরে একশ্রেণির সুবিধাবাদী আমলারা পরিবার ও বংশের মধ্যে বিএনপি কানেকশন খুঁজে বের করতে মরিয়া। যদি পাওয়া যায় পুরোনো কোনো ছবি, কিংবা নিদেনপক্ষে শ্বশুরবাড়ির আত্মীয় হলেও চলবে। অর্থাৎ রাতারাতি সবাই এখন বিএনপি!! এই হলো প্রশাসনের কেন্দ্রবিন্দু সচিবালয়ের বাস্তব অবস্থা।

এর মধ্যে পর্দার আড়ালে প্রশাসনের আরেকটি চিত্র হলো-বিএনপিপন্থি হিসাবে পরিচিত আমলাদের মধ্যে যারা নির্বাচনের আগেও ঐক্যবদ্ধ ছিলেন, তারা এখন রাতারাতি কয়েক গ্রুপে বিভক্ত হয়ে পড়েছেন। কারণ কী? উত্তরটা খুবই সহজ। প্রধানমন্ত্রীর কার্যালয়ে রেড জোনে কারা যাবেন। প্রধানমন্ত্রীর কার্যালয়সহ প্রশাসনের অতিগুরুত্বপূর্ণ কি-পয়েন্টগুলোয় কারা নিয়োগ পাবেন। বাস্তবতা হলো-এসব 'হাইপাওয়ার' পদের সংখ্যা সীমিত, কিন্তু প্রত্যাশী কর্মকর্তার সংখ্যা অনেক। আবার মন্ত্রিপরিষদ সচিব কে হবেন, জনপ্রশাসনে কাকে বসানো যায়। স্বরাষ্ট্র, অর্থ, স্থানীয় সরকার, সড়ক বিভাগ, স্বাস্থ্য, গণপূর্ত, ভূমি, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের মতো গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়-বিভাগে কারা সচিব হবেন-তা নিয়েও ভেতরে ভেতরে আগাম দেনদরবারও কম হচ্ছে না। এক গ্রুপ বলছে, মন্ত্রিপরিষদ সচিব পদে চুক্তিভিত্তিক নিয়োগ দিতে হলে ৮৪ ব্যাচ থেকেই করতে হবে। কারণ, অন্তর্বর্তী সরকারের সময় ১৯৮২ ব্যাচ এককভাবে আধিপত্য বিস্তার করেছে। ফলে তাদের আর কোনো জায়গা হবে না। আবার মন্ত্রিপরিষদ সচিবের জন্য দলের একটি গুরুত্বপূর্ণ জায়গা থেকে ৮৫ ব্যাচকে বেছে নেওয়া হচ্ছে-শনিবার রাতে এমন গুঞ্জন ছড়িয়ে পড়লে পরিস্থিতি ভিন্নদিকে মোড় নেয়। রেগুলার ব্যাচের কর্মরতরা জোরালোভাবে বাদ সাধেন। তাদের সাফ কথা-প্রশাসনে আর কোনো চুক্তিভিত্তিক নিয়োগ চলবে না। এই রাহুগ্রাস থেকে প্রশাসনকে মুক্ত করতেই হবে।

এদিকে মন্ত্রী-প্রতিমন্ত্রীদের পিএস (একান্ত সচিব) হওয়ার জন্য দৌড়ঝাঁপও কম হচ্ছে না। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া সম্ভাব্য মন্ত্রিসভার সদস্যদের একটি তালিকা দেখে একশ্রেণির সুবিধাবাদী আমলাদের যেন ঘুম নেই। অনেকে ওইসব সংসদ-সদস্যের সঙ্গে দেখা করার জন্য তাদের বাসাবাড়িতেও ছুটছেন। যদিও নতুন মন্ত্রিসভার সদস্যদের কারা পিএস হবেন, এ বিষয়ে অনেক যাচাই-বাছাই করে একটি তালিকা আরও এক মাস আগে প্রস্তুত করে রাখা হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত ওই তালিকা ঠিক থাকবে কি না, সেটি এখন দেখার বিষয়।

নতুন সরকার দায়িত্ব নেওয়ার প্রাক্কালে প্রশাসনের এই যখন অবস্থা, তখন বিষয়টিকে কীভাবে দেখছে বিসিএস প্রশাসন ক্যাডার অ্যাসোসিয়েশন। রোববার সন্ধ্যায় অ্যাসোসিয়েশনের মহাসচিব ও পরিকল্পনা কমিশনের অতিরিক্ত সচিব মো. বাবুল মিঞার কাছে প্রশ্ন ছিল-প্রত্যাশার পেশাদার প্রশাসন কীভাবে হবে, কবে নাগাদ হতে পারে...। তিনি অবশ্য উত্তর দিলেন নাতিদীর্ঘ। যার সারমর্ম হলো-এবার তারা সত্যিই জাগবেন, জাগার মতো। নতুন সরকারের যিনি প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন, তিনিও এ ব্যাপারে সম্মতি দিয়েছেন। ওনার সংবাদ সম্মেলনে বিষয়টি আরও স্পষ্ট হয়েছে। ফলে পেশাদার প্রশাসন গড়ে তুলতে আর কোনো সমস্যা হবে না। তিনি জানান, আমরা নতুন কমিটি দায়িত্ব নিয়েছি মাত্র ১৫-১৬ দিন। এর মধ্যে দুই দফা মিটিংও করেছি। শনিবার ছিল দ্বিতীয় মিটিং। সেখানে এ বিষয়ে বিশদ আলোচনা শেষে গুরুত্বপূর্ণ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তিনি বলেন, সিদ্ধান্ত মোতাবেক প্রথম, প্রশাসনে আর কোনো চুক্তিভিত্তিক নিয়োগ থাকবে না। দ্বিতীয়ত, যারা বিগত ১৭ বছরে, এমনকি অন্তর্বর্তী সরকারের সময়েও প্রশাসনকে নানাভাবে দলীয়করণ ও স্বজনপ্রীতির মাধ্যমে সৎ, যোগ্য ও মেধাবীদের বঞ্চিত করেছেন, তাদের চিহ্নিত করা এবং চিরতরে প্রশাসনে দলবাজির পথ বন্ধ করে দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া। এজন্য তৃতীয়ত, একটি মেধাভিত্তিক প্রশাসন গড়ে তুলে নতুন সরকারকে পেশাদারির সঙ্গে সহযোগিতা করার উদ্যোগ নেওয়া। এ উদ্দেশ্যে নিয়োগ, বদলি, পদায়ন ও পদোন্নতির বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিমূলক ক্যারিয়ার প্ল্যানিং নীতিমালা প্রণয়ন করা হবে। তিনি জানান, এজন্য অ্যাসোসিয়েশনের সভা থেকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়াকে প্রধান করে ১১ সদস্যের একটি স্টাডি গ্রুপ কমিটি করে দেওয়া হয়েছে।

বিষয়টি নিয়ে গোলাম সরওয়ার ভূঁইয়ার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, 'ইতোমধ্যে প্রাথমিক কাজ শুরু করেছি। পেশাদার প্রশাসন গড়ার জন্য ক্যারিয়ার প্ল্যানিংয়ের প্রথম ধাপের রিপোর্ট এক মাসের মধ্যে দিতে পারব বলে আশা করছি।'

শেষ কথা, দুই যুগের বেশি সময় সচিবালয় প্রশাসনে এরকম নানা উদ্যোগ সময়ে সময়ে নেওয়া হয়েছে। বিশেষ করে যখনই নতুন কোনো সরকার দায়িত্ব নেয়, তখন প্রতিশ্রুতি আর পরিকল্পনার ছড়াছড়ি অবস্থা দেখা যায়। চারদলীয় জোট সরকারের সময় ২০০৪ সালে সাবেক মন্ত্রিপরিষদ সচিব ড. সাদত হুসাইনও আমলাদের ক্যারিয়ার প্ল্যানিং নিয়ে জোরালো উদ্যোগ নিয়েছিলেন। এমনকি এ উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ক্যারিয়ার প্ল্যানিং অ্যান্ড ট্রেনিং (সিপিটি) উইং খোলা হয়। কিন্তু শেষ পর্যন্ত এর বাস্তবায়ন রূপরেখা আর আলোর মুখ দেখেনি।

তবে এবার আমরা আর হতাশ হতে চাই না। সত্যিই দৃঢ়ভাবে আশায় বুক বাঁধতে চায় এই ভেবে যে, বিএনপির চেয়ারম্যান তারেক রহমান প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেওয়ার পর শুধু প্রশাসন নয়, সর্বত্র নতুন বাংলাদেশ গড়ার পদধ্বনি শুনতে পাব। কারণ, সবার আগে বাংলাদেশ ও দেশপ্রেম। কাউকে না কাউকে অতীতের সব গ্লানি মুছে প্রতিশোধ-প্রতিহিংসা থেকে সরে এসে নতুন দিনের জন্য ভালো কাজ শুরু করতেই হবে।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পুণঃ মূল্যা/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ফ্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।

দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য

আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেতনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন নতুন ব্যবসা শুরুসহ বিনিয়োগ ভাতায় Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

আমেরিকায় ১ মিলিয়ন বা তদুর্ধ্ব ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততির গ্রীন কার্ড পেতে পারেন।

ইবেসহ এসেসে আপনার বিনিয়োগের অর্থ আমাদের তত্ত্বাবধানে সহজে পাচার করতে পারেন।

দেশে কোন জোপার্জিত সম্পত্তি/পরিবারের জন্য আপনি ও আপনার পরিবারে ব্যবহারে সুবিধা নিয়ে পড়েন এবং দুই/তিন পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপ্লাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এন্ড সিভিল লিটিগেশন, পারিবারিক, ব্যবসা, ট্রাফিক, প্রপার্টি, ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রোসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

বিএনপি'র নিরঙ্কুস জয়ে যুক্তরাষ্ট্র বিএনপি'র নেতা- কর্মীদের আনন্দ মিছিল

শেষ পৃষ্ঠায় পর

ও বিজয় মিছিল করেছে। স্থানীয় সময় বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারী) সন্ধ্যায় জ্যাকসন হাইটসে দলের সর্বস্তরের নেতা-কর্মীরা আনন্দ মিছিল সমাবেশ করেন। এসময় তারা তারেক রহমানকে আগামী দিনের প্রধানমন্ত্রী হিসেবে উল্লেখ করে তাকে অভিনন্দন জানান এবং বিভিন্ন শ্লোগান দেন। খবর ইউএনএ'র।

বিএনপি'র আনন্দ মিছিলটি জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজা থেকে শুরু হয়ে ৭৪ স্ট্রীট হয়ে ৩৭ এভিনিউ দিয়ে ৭৩ স্ট্রীট হয়ে নবান্ন রেষ্টুরেন্টের সামনে এসে সমাবেশে মিলিত হন। মিছিলে বিএনপি নেতা কাজী সাখাওয়াত হোসেন আযম, এবাদ চৌধুরী, গোলাম ফারুক শাহীন, যুবদল নেতা এম এ বাতেন, আতিকুল হক আহাদ, সারোয়ার খান বাবু, জীবন চৌধুরী, আমানত হোসেন আমান, গোলাম এন হায়দার মুকুট, মহিলাদল নেত্রী সৈয়দা মাহামুদা শিরিন, আনিসুর রহমান, হুমায়ূন কবীর, দেওয়ান কাউসার, রিয়াজ মাহমুদ, মাহমুদ হাসান, জিয়াউর রহমান মিলন, শাহজাহান সিরাজ, মাজহারুল ইসলাম জনি, শওকত আলী, নূরে আলম, ফয়সাল আহমেদ সহ প্রায় অর্ধ শত নেতা-কর্মী অংশ নেন। তারা প্রচন্ড ঠান্ডা আর জমে থাকা তুষারপাত উপেক্ষা করে মিছিলে অংশ নেন। মিছিলকারীরা 'এই মুহূর্তে খবর এলো, তারেক রহমান প্রধানমন্ত্রী হলো', 'জিতিলো রে জিতিলো, বিএনপি জিতিলো', 'বিএনপি'র আলো ঘরে ঘরে জালো' প্রভৃতি শ্লোগান দেয়।

আনন্দ ও বিজয় মিছিল শেষে দলীয় নেতা-কর্মীরা নবান্ন পার্টি সেন্টারে এক সমাবেশে মিলিত হন। সমাবেশ থেকে কেন্দ্রীয় বিএনপির নির্দেশের আলোকে বিজয় সমাবেশ না করে শুক্রবার (১৩ ফেব্রুয়ারী) বাদ জুমা বিভিন্ন মসজিদে মসজিদে দোয়া মাহফিল করার কর্মসূচী ঘোষণা করা হয়।







PROFESSIONAL JOB TRAINING

Are you ready to build a high-demand career in international trade?

We can train you to become a qualified candidate for a white-collar job

Job description

- Customs Entry Writer
- Import Compliance Manager
- Accounting Jobs

Program Details

- Duration: 1-Year Online Course
- Total: 48 Classes (2 Hours Each)
- Format: Live Online Training

Eligibility Requirements:

- Minimum 4-year bachelor's degree (or currently completing one) from a U.S. college/university or overseas must be needed.
- Applicants must qualify before enrolling in this professional training program.
- Training fee for a one-year program: $7500.00

Please contact:
Swati: 281-701-7457, FIRST97DAYS LLC
25325 Borough Park Dr. Suite 238, The Woodlands TX 77380

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(ফোস অমিম ফি দেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
